জয়সেনবিশ্বাসঠাকুরকৃতা

কলিকাতাস্থ-সা[illegible]ণসভায়াঃ

সমুপদেশতঃ

কলিকাতা-হাইকোর্ট-ব্যবহারাজীব

শ্রীযতীন্দ্রমোহন গীতাচার্য্য স্মৃতিশাস্ত্রিণা

প্রকাশিতা।

মূল্য এক টাকা

১৩৪৩ শালাব্দ।

প্রকাশক—
শ্রীযতীন্দ্রমোহন গীতাচার্য্য স্মৃতিশাস্ত্রিণা
৯১ নং চৌরিঙ্গী রোড,
কলিকাতা।

Printed by—S. R. SEN
TRUTH PRESS
91, Chowringhee, Calcutta.
23-5-36

বিজ্ঞপ্তি।

স্বর্গগত পরমশ্রদ্ধাস্পদ স্বনামধন্য কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন কবিরত্ন মহাশয়ের কলিকাতাস্থ বারাণসী ঘোষ ষ্ট্রীট্ ভবনে আমরা বাগিয়াড়ানিবাসী জগচ্চন্দ্র সেন বিশ্বাস কৃত, একখানি তুলট কাগজের, ১৪৩৭ শকাব্দে লিখিত, জয়.।ন বিশ্বাস ঠাকুরের সদ্বৈদ্যকুলচন্দ্রিকার অনুলিপি দেখিতে পাই। সদ্বৈদ্যকুলচন্দ্রিকা মুদ্রিত করিয়া প্রকাশিত করিবার অভিপ্রায়ে ঐ অনুলিপিখানির একখানি অবিকল অনুলিপি আমরা প্রার্থনা করি, তাহার কারণ উক্ত অনুলিপিখানি প্রাচীন বাঙ্গালা অক্ষরে লিখিত বলিয়া আমাদের উহা অনেক স্থলে দুষ্পাঠ্য, দ্বিতীয়তঃ কবিরাজ মহাশয় উহা আমাদের হস্তে সমর্পণ করিতে স্বীকৃত হইতেন না, ইহা আমরা সহজেই বুঝিতে পারিলাম। তখন ২০৬নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্ শ্রীমাণীবাজারস্থ সুহৃদ্বর কবিরাজ বিজয়কৃষ্ণ রায় মহাশয় আমাদিগকে উহার অবিকল একখানি অনুলিপি করিয়া দিতে স্বীকৃত হন। কবিরাজ বিজয়কৃষ্ণ রায় কৃত অনুলিপিখানি, ১৩৩৮ শালের ১৩ই বৈশাখে, ৺রাজেন্দ্রনারায়ণ কবিরাজ মহোদয়ের পুত্র স্নেহাস্পদ শ্রীরমাপতি সেনের সাহায্যে মিলাইয়া কবিরাজ শ্রীরমাপতি সেন এবং কবিরাজ শ্রীবিজয়কৃষ্ণ রায় ২০৬ নং কর্ণওয়ালিস ষ্ট্রীটস্থ ঔষধালয়ে মুদ্রণার্থ আমাদের হস্তে অর্পণ করেন। আমরা এতদিন পরে ভগবৎকৃপায় ইহা মুদ্রিত করিয়া লোকলোচনের বিষয়ীভূত করিতে সমর্থ হইলাম।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকা রাঢ়ীয় বৈদ্যকুলগ্রন্থ হইলেও ইহাকে বঙ্গজ-বৈদ্যসমাজের ও কুলগ্রন্থ বলা যায়, যেহেতু বঙ্গজসমাজ তখন রাঢ়ীয় সমাজ হইতে নামে স্বতন্ত্র হইলেও প্রকৃতভাবে জয়সেনের সময়ে পর্য্যন্ত স্বতন্ত্র ছিল না। উভয় সমাজই একই বীজীগণ প্রসূত এবং তাঁহাদের বংশ ইহাতে সম্পূর্ণ ও সঠিকরূপে বর্ণিত আছে। ইতি,

প্রকাশক।

অশুদ্ধি সংশোধন।

ত্রাঙ্ক পংক্তি	অশুদ্ধ		শুদ্ধ
১—৪	অর্ণব—৬		অর্ণব—৭
২—৮	বীর্জ্জী	...	বীজী
৪—১২	জ্ঞেয়াশ্চ তাদৃশঃ	...	জ্ঞেয়া চ তাদৃশী
৫—১৪	শ্রেষ্ঠো	...	শ্রেষ্ঠঃ
১৬—১০	দশর্নান্	...	দশার্নান্
৩০—১১	সাম্প্রদায়ের	...	সম্প্রদায়ের
৩১—১৬	অগিবেশ্য	...	অগ্নিবেশ্য
৪৪—৪	বৈশ্যকুজল	...	বৈশ্যকুলজ
১১—১৯	জিতেন্দ্রিয়ত্ত্বং	...	জিতেন্দ্রিয়ত্বং
১৫—২	হানি জ্ঞেয়াশ্চ তাদৃশঃ		হানি জ্ঞেয়া চ তাদৃশী
১৫—১৬	বিপ্রা সারস্বতা	...	বিপ্রাঃ সারস্বতা
২৫—১৪	বৈদ্যৈ	...	বৈদ্যৈঃ
২৬—২১	কথা	...	কথং
২৯—৪	ধান্বন্তরাশ্চ	...	ধন্বন্তরৌ চ
৩১—২০	বিশ্রুতঃ	...	বিশ্রুতাঃ
৩১—২১	বহুবো	...	বহবো
৩৭—১৩	পরমেশ্বরগুপ্তজা	...	পরমেশ্বরগুপ্তজো
৩৭—১৮	ভীমপূরীয়ো	...	ভূমপূরীয়ো
৩৮—২	নির্ণয়ঃ কৃতাঃ	...	নির্ণয়ীকৃতাঃ

৪৪—৬	অভ্যথানমধর্ম্মস্ত	...	অভ্যুত্থানমধর্ম্মস্য
৪৪—১৫	ব্যবস্থাপি	...	ব্যবাস্থাপি
৫৪—১২	অভবন্ গুণগালিনঃ	...	সর্ব্বে গুণান্বিতা অমী
৫৫—১৪	পাক্ষান্তর	...	পক্ষান্তর
	সমুদ্ভবাঃ		সমুদ্ভবাঃ
৮১—৫	ডোমসেন প্রকরণম্	...	ডোমনসেন প্রকরণম্
৮২—২১	পুত্রাস্থা ন	...	পুত্রাদি ন
৮৩—৯	গোবিন্দপুত্রশ্রীনাথো	...	শ্রীনাথএর গোবিন্দাৎ
৮৩—৯	গোবিন্দদাশসুমুক্তঃ	...	গোবিন্দদাশসূনুক্তঃ
৮৭—৫	পক্ষান্তরোদ্ভবা	...	পূর্ব্বপক্ষোদ্ভবা
৯২—৯	বভুবু	...	বভূবুঃ
৯২—১৬	বলভদ্রসেনসুতয়োঃ	...	বলভদ্রসেনসুতয়োঃ
৯৩—১৫	পুত্রা বসনন্তসেনস্য	...	পুত্রাবনন্তসেনস্য
৯৫—২৩	জনন্য	...	তনয়া
১০০—১২	বিনসে সুতেন	...	বিনসেন সুতেন
১০৫—১০	বিজ্ঞয়া	...	বিজ্ঞেয়া
১০৬—৩	উৎসাহকরকৈশ্চতে	...	উৎসাহকরকৈশ্চেতে
১০৬—৬	নন্দানদাস্য গৌতমো	...	নন্দনাদাস্য গৌতমো
১০৮—১৬	সক্ষীধরশ্চ	...	লক্ষ্মীধরশ্চ
১১২—৪	পীতাম্বরঃ	...	পীতাম্বরঃ
১১২—১৩	শীতাম্বরসেনসুতয়া	...	পীতাম্বরসেনসুতয়োঃ
১২৪—১৪	নীনকণ্ঠোঽথ	...	নীলকণ্ঠোঽথ
১২৮—৮	সুল্পকালে	...	স্বল্পকালে
১২৯—৬	দানকানায়িধনাশ্চ	...	দানকাঙ্ক্ষধনাস্তথা

১৩৯—১২	বিনায় সেন ...	বিনায়ক সেন
১৪১—১	সিদ্ধিসেন ...	সিদ্ধসেন
১৪১—৭	সূতাঃ ...	সুতাঃ
১৪৫—২০	পুণ্যাভাগীরথীনদী ...	পুণ্যভাগীরথীনদী
১৪৭—১৬	দণ্ডান্ ...	দণ্ড্যান্
১৪৮—১৩	'পাত্রস্ত ...	পুত্রস্ত
১৪৯—২৪	নায়কোপরাম্ ...	নায়কোঽপরাম
১৫২—১৬	বামনোমাপতি-সোমা ...	বামনোমাপতী সোমো
১৫৩—১৩	দ্বিতীয় প্রভারদাশ ...	দ্বিতীয় প্রভাকর দাশ
১৫৫—৪	ভংসন ...	ভর্ৎসন
১৫৯—১৯	পাণিঠাকুরসুনুজাঃ ...	পাণিঠাকুরসূনুজাঃ
১৬১—২০	বৃ্যবাহ ...	ব্যূবাহ
১৬৮—২৪	ছাড়দাবসুতেষু ...	ছাড়দাশসুতেষু
১৭০—৬	শচতুঃসূতাঃ ...	শচতুঃসুতাঃ
১৭৯—১১	বাসুদের ...	বাসুদেব
১৮৯—১	কৃতং সদুক্তিকর্ণামৃতাখ্যং যেন চ পুস্তকম্	যেন সদুক্তিকর্ণামৃতাখ্যং কৃতং চ পুস্তকম্
১৯৩—১১	তৈহট্টীয় মদনস্ত সেনস্ত... দুহিতুঃ সুতাঃ ...	মদনস্ত সুতাসুতাঃ
১৯৮—২৪	পঙ্কেতে ...	পঙ্কৈতে
১৯৯—১৮	নীলগুপ্তসুতেষু ...	নীলগুপ্তসুতেষু
২২০—১০	ষন্নামধারিণঃ ...	যন্নামধারিণঃ
২২৮—৫	শাণ্ডিলগোত্রসম্ভবৌ ...	শাণ্ডিল্যগোত্রসম্ভবৌ

২৩০—২	হরি দুহিঃ	...	হরি দু হিঃ
২৩০—৪	দুহি-হরিসেনসুতাত্মজৌ		দুহি হরিসেনসুতাত্মজৌ
২৩৯—২	তদবিরোধেনাবিকলা...		তদবিরোধেনাবিকলা
	মম্মুলুলিপিরিয়ং	...	মুলিপিরিয়ং

ভূমিকা

সদ্বৈদ্যকুলচন্দ্রিকানামক গ্রন্থখানি বাঙ্গালার বৈদ্য বা বৈদ্যব্রাহ্মণ বিশ্রুত বৈদ্যকুলজ সারস্বত শ্রেণীর ব্রাহ্মণগণের কুলশাস্ত্র। উহার ২৩৮ পৃষ্ঠার সমাপ্তি শ্লোকে উল্লিখিত হইয়াছে যে, "অর্ণবায়ন পক্ষেন্দুশাকে তুলাস্থ ভাস্করে" এই গ্রন্থের লেখন সমাপ্তি হইয়াছে। অর্ণব—৬, অয়ন—২, পক্ষ—২, ইন্দু—১। 'অঙ্কস্য বামাগতিঃ' অতএব ১২২৭শকাব্দের কার্ত্তিক মাসে ইহার রচনার সমাপ্তি হইয়াছে। সুতরাং ভূর্জ্জয়ের বৈদ্যকুল-পঞ্জিকা লিখিত হইবার ২৬শ বর্ষ পরে সদ্বৈদ্যকুলচন্দ্রিকা রচিত। বৈদ্যকুলপঞ্জিকার পরেই সদ্বৈদ্যকুলচন্দ্রিকার ন্যায় প্রাচীনতম কুলশাস্ত্র আর এক্ষণে বর্ত্তমান নাই।

যে গ্রন্থে কুলীন ও অকুলীনগণের গৌরব, ইতিহাস ও বংশ বর্ণিত হয়, তাহাই কুলশাস্ত্র। অতএব কৌলীন্য প্রবর্ত্তনের পরবর্ত্তী কালেই কুলশাস্ত্র রচনা হইয়া থাকে। পূর্ব্বে বৈদ্যকুলোদ্ভব ভূপতি ভূশূর কর্ত্তৃক সেনাদি বৈদ্যবংশীয়গণের মধ্যে কৌলীন্য প্রবর্ত্তিত হয় (৬, ৪৪ পৃঃ)। তিনি তদীয় মহাপাত্র ধন্বন্তরিগোত্রীয় ঋষি শ্রীচন্দ্রশেখর সেন মহাকবিচন্দ্র দ্বারা 'কুল' অর্থাৎ কৌলীন্য বিষয়ক সূত্র (নিয়মাবলী) সকল রচনা করান এবং স্বয়ং একখানি কুলকারিকা রচনা করেন (৬ পৃঃ)। কিন্তু কুলশাস্ত্র লেখন, কুলশাস্ত্র লিখিবার জন্য বংশগণনা, প্রত্যেক বংশের বীজী নির্দ্দেশ, এবং কুলাচার্য্য নিয়োগ, ভূপতি ভূশূর করেন নাই, এই সমস্ত বৈদ্যবংশাবতংস নরপতি বল্লালসেনের কৃত (৬ পৃঃ)। তিনি বৈদ্যবংশীয়েতর ব্রাহ্মণ এবং অপর জাতিসমূহের

কৌলীন্য প্রবর্ত্তক এবং স্বয়ং একখানি বৈদ্যকুলশাস্ত্রের লেখক, যাহার নাম সারস্বতকুলদীপ (৬ পৃঃ)। যেহেতু বল্লাল-নির্দ্দিষ্ট বীজিগণ হইতে তত্তৎ পরবর্ত্তী বংশের বিবরণ কুলশাস্ত্রে বর্ণিত হইয়া থাকে, সেই জন্য বীজিগণ সকলেই ভূপতি বল্লালসেনের সমসাময়িক এবং নিজ নিজ বংশের মূল পুরুষ। সেনরাজ বিজয়সেনাত্মজ ভূপতি বল্লালসেন স্বয়ং বৈশ্বানর গোত্র সেনোপাধিক বৈদ্যসন্তানগণের অন্যতম বীজী হইলেও, শক্তি গোত্রের ধোয়ী কবিরাজের ন্যায়, তিনি সমগ্র বৈশ্বানর-গোত্র সেনবংশীয়মাত্রেরই বীজী প্রকীর্ত্তিত হইয়া থাকেন (৩২ পৃঃ)। বস্তুতঃ তদতিরিক্ত বৈশ্বানর সেনে অপর বীজীও ছিলেন। স্বয়ং বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণ সর্ব্ববেদজ্ঞ স্মৃতিশাস্ত্রপারদর্শী এবং অসামান্য পৌরুষান্বিত মহীপতি বল্লালসেন যদি বৈদ্যসমাজের কৌলীন্য প্রবর্ত্তক হইতেন, তাহা হইলে আমরা তাঁহাকে বৈদ্যসমাজের মহাকুলীনরূপে প্রতিষ্ঠিত দেখিতাম। কিন্তু আমরা তাঁহাকে পিণ্ডদোষে নিষ্কুলতা প্রাপ্তই দেখিতে পাই। "বৈশ্বানরস্যাপি চ পিণ্ডদোষাৎ"—পিণ্ডদোষে বৈশ্বানর গোত্র সেনগণও নিষ্কুলতা প্রাপ্ত হইয়াছেন, ইহা বীজী পশু দাশ বলিয়া গিয়াছেন (১৩ পৃঃ)। নরপতি বল্লালসেনও স্বয়ং লিখিয়াছেন (১২ পৃঃ)—চতুর্থং পিণ্ডদোষশ্চ তদ্‌যোগাৎ নিষ্কুলং কৃতম্।

হরিপাদাব্জসেবাপরায়ণতাদ্বারা পরিলুপ্তকর্ম্ম, শুদ্ধাত্মা, জ্ঞানবৃদ্ধ ও সুধী বীজী পুরুসেন ঠাকুর স্বজনবৃন্দের সহিত গুঠিনাগড়িতে গিয়া বাস করেন (১২২ পৃঃ)। সেই নিমিত্ত তাঁহার কুলটি 'গুঠিনাগড়িজ' বলিয়া বিখ্যাত (৩১ পৃঃ)। তাঁহার কুশী সেন ও কমল সেন নামে দুইটি কুলপাবন পুত্র হয়। জ্যেষ্ঠ পুত্র কুশী সেনের সাঞ্চি সেন নামে গুণবান্ ও কুলকর্ম্মকৃৎ একটি পুত্র ছিল। এই সাঞ্চি সেনের পুত্র তিল সেন পরম ধর্ম্মাত্মা। তিলসেনের পঞ্চ

পুত্রের চতুর্থ ছিলেন কুবের সেন। কুবের সেনের তিন পক্ষে একটি করিয়া পুত্র জন্মে, তন্মধ্যে মধ্যম পক্ষের পুত্র বঙ্গসেন। বঙ্গসেনেরও পর পর তিন বিবাহ। তাঁহার আদ্য পক্ষের পত্নী খণ্ডের (বর্ত্তমান শ্রীখণ্ড) শ্রীনাথ গুপ্তের কন্যার গর্ভে পুরুসেন কুলাব্জভাস্কর পরম বৈষ্ণব পাণিঠাকুর নামে বিশ্রুত সর্ব্বশাস্ত্রবিৎ চক্রপাণি সেন ঠাকুর জন্মগ্রহণ করেন। ইহাঁরও যথাক্রমে দুই বিবাহ। তাঁহার প্রথম পক্ষের পত্নী বাঙ্গ (বঙ্গদেশীয়) পুরুসেনের কন্যাগর্ভে যথাক্রমে ভূপতি ভীমসেন পূজিত ভীমসেন, ভবনাথ সেন, নীলকণ্ঠ সেন, মহাযশাঃ কৃত্তিবাস সেন, মৃত্যুঞ্জয় সেন ও মহাদেব সেন নামে সাতটি পুত্র হইয়াছিল। প্রথম পত্নীর দেহান্তে তিনি দ্বিতীয়বার কায়ুগুপ্তবংশীয় শিবগুপ্তের কন্যাকে দার পরিগ্রহ করেন। তদ্‌গর্ভে প্রথম সন্তান এক কন্যা, তিনি অন্তরঙ্গ মহামহোপাধ্যায় দুর্জ্জয়দাশের প্রথম পক্ষের পত্নী, দ্বিতীয় সন্তান নারায়ণ সেন, তৃতীয় এবং কনিষ্ঠ সন্তান জয়সেন বিশ্বাস ঠাকুর— সদ্বৈদ্যকুলচন্দ্রিকার লেখক। জয়সেন ধন্বন্তরিগোত্র বীজী গোয়ী সেনের বংশধর অচ্যুত সেনের কন্যার পাণিগ্রহণ করেন, এবং তদ্‌গর্ভে তাঁহার একটি মাত্র, ভগবতী কমলার ন্যায় গুণালয়া, কমলাদেবী নামে কন্যারত্ন জন্মগ্রহণ করেন। কমলা দেবীর সহিত সেনরাজবংশীয়, সমগ্র গৌড়েশ্বর ভূপতি বল্লালসেনের বৃদ্ধপ্রপৌত্র, রামপালস্থ বঙ্গেশ্বর নরপতি কার্ত্তিক সেনের বিবাহ হয় (২৬ পৃঃ)। রাজমহিষী কমলাদেবীর গর্ভে পুরুসেন নামে প্রসিদ্ধ শত্রুঘ্ন সেন, হরি সেন, নারায়ণ সেন, লক্ষ্মণ সেন এবং দামোদর সেন নামে জয় সেনের পাঁচটি দৌহিত্র রাজকুমার এবং বিমলাদেবী ও সরলাদেবী নামে দুইটি দৌহিত্রী রাজকুমারী হইয়াছিল। পদ্মদাশবংশীয় বুধদাশ ও তাঁহার খুল্লতাত পুত্র পাঁচুদাশ, যথাক্রমে বিমলা দেবী ও সরলা দেবীকে বিবাহ করেন। অন্তরঙ্গ দুর্জ্জয় দাশের

বিভাকর দাশ, শিব দাশ এবং গদাধর দাশ নামে মহাকুলীন পুত্রত্রয় জয় সেন বিশ্বাস ঠাকুরের ভাগিনেয়।

মহাকুল দুর্জ্জয়ের পিতা মহাকুল বিশ্বম্ভর দাশ এবং জয় সেনের পিতা সর্ব্বশাস্ত্রবিৎ পণ্ডিত ও পরম বৈষ্ণব চক্রপাণি ঠাকুর দুই জনে পরম বন্ধু ছিলেন। চক্রপাণি ঠাকুরকে লোকে পাণিঠাকুর বলিত। কিংবদন্তি আছে দুর্জ্জয় দাশ পাণিঠাকুরের (কিংবদন্তি ভুল করিয়া পাণি ঠাকুরকে পাণি দত্ত করিয়াছে) নিকট বেদাদি সর্ব্ববিদ্যা শিক্ষা করেন। বিদ্যাসমাপ্তি করিলে পাণিঠাকুরের প্রস্তাবানুসারে গুরুদক্ষিণা স্বরূপে পিতার আদেশানুযায়ী দুর্জ্জয় পাণিঠাকুরের কন্যাকে বিবাহ করিতে বাধ্য হন। পাণিঠাকুর শক্তি গোত্রীয় সুতরাং রণ্ডদোষে তাঁহার বংশ ভূপতি বল্লালসেনের পূর্ব্বেই নিষ্কুলতা প্রাপ্ত। তাহার উপর তাঁহার বংশ রাঢ়ত্যাগ করিয়া মল্লভূমির গুঠিনাগড়ি গ্রামে গিয়া বাস করিয়াছিল। 'সেম্মল্লধলভূবাসে আঘাতো ভবতি ধ্রুবম্' (১৩ পৃঃ)—এই নিয়মানুসারে স্থান দোষে পাণিঠাকুর আঘাত গণ্য। "আঘাতো যাদৃশো যস্য হানি জ্ঞেয়াশ্চ তাদৃশঃ"—(১৫ পৃঃ) এই সূত্রানুসারে দুর্জ্জয়ের কুল নষ্ট হইয়া আঘাতে পরিণত হইবার কথা। দুর্জ্জয়ের বিবাহ তাঁহার পিতা বিশ্বম্ভর দাশ দেন, সুতরাং বিশ্বম্ভরের কুল আঘাতে নিষ্কুলে পরিণত হইবার সম্ভাবনা এবং বিশ্বম্ভরের কুল নষ্ট হইলে তাঁহার অন্যান্য পুত্রগণেরও কুল নষ্ট হইয়া যায়। পরন্তু বিশ্বম্ভর স্বীয় পৌরুষ বলে সেই বিপদ অতিক্রম করেন। দুর্জ্জয়ের যাহাতে কুল নষ্ট হয়, তজ্জন্য দুর্জ্জয়ের মধ্যমাগ্রজ গণপতি দাশ ও অনুজ বাণ দাশ এবং পলহংগুর কৃত্তিবাস সেন বহু চেষ্টা করিয়াও কৃতকার্য্য হইতে পারেন নাই। বিশ্বম্ভরের দেহান্তে দুর্জ্জয় রাঢ়ীয় বৈদ্যসমাজের কুলাচার্য্য হইলে, আক্রোশবশতঃ আদেশ করিলেন—"গণে বাণে কুলং নাস্তি

নাস্তি কুলং ধলগুকে,” তদবধি গণপতি দাশ, বাণ দাশ ও ধন্বন্তরি সেন নিষ্কুল হইলেন।

এই প্রসঙ্গে একটি তত্ত্ব আমরা জানিতে পারিলাম, তাহা এই যে, শ্রীখণ্ডের কাংথেশ্বরী ভবনে—ইহাই দুর্জ্জয়ের বাসস্থান—বৈদ্যকুলপঞ্জিকার যে পুঁথিখানি দুর্জ্জয় দাশের স্বহস্ত লিখিত বলিয়া পূজিত হইয়া থাকে তাহা দুর্জ্জয় দাশের মূল পুঁথি নহে। কারণ “গণে বাণে কুলং নাস্তি নাস্তি কুলং ধলগুকে” এই কিংবদন্তি বচনটি সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় (২৩ পৃঃ) দুর্জ্জয়ের বৈদ্যকুলপঞ্জিকার বাক্য বলিয়া উদ্ধৃত, এবং দুর্জ্জয়ের বৃদ্ধপ্রপৌত্র কাশীনাথ দাশ ওহ্‌দেদার মহোদয়ের ১৩৪৮ শকাব্দে কৃত বৈদ্যকুলপঞ্জিকার অনুলিপি, যাহা আমরা ১৩৪০ শালাব্দে মুদ্রিত করিয়াছি, তাহাতেও আছে (২৩ পৃঃ), কিন্তু কাংথেশ্বরী ভবনের পুঁথিতে নাই। দুর্জ্জয়ের বৈদ্যকুলপঞ্জিকার বাক্য বলিয়া সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় উদ্ধৃত হইয়াছে এমন আরও কতকগুলি বচন আছে, যাহা আমাদের প্রকাশিত বৈদ্যকুলপঞ্জিকায় অবিকল সেইরূপই আছে, কিন্তু কাংথেশ্বরী ভবনের বর্ত্তমান পুঁথিতে নাই, কিংবা পরিবর্ত্তিত আকারে আছে, দেখা যায়।

জয় সেন নির্ভীক ছিলেন। যদিও তিনি জানিতেন যে, সমাজপতি ও কুলাচার্য্য বলিয়া দুর্জ্জয়ের বাক্য রাঢ়ীয় বৈদ্যসমাজ বিনা বিচারে মান্য করিবে, তাঁহার সত্য কথা কেহই মানিবে না, তথাপি তিনি সত্য ও ধর্ম্মানুরোধে দুর্জ্জয়ের বাক্যের উচিত সমালোচনা করিতে কুণ্ঠিত হন নাই। দুর্জ্জয় বলিয়াছেন—“রাঢ়ায়াং ভূষিতশ্চায়ু র্বঙ্গে কায়ুশ্চ যদ্যপি। তথাপি স্বস্তুতি ভিয়া বচ্মি ধন্বন্তরেঃ কুলম্।” জয় সেন দুই স্থলে তাহার প্রতিবাদ করিয়াছেন—“বিমলকুলবিহীনা রামদাশস্য বংশ্যাঃ (চায়ুবংশ্যাঃ), সকলকুলবিহীনা রগুতঃ কায়ুদাশাঃ।” পুনরায় বলিতেছেন—“অগ্রে বিনায়কঃ পূজ্যো বৈদ্যে শ্রেষ্ঠো স হি গুণৈঃ,

অথ চায়ুস্তুতঃ কায়ু (গুপ্ত) ঋষি-সুত্রানুসারতঃ” ধন্বন্তরিগোত্র বিনায়ক সেনই ঋষি সূত্রানুসারে সর্ব্বাগ্রে পূজ্য, সুতরাং পূজ্যতানুসারে ধন্বন্তরি ঋষির বংশীয় বিনায়ক সেনের বংশ সর্ব্বাগ্রে বর্ণনীয়, তৎপরে চায়ুদাশের বংশ, কেননা চায়ুদাশের বংশ বিমলকুলান্বিত নহে, তৎপরে কায়ুগুপ্তের বংশ পূজ্য ও বক্তব্য, কায়ুদাশের বংশ পূজ্যত নহেই রগুদোষে নিষ্কুল। পুনশ্চ বলিয়াছেন (৩৩ পৃঃ) বঙ্গে কায়ুদাশ নামে কোন বীজী নাই, ও ছিল না। বীজী নৃসিংহদাশের এক পুত্র কায়ু বঙ্গে গিয়া কিছুদিন ছিলেন বটে, কিন্তু পুনরায় কোগ্রামের স্বস্থানে তিনি ফিরিয়া আসিয়াছিলেন. তাঁহার একজন বংশধরও বঙ্গে নাই, এবং তাঁহার বংশ রগুদোষে নিষ্কুল। বঙ্গে চায়ুপস্থান্বয়গণই দাশবংশে কুলীন। আসল কথা দুর্জ্জয় দাশ যখন কুলপঞ্জিকা লিখেন, তখন নানাদিগ্দেশ হইতে বৈদ্যসন্তানগণকে আমন্ত্রণ করিয়া শ্রীখণ্ডে লইয়া আইসেন। কিন্তু তাঁহার আমন্ত্রণে চায়ুদাশের জ্যেষ্ঠ পুত্র পুরন্দর বংশীয় হাপানীয়াবাসী নৃসিংহদাশের বংশধরগণ (৩৩ পৃঃ) [এবং শুকসেন গোস্বামী ঠাকুর বংশীয় চোল্লসেন প্রভৃতি কয়েকজন ব্যক্তি] আইসেন নাই। এই রোষে দুর্জ্জয় হাপানীয়াবাসী তাঁহার জ্ঞাতি পুরন্দর দাশের স্থানে রগুতঃ নিষ্কুল কায়ুদাশকে বঙ্গের মহাকুল বলিয়া উল্লেখ করিয়াছেন (৩৩—৩৪ পৃঃ)। যাহা হউক বঙ্গজ সমাজ দুর্জ্জয়ের বাক্য শুনে নাই, তাহারা হাপানীয়া-বাসী চায়ুবংশীয়গণকেই তাহাদের মহাকুল বলিয়া অদ্যাপি স্বীকার করে। দুর্জ্জয় বলিয়াছেন—“মালঞ্চজঃ স্পর্শমণিঃ কুমারো বিশ্বম্ভরো মাণিক্যরত্নমেব। হীরকগুপ্তঃ কিল বিশ্বনাথো যশ্চোল্লকো মঙ্গলকোঠবাসী” ইত্যাদি “স্বর্ণানি চৈত্তে হ্যবসৎকুলীনাঃ॥” (২৫, ২৬ পৃঃ) এ স্থলে বৈদ্যকুল-পঞ্জিকায় ধন্বন্তরিগোত্র বিনায়ক সেন বংশধরদিগের মধ্যে রোষসেন বংশীয় কুমার সেনকে, ধন্বন্তরি সেনবংশীয় চোল্লসেনের অপেক্ষা কৌলীন্যে শ্রেষ্ঠতা

প্রদত্ত হইয়াছে। জয়সেন ইহার তীব্র প্রতিবাদ করিয়াছেন যথা,—
"বিনায়কে যথা রোষা ধান্বন্তরা স্তথা পি চ। সমানাঃ প্রায়শো গুণৈর্ধান্বন্তরে বিশিষ্টতা॥ বিনায়কো মহাকুলো রোষো ধন্বন্তরি র্যথা। তথা গাণ্ডেয়িসেনশ্চ জ্ঞেয়ঃ সেনঃ শুক স্তথা॥ কথং শুককুলোদ্ভূতা ন জ্ঞাতব্যা মহাকুলাঃ। ধান্বন্তরাচ্ছুকা শ্রেষ্ঠো না ভূন্ন ভবিতা পি চ। সদৃশ শ্চোল্লসেনস্য কোঽপি ন দৃশ্যতে জনৈঃ॥ আচারবিনয়াভ্যাং বা বিদ্যাদিগুণতোঽপি বা। শ্রৈষ্ঠ্যং দুর্জ্জয়দত্তঞ্চ কুমারে হ্যনুচিতম্ মতম্। ততোঽগ্রে পূজনীয়ৌ দ্বৌ সেনৌ কুমার-চোল্লকৌ।" (২৬ পৃঃ)। চোল্লসেন দুর্জ্জয়ের আমন্ত্রণে শ্রীখণ্ডে আইসেন নাই এবং দুর্জ্জয়ের ইচ্ছানুযায়ী শ্রীখণ্ডে বাস না করিয়া মঙ্গলকোটে গিয়া বাস করেন। এই উভয় কারণে, মহাকুলজ এবং স্বয়ং আচার বিনয় বিদ্যাদি সর্ব্বকৌলীন্য গুণে অদ্বিতীয় হইলেও, চোল্লসেন দুর্জ্জয়রোষে মধ্যম কুলে পরিণত।

রোষসন্তানগণ অপেক্ষা ধন্বন্তরি সন্তানগণের গুণবৈশিষ্ট্য এবং চোল্লসেন অপেক্ষা কুমারসেনের দুর্জ্জয়দত্ত শ্রৈষ্ঠ্য অনুচিত হইয়াছে জয়সেনের এই বাক্য দুইটী মহাকুলীন সমাজের বিশেষতঃ কুমারসেনের বংসধরগণের কাহারও কাহারও অসহ্য হইয়া উঠিয়াছিল। জয়সেন দুর্জ্জয়বংশধর এবং কুমারবংশধরগণের রোষাপনোদনার্থ পরে কতকগুলি স্বজনবৃন্দের সহিত রাঢ়ের বর্ত্তমান কালনা মহকুমার অধীন বাগিয়াড়া গ্রামে আসিয়া বাস করেন এবং সন্নিকটবর্ত্তী কতকগুলি গ্রামে দুর্জ্জয়দাশের এবং কুমারসেনের বংশধরগণকে সসম্মানে ভূমিদানাদি দ্বারা স্থাপিত করিয়া সাতশৈকা বৈদ্যসমাজের প্রতিষ্ঠা করেন। ইহাতে দুর্জ্জয় বংশধরগণ তাঁহার প্রতি রোষভাব পরিত্যাগ করিলেন, কুমারসেনের বংশধরগণও কেহ কেহ শান্ত হইলেন, কিন্তু সকলেই শান্ত

হইলেন না। এই কারণে বহুকাল পরেও কুমারসেনের বংশধর মহামহোপাধ্যায় ভরত মল্লিক চন্দ্রপ্রভায় পাণিঠাকুরের সন্তানগণের মধ্যে জয়সেনের ইচ্ছা করিয়া নামোল্লেখ করেন নাই। মহাত্মা ভরত জয়সেনকে উপেক্ষা করিয়া স্বীয় অতুলনীয় যশঃসৌরভের স্বয়ং লাঘবতা করিয়াছেন, কেন না তিনি উপেক্ষা করিলেও সাতশৈকা সমাজের প্রতিষ্ঠাতা এবং সদ্বৈদ্যকুলচন্দ্রিকার রচয়িতা বলিয়া রাঢ়ীয় বৈদ্যসমাজ মহাত্মা জয়সেনকে উপেক্ষা করে নাই। চন্দ্রপ্রভায় জয়সেনের নামের অনুল্লেখ যে মহাত্মা ভরতের ইচ্ছাকৃত, তাহা আমরা প্রমাণ করিতেছি। চন্দ্রপ্রভায় সদ্বৈদ্যকুলচন্দ্রিকার অনেক বাক্য অবিকল উদ্ধৃত হইয়াছে, এবং অনেকগুলি বংশাবলী যাহা সদ্বৈদ্যকুলচন্দ্রিকাতেই বর্ণিত আছে, দুর্জ্জয়াদি পূর্ব্বজ কুলশাস্ত্রকারগণের গ্রন্থে নাই, তাহা সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় যে পর্য্যন্ত বর্ণিত আছে তাহার অধিক এক পুরুষেরও নাম কর্ম্ম ইতিহাসাদি চন্দ্রপ্রভায় বর্ণিত হয় নাই। মহাত্মা ভরত বৈশ্বানরগোত্র সেনগণের অপেক্ষা কুলগৌরবে অনুচ্চ আত্মগোত্র সেনগণের বংশ বর্ণন করিয়াছেন, কিন্তু বৈশ্বানরগোত্রীয় সেনরাজ বল্লালসেনের বংশ বর্ণন করেন নাই। সেনরাজগণ যে, বৈদ্যসন্তান ছিলেন তদ্বিষয়ে ভরত নিঃসন্দিগ্ধ। কারণ চন্দ্রপ্রভায় বর্ণাশ্রমধর্ম্মী রাঢ়ীয় বৈদ্যসমাজের সহিত সেনরাজবংশের অনেকগুলি যৌন সম্বন্ধ উল্লিখিত হইয়াছে, তজ্জন্য সম্বন্ধকারী বৈদ্যসন্তান রাঢ়ীয় সমাজ হইতে পতিত, এ কথা কুত্রাপি উল্লিখিত হয় নাই। জয়সেনের দৌহিত্র পুরুসেনের নামও এইরূপে চন্দ্রপ্রভায় উল্লিখিত হইয়াছে। তথাপি মহামহোপাধ্যায় ভরত চন্দ্রপ্রভায় যে সেনরাজবংশের বর্ণনা করেন নাই, তাহার প্রথম কারণ, বংশ বর্ণন করিতে হইলে কোন্ রাজা বা কোন্ রাজবংশধর কাহার কন্যাগর্ভজাত তাহা অবশ্য বক্তব্য হইয়া পড়ে, তাহা হইলেই

সেনরাজ কার্ত্তিকসেনের পুত্র ভূপতি পুরুসেন জয়সেনের দৌহিত্র ইহা স্বীকার করিতে হয়। দ্বিতীয়তঃ সদ্বৈদ্যকুচন্দ্রিকার পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তী কোন গ্রন্থে অকুলীন সেনরাজবংশের বর্ণনা নাই, সেই সকল কুলশাস্ত্র-গুলি কেবল কুলীন বৈদ্যসন্তানগণেরই বংশ বর্ণন করিয়াছে। সদ্বৈদ্য-কুলচন্দ্রিকার পরে কেবল চন্দ্রপ্রভাতেই অকুলীনগণেরও অনেক বংশ বর্ণিত হইয়াছে। এরূপাবস্থায় সেনরাজবংশ বর্ণনা করিতে হইলে মহাত্মা ভরতকে জয়সেনের ঋণ স্পষ্টতঃ স্বীকার করিতে হয়। এই সকল কারণে প্রমাণ হয় যে, মহাত্মা ভরত মল্লিক, ভুল করিয়া নহে, জয়সেনকে উপেক্ষা করিবার জন্যই তাঁহার নাম, কুত্রাপি উল্লেখ করেন নাই, এমন কি তাঁহার বাক্য উদ্ধৃত করিয়াও ঋণ স্বীকার করেন নাই।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকার ন্যায় অমূল্য বৈদ্যকুলশাস্ত্র বৈদ্যব্রাহ্মণ সমাজে আর দ্বিতীয় নাই! ইহাতে বাঙ্গালার বৈদ্যজাতি নামে বিশ্রুতগণের জাতি, শ্রেণী, কুল, কোথা হইতে তাঁহারা বাঙ্গালায় আগত, কত গোত্রের লোক আসিয়াছিলেন, তাঁহাদের বিদ্যা বৃত্তি প্রভৃতি, কাহার উপদেশে কোন্ নৃপতি কর্ত্তৃক সমানীত ও প্রতিষ্ঠিত, তাঁহারা কোন্ কোন্ শাখীয়, তাঁহাদের কি কি কৌলিক পদ্ধতি, কোন্ শাখীয়গণ কি কি পদ্ধতিক, তাহাদের রাঢ়ীয় বারেন্দ্র ও বঙ্গজ সমাজে কোন্ কোন্ কুল-পদ্ধতি, আছে, সেনদাশাদি কুলপদ্ধতিগুলির উৎপত্তির হেতু, তাঁহারা কোন্ বেদী, এবং কোন্ বেদের কোন্ শাখীয়, তাঁহাদের কোন্ বেদসূত্র, বাঙ্গালায় আসিয়া তাঁহারা কোন্ কোন্ স্থানে প্রথম বাস করেন, ইহাঁদের কৌলীন্য-প্রথা কোন্ নৃপতির দ্বারা প্রবর্ত্তিত, কুলশাস্ত্র লেখন কাহার প্রবর্ত্তিত, কে বীজী নির্দ্দেশ ও বংশগণনা করে, কে কুলাচার্য্য নিয়োগ করে, কুল কাহাকে বলে, কুললক্ষণ, সম্বন্ধাদিভাব, তাহা হইতে কুলের উৎ-

কর্ষাপকর্ষ, বাঙ্গালাদেশ হইতে রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের দক্ষিণাপথ, কলিঙ্গ, উৎকল, উত্তরদেশ (পৌণ্ড্র ও নেপালাদি) পূর্ব্বদেশ (বঙ্গ, পূর্ব্ববঙ্গ ও সমতট) প্রভৃতি গিয়া উপনিবেশ ও তত্তৎ স্থানে স্বসমাজ স্থাপন, বৈদ্যসন্তানগণের অষ্টাবস্থা, ক্ষেম্যভাবাদি, পণাদি নির্ণয়, কুলীনাদি নিরূপণ, রাঢ়ীয়াষ্টক বৈদ্যবিপ্রগণের সেনাদি ভেদে স্থান ভেদ ও বীজী উল্লেখ, ভূপতি শালবান্ সেনের (অর্থাৎ আদিশূর) বংশবর্ণন, রাঢ়ীয় বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণগণের সেনাদি ও ধন্বন্তরিগোত্রাদি ক্রমে বংশ বর্ণনে হেতু, রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের বংশবর্ণন, প্রত্যেক বংশের বিখ্যাত লোকগণের বিদ্যা গুণ পদমর্য্যাদা কীর্ত্ত্যাদি ইতিহাস বিস্তারিত বর্ণিত আছে। গৌড়ের বিক্রমপুরাধীশ সেনরাজগণের সঠিক বংশ ও ইতিহাস ইহাতে প্রদত্ত হইয়াছে। বর্ণাশ্রমী সেনরাজগণের সহিত বর্ণাশ্রমী রাঢ়ীয় বৈদ্যব্রাহ্মণ সমাজের সম্বন্ধ, দনুজমাধব রায়ের বৈদ্যসন্তানত্ব এবং সেনরাজ-বংশের সহিত সম্বন্ধ ইত্যাদি বিষয় আমরা সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় পরিষ্কাররূপে বর্ণিত দেখিতে পাই। সদ্বৈদ্যকুলচন্দ্রিকা হইতেই আমরা গুপ্তসম্রাট বংশের, পালরাজবংশের, আদিশূররাজবংশের ও সেনরাজবংশের বৈদ্যত্বের অকাট্য প্রমাণ পাই। অতএব সদ্বৈদ্যকুলচন্দ্রিকা যে কেবল বৈদ্যসন্তানগণের জাতিতত্ত্ববিষয়ক সর্ব্বসংশয় ছেদনকারী তাহা নহে, ইহা গুপ্তসম্রাটদিগের, পালসম্রাটদিগের, আদিশূররাজবংশের ও সেনরাজ-বংশের বিষয়ে সর্ব্ব ঐতিহাসিক কুজ্ঝটিকা রাশির বিনাশে প্রচণ্ড মার্ত্তণ্ড স্বরূপ। সদ্বৈদ্যকুলচন্দ্রিকাকার জয়সেন, সেনরাজবংশীয় বঙ্গেশ্বর ভূপতি কার্ত্তিক সেনের শ্বশুর, সুতরাং সেনরাজগণ সম্বন্ধে তাঁহার উক্তির প্রামাণ্য অমূল্য। সেনরাজ বল্লালসেন আদিশূর রাজবংশের দৌহিত্র, জয়সেন বল্লালসেনেরই লিখিত বাক্যানুসারে আদিশূরবংশ লিখিয়াছেন, অতএব জয়সেনের প্রমাণ দৃঢ় ভিত্তির উপর অটল প্রতিষ্ঠিত।

নিম্নে আমরা সংস্কৃতভাষানভিজ্ঞ পাঠকগণের সুবোধসৌকর্য্যার্থে সদ্বৈদ্যকুলচন্দ্রিকার প্রথম ছয় পত্রের ভাষানুবাদ দিলাম ;—

"ভবরোগের ভেষজস্বরূপ শ্রীবিষ্ণুর পদযুগলকে নমস্কার করিয়া জয়সেন সদ্বৈদ্যকুলচন্দ্রিকা প্রণয়ন করিতেছেন। বৈদ্যগণের কীর্ত্তনে পুণ্য এবং আরোগ্য লাভ হয় সেই জন্য পূর্ব্ব কৃতিগণ (কুল) পঞ্জী রচনা করিয়াছেন আমিও করিতেছি।

"উক্ত হইয়াছে যথা,—'গুরু, দেবতা, দ্বিজাতি, জ্ঞানী, বৈদ্য এবং সাধুদিগের কীর্ত্তন শুভপ্রদ। ইতি—

"বিনায়কের বাক্য, বাদলি কবির বাক্য, রামদাশের বাক্য, পাত্র দামোদরের বাক্য, ভূপতি বল্লালের বাক্য এবং ভূপতি লক্ষ্মণের বাক্য, চায়ুদাশের এবং কৃতী পন্থের বাক্য, মুণ্ডীর সেনের বাক্য এবং দুর্জ্জয়ের বাক্য এই সকল বাক্যাশ্রয় করিয়া সদ্বৈদ্যকুলচন্দ্রিকা রচিত হইতেছে।

"নৃপতি শ্রীমদ্বল্লালসেনদেবের রচিত সারস্বতকুলদীপে (বৈদ্যশাস্ত্র) লিখিত আছে,—(শাস্ত্রপ্রসিদ্ধ) বৈদ্যবংশসমুৎপন্ন, সর্ব্ববেদোপবেদ-পারদর্শী, সকলেই বিষ্ণুপরায়ণ, সারস্বত শ্রেণীর শতার্দ্ধ (৫০শ) গোত্রের বৈদ্যবংশীয় সারস্বত ব্রাহ্মণ মহামতি বিষ্ণুগুপ্তের উপদেশানুসারে আর্য্যাবর্ত্ত দেশ হইতে সপুত্রদার সমানীত হইয়া জাহ্নবীর তীরে (জাহ্নবীর দক্ষিণ তীরে রাঢ়ে ও উত্তর তীরে পৌণ্ড্রে) বাস করিলেন। ইহাঁরা সকলেই যাজনে সুদক্ষ, আয়ুর্ব্বেদে বিচক্ষণ, চিকিৎসাকুশল এবং ভূতদয়াপর চিকিৎসাকারী বৈদ্য ছিলেন।

"পুনশ্চ—ইহাঁরা (পঞ্চনদ বা সারস্বত প্রদেশের অন্তর্ভুক্ত) অম্বষ্ঠদেশ হইতে গৌড়মণ্ডলে (রাঢ়, বঙ্গ পৌণ্ড্রাদি বাঙ্গালায়) সমাগত। অম্বষ্ঠদেশবাসিত্ব হেতু ইহাঁরা অম্বষ্ঠ অভিহিত হইয়া থাকেন।

"অগ্নিবেশ (চরক) সংহিতায় আছে--শীলবান্, বুদ্ধিমান্, যুক্ত, অশেষশাস্ত্র

পারদর্শী, সর্ব্বপ্রাণীর গুরুবৎ পূজ্য, (দ্বিজাতি) ব্রাহ্মণ জাতীয়, যে আচার্য্যের নিকট প্রাণের জন্য সকলকে শরণ লইতে হয় তাঁহাকে প্রাণাচার্য্য (ভিষক্) বলে। অখিল বেদাদি বিদ্যার সমাপ্তিতে ভিষক্ (শাস্ত্রপ্রসিদ্ধ আয়ুর্ব্বেদবিদ্যকুলজ বিপ্র) তৃতীয়া জাতি অভিহিত হন—তখন তিনি বৈদ্য নাম প্রাপ্ত হন—কেহই এইরূপ অখিল বিদ্যাসমাপ্তির পূর্ব্বে জন্মতঃ, অতএব জাতিতঃ, চিকিৎসাধিকারী বৈদ্য হয় না। বিদ্যার সমাপ্তিতে অখিল ব্রাহ্ম (অষ্টোপবেদ সহ চতুর্ব্বেদের) বিদ্যার জ্ঞান, তদনন্তর সমস্ত আর্ষ শাস্ত্রীয় বিদ্যার জ্ঞান, যাহা না অধিগত হইলেও চলিতে পারে, সে সমস্ত তাঁহাতে (ভিষক্কুলজে) ধ্রুব সমাবিষ্ট হয় বলিয়া বৈদ্য ত্রিজ অভিহিত হইয়া থাকেন। ইতি।

"নৃপতি শ্রীমল্লক্ষ্মণসেনদেবের রচিত বাজসনেয়-কাণ্বশাখীয়ব্রাহ্মণ-কুলদীপে (বৈদ্যকুলাস্ত্র) লিখিত হইয়াছে,—

"গৌড়দেশের যে সকল অধিবাসী বৈদ্য নামে সুবিশ্রুত, তাহারা সারস্বত শ্রেণীর ব্রাহ্মণ, এবং সারস্বত ও সৈন্ধব এই দ্বিবিধ শাখীয়। তাহারা বৈদ্যজাতি অথবা অম্বষ্ঠজাতি নহে, তাহারা সারস্বত শ্রেণীজ এবং জাতিতে ব্রাহ্মণ জানিবে। ব্রাহ্মণ জাতির মধ্যে বৈদ্যগণের ত্রিজাতিরূপে জাতিগৌরব আছে, তাহারা সর্ব্বপ্রাণীর পূজনীয়, সকল বৃত্তির মধ্যে তাহাদের বৈদ্যবৃত্তি সর্ব্বাপেক্ষা পূজ্যতম, বৈদ্যবৃত্তি বা চিকিৎসা তাহাদের কৌলিকবৃত্তি, এবং বৃত্তি দ্বারা জাতিও প্রবর্ত্তিত হয় বলিয়া বৌদ্ধরাজকর্ত্তৃক তাহারা "বৈদ্যজাতি" এই নামে পূজিত হয়। যদবধি ভূপতি বিম্বিসার দ্বারা তাহারা "বৈদ্যজাতি" বলিয়া সম্মানিত হইয়াছে, তাবৎ লোকেও তাহাদের বৈদ্যজাতি বলিয়া থাকে। মনুষ্যচিকিৎসা ও অধ্যাপনাদি ব্রাহ্মণ্যষড়্বৃত্তি এবং রাজধর্ম্মাশ্রয় এইগুলি বৈদ্যগণের বৃত্তি, ইহা ঔশনসী স্মৃতিতে উক্ত হইয়াছে। ক্ষত্রিয়ধর্ম্মাশ্রয়কারী বৈদ্য,

ব্রাহ্মণ হইয়া ক্ষত্রিয়ের ন্যায় আচারবিশিষ্ট বলিয়া লোকে তাহাকে "ব্রহ্মক্ষত্রিয়" বলে, এবং মূর্দ্ধায় (মস্তকে) যথাশাস্ত্র অভিষিক্ত রাজা বলিয়া লোকে বৈশ্যরাজাকে 'ক্ষত্রিয়'ও বলে, কেননা মূর্দ্ধাভিষিক্ত ও রাজন্য (বা ক্ষত্রিয়) অভিধানে একার্থবাচক শব্দ। ইতি।

"মহর্ষি শঙ্খ বলিয়াছেন—ব্রহ্মার মুখোৎপন্ন অম্বষ্ঠ সমগ্র (অষ্ট উপবেদ সহ চতুর্ব্বেদ) বেদবিদ্যার অধিগত হইয়া বৈশ্য হইয়া থাকেন। অম্বষ্ঠ-দেশে বাসনিবন্ধন এই ব্রহ্মবক্ত্রজ ব্রাহ্মণের অম্বষ্ঠ নাম হইয়াছে (অম্বষ্ঠ জাতিত্ব হেতুক নহে)। ইতি।

"**কুলপদ্ধতিসমূহ** :—সেন, দাশ, গুপ্ত, দত্ত, দেব, কর, রাজ ও সোম এই আটটি, নন্দী, চন্দ্র, ধর, কুণ্ড ও রক্ষিত এই ত্রয়োদশ, এবং ইন্দ্র, আদিত্য, নাগ ও পাল এই সপ্তদশটি—রাঢ় বঙ্গ ও বরেন্দ্রদেশে বৌদ্ধরাজ কর্ত্তৃক স্থাপিত বৈশ্যকুলজ সারস্বত ব্রাহ্মণগণের কুলোপাধি। তাহারা বাজসনেয় সংহিতার (শুক্ল যজুর্ব্বেদের) কাণ্বশাখাধ্যায়ী এবং তাহাদের (বৈদিক) সূত্র কাত্যায়ন। পূর্ব্বোক্ত ইন্দ্রাদি চতুষ্টয় কুলোপাধি ভিষক্‌কুলে অপ্রসিদ্ধ। সেনাদি অষ্টোপাধিকগণ রাঢ়ীয় পরিকীর্ত্তিত। ইহারা সারস্বত শ্রেণীর ব্রাহ্মণের সারস্বতশাখাসমুদ্ভূত। এই রাঢ়ীয়াষ্টক উপাধির সকলগুলিই পরে বঙ্গেও বাস করিতেছে, ইন্দ্র ও আদিত্য এই উপাধিদ্বয় আমূল বঙ্গে বাস করিতেছে, অতএব এই দশ প্রকার কুলোপাধি দ্বারা মূল বঙ্গজ সমাজ গঠিত হইয়াছে। দাশ, দত্ত, ধর, কুণ্ড, নন্দী, চন্দ্র, রক্ষিত, রাজ, সোম, ইন্দ্র, নাগ, পাল, আদিত্য এবং কর পৌণ্ড্রদেশনিবাসী এই চতুর্দ্দশ কুলোপাধিকগণ সারস্বত শ্রেণীর ব্রাহ্মণদিগের সৈন্ধবশাখীয় জানিবে। বরেন্দ্রদেশবাসিত্ব হেতু ইহারা বারেন্দ্রও অভিহিত হয়। বারেন্দ্র বৈশ্যগণের সকল উপাধিকগণই বঙ্গদেশেও বাস করিতেছেন, ইহাঁদের ইন্দ্রাদিত্য নাগ ও পাল ব্যতীত

অপর দশোপাধিকগণ রাঢ়েও বাস করিতেছেন। এই সপ্তদশ কুলোপাধিক সারস্বত শ্রেণীর ব্রাহ্মণগণ অম্বষ্ঠদেশ হইতে আসিয়া গৌড়মণ্ডলে বাস করিতেছেন। রাঢ়ে বঙ্গে ও বরেন্দ্রে এবং দেশান্তরে সম্প্রতি অনেক প্রকার কুলপদ্ধতি দেখিতে পাওয়া যায়। ইতি।

"বৈদ্যসারস্বত ব্রাহ্মণগণের কুলপদ্ধতিগুলির উৎপত্তি-হেতু :—ধর্ম্মার্থে সৈনাপত্য করায় সেনাপতি 'সেন' বাচ্য হইয়াছেন। দশবিধ সংস্কার নিপুন বলিয়া পুরোহিত 'দাশ' বাচ্য হইয়াছেন। ব্রাহ্মণ্য ধর্ম্ম (গুপ্ রক্ষণে) গুপ্তির (রক্ষার) জন্য 'গুপ্ত' অভিহিত। বিদ্যা দানে আনন্দ করিতেন বলিয়া অধ্যাপক 'দত্ত' অভিহিত। (বিষ্ণু) দেবতার অর্চ্চনপর বলিয়া অর্চ্চক 'দেব' উপাধি লাভ করিয়াছেন। যাজ্ঞিকগণের কর্ত্তৃত্ব করায় কর্ত্তা 'কর' অভিহিত। বিদ্যায় (রাজতে) শ্রেষ্ঠরূপে শোভা করিতেন বলিয়া 'রাজ'। সোমযাগে সুনিপুণ বলিয়া পণ্ডিতগণ কর্ত্তৃক তিনি 'সোম' নামে 'অভিহিত'। নান্দীমুখ ক্রিয়ায় আনন্দ করিতেন বলিয়া 'নন্দী' অভিহিত। বিদ্যায় লোককে (চন্দতি) আনন্দ দান করিতেন বলিয়া 'চন্দ্র' অভিহিত। পাঠে ধারকের কার্য্য করণার্থ যাজ্যকে 'ধর' বলা যায়। যজ্ঞকুণ্ডে হোতৃত্ব করায় হোতা কুণ্ড বাচ্য হইয়াছেন। যাঁহার দ্বারা ধর্ম্ম সুরক্ষিত হইয়াছিল তিনি 'রক্ষিত' উপাধি ভূষিত হইয়াছেন। অদিতির সুত (বামন) বিষ্ণুর পূজা, করণার্থ 'আদিত্য' সংজ্ঞা হইয়াছে। নাগের (সর্পের) ন্যায় বায়ু আহার করিয়া তপস্যা করায় 'নাগ' বাচ্য হইয়াছেন। শ্রুতিস্মৃত্যাদিত আচার সম্যক্‌রূপে পালন করায় 'পাল' অভিহিত। এই সকল বৈদ্য (উপ) নামের এইরূপ উৎপত্তির হেতু শুনিতে পাওয়া যায়। এগুলি শাস্ত্রীয় নামান্ত নহে, ইহারা উপনাম। লৌকিক ব্যবহারে এই উপনামগুলি ব্যবহার্য্য, ক্রিয়াকালে ব্যবহার্য্য নহে। ব্রাহ্মণগণের ক্রিয়াকালে কেবল

শর্ম্মান্ত নামই ব্যবহার্য্য, যেহেতু ব্রাহ্মণের শর্ম্মবৎ নামই শাস্ত্র কল্পিত। ইতি।

"রাঢ়ীয়াষ্টক বৈদ্যগণের আদি স্থানসমূহ :—"সর্ব্ব সেনগণের কাঞ্জিশাগ্রাম, সর্ব্ব দাশগণের গোনগর, সর্ব্ব গুপ্তগণের করঙ্ক (কোট), সর্ব্ব দত্তগণের মোরশাসন, সর্ব্ব দেবগণের সমল্লগ্রাম, সর্ব্ব রাজগণের নেতৃশাসন, সর্ব্ব সোমপদ্ধতিকগণের মণিগ্রাম, এইগুলি রাঢ়ীয়াষ্টক বৈদ্যগণের মূল নিবাসস্থান, ইহাই ভিষক্‌তত্ত্ববিদ্‌গণ বলিয়া থাকেন।" ইতি।

উপরে আমরা সদ্বৈদ্যকুলচন্দ্রিকার প্রথম ছয় পৃষ্ঠার অনুবাদ দিলাম, ইহা হইতে বাঙ্গালার বৈদ্যসন্তানগণের জাতি শ্রেণী কুল ইত্যাদি বিষয় সুচারু ও অসন্দিগ্ধরূপে প্রমাণিত হইয়া থাকে। আমরা এক্ষণে নিঃসংশয়ে জানিতে পারিলাম বৈদ্যসন্তানগণ বৈদ্যজাতি নহে, তাঁহারা জাতিতে ব্রহ্মবক্ত্রজ ব্রাহ্মণ এবং বৈদ্যকুলজ বা ত্রিজকুলজাত। তাঁহারা বৈশ্যকন্যা পত্নীগর্ভে ব্রাহ্মণোৎপন্ন অম্বষ্ঠ জাতীয় পুত্রের বংশধর নহেন, অম্বষ্ঠদেশের অধিবাসী ছিলেন বলিয়া 'অম্বষ্ঠ' অভিহিত। বৈদ্যসন্তানগণ ব্রাহ্মণোত্তম ত্রিজগণের বংশধর, সুতরাং ব্রাহ্মণের মধ্যে তাঁহারা সর্ব্বশ্রেষ্ঠ কুলীন ছিলেন। অদ্যাপি 'বৈদ্য' শাখীয়গণ পঞ্চনদ বা সারস্বতপ্রদেশে সারস্বত শ্রেণীর ব্রাহ্মণগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ কুলীনরূপে সম্মানিত হইয়া থাকেন। দশবিধ মুখ্য ব্রাহ্মণ শ্রেণীর মধ্যে শাস্ত্রপ্রসিদ্ধ বৈদ্য বা ত্রিজকুলজগণ একমাত্র সারস্বত শ্রেণীর মধ্যেই অদ্যাপি দ্রষ্টব্য ; অন্য কোন শ্রেণীর মধ্যে শাস্ত্রপ্রসিদ্ধ বৈদ্যকুলজ বা ত্রিজকুলজ ব্রাহ্মণ পূর্ব্বে কখন ছিল না, এবং অদ্যাপি নাই। একমাত্র সারস্বত শ্রেণীর ব্রাহ্মণের মধ্যেই বৈদ্যকুলজগণ বর্ত্তমান এবং মহর্ষি শঙ্খের মতে বৈদ্যতা প্রাপ্তির অধিকারী বৈদ্যকুলজগণের বাস অম্বষ্ঠদেশেই পূর্ব্বে ছিল, সুতরাং অম্বষ্ঠদেশটি সপ্ত

সারস্বতদেশের অন্তর্গত কোন স্থান বিশেষ। ইহা সিন্ধুনদের পূর্ব্ব তীরে অবস্থিত। কেননা অম্বষ্ঠদেশের রাজা গ্রীকদিগকে পূর্ব্বাভিমুখে সিন্ধুনদ পার হইবার কালে বাধা দিয়াছিল। আমরা মনে করি 'আরাম'—সিন্ধুনদের পূর্ব্বভাগের বর্ত্তমান রাওয়ালপিণ্ডি জেলার, ও মদ্র—পঞ্জাবের বর্ত্তমান রাজধানী লাহোর যে ভূভাগে অবস্থিত তাহার, দক্ষিণে সিন্ধুনদের পূর্ব্ব তীরে এবং ত্রিগর্ত্ত ও মরুধন্বন অর্থাৎ যোধপুর এবং জিসলমীর রাজ্যের উত্তরে অবস্থিত, অতএব মূল বর্ত্তমান মূলতান ডিবিজনই অম্বষ্ঠদেশ। মহাভারতের সভাপর্ব্বের দিগ্বিজয় পর্ব্বাধ্যায়ের ভাষা হইতেও এইরূপে ইহার সন্নিবেশ স্থান নির্দ্দেশ হয়,—"তান্ দশর্ণান্ স জিত্বা চ প্রতস্থে পাণ্ডুনন্দনঃ। শিবীং স্ত্রিগর্ত্তান্ অম্বষ্ঠান্ মালবান্ পঞ্চকর্পটান্॥" বিষ্ণুপুরাণেও "মদ্রারামাস্তথাম্বষ্ঠাঃ" (বিঃ পুঃ ২ অং, ৩ অঃ, ১৭ শ্লোঃ) এই বাক্যে মদ্র ও আরামের সন্নিকটবর্ত্তী অম্বষ্ঠদেশ সূচিত হয়। সরস্বতী এবং দৃষদ্বতী এই দুই দেবনদীর মধ্যবর্ত্তী স্থান যাহা ব্রহ্মাবর্ত্ত নামে, বা মূল সারস্বতদেশ নামে, বিখ্যাত তাহাই ভারতের ব্রাহ্মণগণের প্রাচীনতম বাসস্থান। এই দেশের ব্রাহ্মণগণের আচার, মনুর মতে, আদর্শ সদাচার এবং সর্ব্বদেশে সকল বর্ণ ও জাতির পালনীয়। ক্রমে সমস্ত বর্ত্তমান পঞ্চনদ প্রদেশ সারস্বতদেশ অভিহিত হয়। ক্রমে ক্রমে ব্রাহ্মণগণ ভারতের অন্যান্য দেশেও বিস্তৃত হইয়া পড়েন। ভিন্ন ভিন্ন দেশে বাসনিবন্ধন আদর্শ সারস্বত ব্রাহ্মণসমাজ হইতে তত্তদ্দেশবাসিগণের আচারগত বৈষম্যোদয়ে শ্রেণী ভেদ করিবার কারণ হয়। এইরূপে ক্রমশঃ পূর্ব্ব পূর্ব্বের শ্রেষ্ঠতানুক্রমে দশবিধ শ্রেণী উৎপন্ন হয়। যথা—

"সারস্বতা কান্যকুব্জা গৌড়মৈথিলিকোৎকলাঃ।
পঞ্চ গৌড়া সমাখ্যাতা বিন্ধ্যস্যোত্তরবাসিনঃ॥

কর্ণাটাশ্চৈব তৈলঙ্গা গুর্জ্জরা রাষ্ট্রবাসিনঃ।
অন্ধ্রাশ্চ দ্রাবিড়াঃ পঞ্চ বিন্ধ্যদক্ষিণবাসিনঃ॥" (স্কন্দপুরাণ)

শাস্ত্রে শ্রেষ্ঠাদিক্রমে নামোল্লেখ করণীয়। অতএব সারস্বত শ্রেণী দশবিধ ব্রাহ্মণ শ্রেণীর মধ্যে শ্রেষ্ঠতম। এবং বৈদ্য বা ত্রিজকুলজগণ সারস্বত শ্রেণীর মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ কুলীন। সুতরাং বাঙ্গালার বৈদ্যকুলজ ব্রাহ্মণগণ সর্ব্বশ্রেষ্ঠ ব্রাহ্মণশ্রেণীর সর্ব্বশ্রেষ্ঠ কুলীন।

স্মার্ত্ত রঘুনন্দন আপস্তম্বের—"বংশপরম্পরাপ্রসিদ্ধাদিপুরুষ-ব্রাহ্মণরূপং গোত্রম্। পৌরোহিত্যান্ গোত্রপ্রবরান্ রাজন্যবিশঃ প্রাবৃণুত॥" এই বচনটি উদ্ধৃত করিয়া প্রমাণ করিয়াছেন যে, নিজ নিজ বংশপরম্পরা প্রসিদ্ধ আদিপুরুষই ব্রাহ্মণের গোত্রকারক ঋষি। ক্ষত্রিয় ও বৈশ্যগণের গোত্র এবং প্রবর তাহাদের আদি পুরোহিতের গোত্র প্রবরানুযায়ী হইয়া থাকে, অর্থাৎ ক্ষত্রিয় এবং বৈশ্যের গোত্রকারক ঋষি তাহাদের স্ব স্ব পূর্ব্বপুরুষ নহেন, তাহাদের স্ব স্ব আদি পুরোহিতের পূর্ব্বপুরুষ। বৈদ্যসন্তানগণের গোত্র সম্বন্ধে বৈদ্যরাজ ভূশূরের বৈদ্য মন্ত্রী ঋষি চন্দ্রশেখর সেন মহাকবিচন্দ্র ঋষিসূত্রে লিখিয়াছেন,—

যস্য যস্য মুনে র্যো যঃ সন্তানঃ স স বিশ্রুতঃ।
তত্তদ্‌গোত্রাদিনা বেদ্যঃ শ্রৈষ্ঠ্যাস্তস্তু স্বকর্ম্মণা॥

সদ্বৈদ্যকুলচন্দ্রিকাধৃত, ১৭ পৃঃ।

"যে যে বৈদ্যসন্তান যে যে গোত্রকারক মুনির সন্তান, সেই সেই বৈদ্য-সন্তান তত্তদৃষির গোত্র জানিবে, ইহাঁদের শ্রেষ্ঠতাদি পরে স্ব স্ব কর্ম্মের দ্বারা হইয়াছে।" অর্থাৎ বংশপরাম্পরা প্রসিদ্ধ আদিপুরুষগণই বৈদ্যগণের গোত্রকারক ঋষি, সুতরাং তাহারা ব্রাহ্মণ জাতি ইহা সুনিশ্চয় হইল।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় যে বৈদ্যকুল কথাটির উল্লেখ হইয়াছে, তৎসম্বন্ধে আমাদের কিঞ্চিৎ আলোচনা আবশ্যক। শ্রুতিতে "বিপ্রঃ স উচ্যতে

ভিগক্"—ইত্যাদি বচনে ব্রাহ্মণই ভিষক্ হইবার অধিকারী, অপর কোন জাতি নহে, ইহা উক্ত হইয়াছে। আয়ুর্ব্বেদের চরকসুশ্রুতেও ইহাই বিহিত হইয়াছে। সুতরাং ব্রাহ্মণেতর কোন জাতিকে কোন শাস্ত্রই আয়ুর্ব্বেদীয় চিকিৎসার অধিকার প্রদান করিতে পারে না, করিলে শ্রুতিবিরুদ্ধ বলিয়া তাহা অপ্রামাণ্য হইবে। পরন্তু আয়ুর্ব্বেদীয় চিকিৎসাটি ব্রাহ্মণের জাতীয় জীবিকাবৃত্তি নহে। আমরা দেখিব ইহা (চিকিৎসা) ব্রাহ্মণের বিশেষ কুলজাতের বিশেষ অবস্থা প্রাপ্ত পুরুষের ধর্ম্ম বা বৃত্তি। আয়ুর্ব্বেদবিদ্য না হইলে কাহারও চিকিৎসা করিবার অধিকার হয় না। আয়ুর্ব্বেদবিদ্য হইতে হইলে আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিতে হইবে। পূর্ব্বে ঋক্ যজুঃ ও সাম এই তিন বেদ অধ্যয়ন সমাপ্তি করিবার পর, অধ্যয়নার্থীকে আয়ুর্ব্বেদে উপনীত হইতে হইত। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য-প্রকৃতিক কেবল আয়ুর্ব্বেদাধ্যায়ী কুলজ শিষ্যগণই আয়ুর্ব্বেদাধ্যয়নে অধিকারী, উক্ত তিন বর্ণের অপর কোন কুলজ আয়ুর্ব্বেদাধ্যয়নে অধিকারী নহে। চরকে আছে—আয়ুর্ব্বেদাধ্যায়ী কুলজ ক্ষত্রিয় কেবল আত্মরক্ষার্থ এবং বৈশ্য তাহার স্ববৃত্তি আয়ুর্ব্বেদীয় পণ্যের বাণিজ্যার্থ আয়ুর্ব্বেদাধ্যয়ন করিবার অধিকারী, কেবল আয়ুর্ব্বেদাধ্যায়ী কুলজ ব্রাহ্মণ শিষ্যই প্রজাগণের রোগোপশমনরূপ অনুগ্রহার্থ বা চিকিৎসার্থ আয়ুর্ব্বেদাধ্যয়নপূর্ব্বক আয়ুর্ব্বেদবিদ্য বৈদ্য হইবার ও বৈদ্য হইয়া চিকিৎসা করিবার অধিকারী। পূর্ব্বে আয়ুর্ব্বেদে উপনীত ব্রাহ্মণ শিষ্যকে অগ্রে অন্য বেদ ও উপবেদসমূহ অধ্যয়নপূর্ব্বক পরে আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিতে হইত। সুতরাং আয়ুর্ব্বেদ সমাপ্তি হইলে তাঁহার সমগ্র বৈদিক (অর্থাৎ চতুর্ব্বেদ ও অষ্ট উপবেদ) বিদ্যার পরিসমাপ্তি হইত, বলিয়াই সেই আয়ুর্ব্বেদবিদ্য ব্রাহ্মণকে বৈদ্য বলা যায়। এবং যিনি এইরূপে বৈদ্য হইয়াছেন, তাঁহাতে সমস্ত ব্রাহ্মী বিদ্যা সমাবিষ্ট হইয়াছে

বলিয়া তিনি সর্ব্বপ্রাণীর গুরুবৎ পূজ্য এবং ত্রিজ নামে অভিহিত। যে ব্রাহ্মণের আয়ুর্ব্বেদাধ্যয়নের অধিকার নাই তিনি, সর্ব্ব ব্রাহ্মীবিদ্যায় পারদর্শী হইতে না পারায়, বৈদ্য বা ত্রিজ নামে অভিহিত হইতে পারেন না। **এইরূপে আয়ুর্ব্বেদবিদ্যকুলজ ব্রাহ্মণ বৈদ্যত্ব বা ত্রিজত্ব প্রাপ্ত হইলে চিকিৎসা করিবার অধিকার লাভ করিতেন।** চরক আয়ুর্ব্বেদাধ্যায়ী কুলজগণকে দ্বিধা বিভাগ করিয়াছেন যথা, আয়ুর্ব্বেদবিদ্য-কুলজ এবং আয়ুর্ব্বেদবিদ্যাবৃত্তকুলজ। 'আয়ুর্ব্বেদবিদ্যকুলজ' শব্দে বৈদ্যকুলজ ব্রাহ্মণকে এবং 'আয়ুর্ব্বেদবিদ্যাবৃত্তকুলজ' শব্দে যে ক্ষত্রিয় ও বৈশ্য শিষ্যের কুলে আয়ুর্ব্বেদাধ্যয়নের ব্যবহার প্রচলিত আছে তাহাকে বুঝায়। কিন্তু দেখা যায় যে, বৈদ্য গোত্রকারক ঋষির বংশের কেবল কতকগুলি ধারা মাত্র বৈদ্যকুলজ এবং অপর ধারাগুলি অবৈদ্যকুলজ। যেমন ভরদ্বাজগোত্রের অধিকাংশ ধারাই অবৈদ্যকুলজ এবং কতকগুলি ধারা মাত্র বৈদ্যকুলজ। ইহার কারণ এই যে, গোত্রকারক বৈদ্যঋষির বংশে যে ধারাগুলিতে পিতা পুত্রানু-ক্রমে, আয়ুর্ব্বেদাধ্যায়ী বৈদ্যকুল নির্দ্দিষ্ট হইবার দিন পর্য্যন্ত, সকল বংশধরই বৈদ্য হইয়াছিলেন, কেবল সেই ধারাগুলিই আয়ুর্ব্বেদে বৈদ্যকুল বা আয়ুর্ব্বেদবিদ্যকুল বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। তদবধি কৌলীন্যের ন্যায় তৎকুলজ ব্রাহ্মণগণ আয়ুর্ব্বেদ অধ্যয়নপূর্ব্বক বৈদ্য হইয়া চিকিৎসা করিবার অধিকার প্রাপ্ত হইয়াছেন—ইঁহারাই আয়ুর্ব্বেদশাস্ত্রপ্রসিদ্ধ বৈদ্যকুলজ। এই জন্য অধিকাংশ বৈদ্য গোত্রকারক ঋষির কুলে বৈদ্যকুলজ এবং অবৈদ্যকুলজ উভয় প্রকার সন্তানই আছে। একমাত্র মহর্ষি ধন্বন্তরির বংশেই কেবল বৈদ্যকুলজ আছে, অবৈদ্যকুলজ ব্রাহ্মণ নাই, তাহার কারণ নারায়ণাবতার মহর্ষি দিবোদাস ধন্বন্তরিই আয়ুর্ব্বেদাধ্যায়ী কুল নির্দ্দেশ করেন। সেই জন্য তদ্বংশীয়েরা সকলেই বৈদ্যকুল।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকা হইতে আমরা দেখিতে পাই যে, রাঢ়ীয় ভিষক্

সন্তানগণ স্থানান্তরে গিয়া সেনভূমি, মল্লভূমি, ধলভূমি, উত্তর দেশ পৌণ্ড্র নেপালাদি, বঙ্গ, পূর্ব্ব দেশ,—শ্রীহট্ট চট্টল ত্রিপুরা কাছাড়াদি, উড়িষ্যা (ওড্র কলিঙ্গ) এবং দক্ষিণ দেশে—দাক্ষিণাপথের কর্ণাট, তৈলঙ্গ, গুর্জ্জর, মহারাষ্ট্র এবং অন্ধ্র দেশে—গিয়া বাস করিয়াছেন, এবং তত্তৎ স্থানে স্ব স্ব সমাজ স্থাপন করিয়াছেন। যথা—

ভূপ-বিমলসেনজাঃ সেনভূমিং কৃতাশ্রয়াঃ (৩০ পৃঃ)। বিনসেনান্বয়াঃ সর্ব্বে ধলভূমিং কৃতাশ্রয়াঃ (৩০ পৃঃ)। কার্য্যতঃ স (পাত্রদামোদর সেনঃ) শিখরভূমিমাশ্রিতঃ (৩০ পৃঃ)। বুয়িসেনাহ্বয়ো বীজী বঙ্গভূমৌ প্রতিষ্ঠিতঃ (৩০ পৃঃ)। চন্দ্রসেনাহ্বয়ো বীজী চন্দ্রদ্বীপে নিবাসকৃৎ (৩১ পৃঃ)। পূর্ব্বং জাতঃ সুতো হলো মল্লভূমিং কৃতাশ্রয়ঃ (৩১ পৃঃ)। তন্নাম্না তস্য বংশ্যাশ্চ বঙ্গে সর্ব্বত্র বিশ্রুতাঃ (৩১ পৃঃ)। সেননৃপতিবংশীয়া রাঢ়াৎ কর্ণাটকং গতাঃ, অথ রাঢ়ে ততো বঙ্গে রামপালং কৃতাশ্রয়াঃ (৩২ পৃঃ)। পুত্রাদ্যা স্তস্য সর্ব্বেঽপি চোত্তরদেশমাশ্রিতাঃ (৩৫ পৃঃ)। তোয়ী দাশঃ পুনস্ত্বেকো বঙ্গদেশং কৃতাশ্রয়ঃ (৩৫ পৃঃ)। রামদাশ পুনস্ত্বেকো বীজী বঙ্গমুপাশ্রিতঃ (৩৫ পৃঃ)। স্ববংশ্যৈ র্ভীমপুরৌ স বঙ্গদেশে নিবাসকৃৎ (৩৭ পৃঃ)। গুপ্তজাঃ সর্ব্বগোত্রীয়া দেশান্তর মুপাশ্রিতাঃ (৩৮ পৃঃ)। বল্লাল ভয়তোঽনন্তঃ পূর্ব্বাং দিশং পলায়িতঃ (৩৮ পৃঃ)। সপ্তগ্রামাৎ স্ববৃন্দেন বঙ্গদেশং কৃতাশ্রয়ঃ (৩৯ পৃ)। তস্য পুত্রো নৃসিংহশ্চ বিক্রমপুরমাশ্রিতঃ (৩৯ পৃঃ)। দেবোপাধিক বীজিনো নানাদিগ্দেশবাসিনঃ (৩৯ পৃঃ)। ওড্রাদিদেশমাশ্রিত্য নানাদেশে বসন্তি তে (৩৯ পৃঃ)। কেচিচ্চ দক্ষিণাং দিশং নানাদেশাশ্রিতাঃ পরে (৪০ পৃঃ)। দক্ষিণাং দিশমাশ্রিত্য নানাস্থানে বসন্তি তে (৪০ পৃঃ)। ওড্রবঙ্গবরেন্দ্রাদি নানাদিগ্দেশমাশ্রয়াঃ (৪০ পৃ)। রাঢ়দেশং পরিত্যজ্য বিক্রমপুরমাশ্রিতঃ (৪১ পৃঃ)। ইত্যাদি

স্বর্গত কবিরাজ নগেন্দ্রনাথ সেন মহাশয়ের ঔষধালয়ে আমাদের সহিত এক নেপালী চিকিৎসকের আলাপ হয়, যিনি উক্ত ঔষধালয়ে অদ্যাপি শিলাজতু প্রভৃতি সরবরাহ করেন, তাঁহার উপাধি সেন। তিনি বলেন রাঢ়ীয় বৈদ্যকুলজ ব্রাহ্মণদিগের কতকগুলি বংশ স্মরণাতীত কাল হইতে নেপালে বাস করিতেছে, তাহাদের কৌলিকবৃত্তি আয়ুর্ব্বেদীয় চিকিৎসা। তাহারা তথায় চিরদিনই ব্রাহ্মণ বলিয়া সম্মানিত, ব্রাহ্মণোচিত আচারেই আছে, সেন দাশাদি উপাধিও ধারণ করে এবং তাঁহার মত কেহ কেহ চিকিৎসাও করে।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকার ১৫শ পৃষ্ঠার নিম্নলিখিত ভাষানুবাদের প্রতি আমরা পাঠকগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিতেছি :—

রাঢ়ীয় ভিষক্‌গণের প্রায় সকল উপাধির লোকই উড়িষ্যায় গিয়াছে এবং বিন্ধ্যাপর্ব্বতের দক্ষিণস্থ দাক্ষিণাপথের দেশসমূহেও কতকগুলি গিয়া বাস করিয়াছে। দেশান্তরোদ্ভবগণ ভিষকুলে বিনিন্দিত গণ্য। তাহাদের সহিত সম্বন্ধে রাঢ়ীয় ভিষক্‌গণের কুলে নিন্দ্যতম আঘাত হইয়া থাকে। (ওড্র) উড়িষ্যাদেশনিবাসী ঐ সকল সারস্বত ব্রাহ্মণগণ অদ্যাপি (সেন দাশাদি) স্ব স্ব কুলোপনামসকল ধারণ করিতেছে এবং রাঢ়ীয়াচারেই অবস্থিত। বেদবিস্মৃত উড়িষ্যায় তাহারা পুনরায় বেদের চর্চ্চা বিস্তার করায়, তথাকার লোকের নিকট, তাহারা বৈদিক ব্রাহ্মণ নামে প্রথিত হইয়াছে। যাহারা দক্ষিণাপথে গিয়া বাস করিতেছে, তাহারা অধুনা (সেন দাশাদি) কুলপদ্ধতি সকল পরিত্যাগ করিয়া লুপ্ত পদ্ধতিক হইয়াছে এবং সেনান্বী ও গৌড়রাস্বত ব্রাহ্মণ এই উভয় নামেই দাক্ষিণাপথের সর্ব্বত্র প্রসিদ্ধ। তাহারা দ্রাবিড়াচার অবলম্বন করিয়া এক্ষণে সপিণ্ডা কন্যাকে বিবাহ করে, তজ্জন্য তাহাদের সহিত সম্বন্ধ করা উচিত নহে।”

দাক্ষিণাপথের সর্ব্বত্রই অদ্যাপি সেনবী ও গৌড় সারস্বত এই যুগল নামে পরিচিত এক শ্রেণীর ব্রাহ্মণ আছে। বোম্বাই হাইকোর্টের ভূতপূর্ব্ব জজ ত্র্যম্বক তেলাঙ্গ এবং চন্দ্রবারকর উভয়েই এই সেনবী ব্রাহ্মণ বা গৌড়সারস্বত ব্রাহ্মণ শ্রেণীর লোক ছিলেন। দক্ষিণাপথের কোন ব্রাহ্মণই মৎস্যভোজী নহে, কিন্তু সেনবী বা গৌড়সারস্বত ব্রাহ্মণগণ অদ্যাপি মৎস্যভোজী। পূতিশাক দক্ষিণাপথে কেহ আহার করে না. বাঙ্গালা দেশের লোক ব্যতীত অন্য কোনদেশের লোকে ইহা খায় না। বাঙ্গালীরা ইহাকে পুঁই এবং সেনবীরা ইহাকে পোই বলে। বাঙ্গালীরা ইহা আদরের সহিত ভোজন করে, সেনবীগণের ও পোই অতি প্রিয় এবং সকলের গৃহেই ইহা আদরের সহিত রোপিত হয়। এইরূপ মৎস্য ও পূতিশাকাহার সেনাহ্বী নাম এবং সারস্বত ব্রাহ্মণের গৌড় বিশেষণটি বিশেষরূপে সংসূচিত করে যে, ইহারা গৌড়াখ্য বাঙ্গালাদেশ হইতে আগত সেনাদি ভিষক্‌বংশীয়গণেরই সম্প্রদায়ভুক্ত। সেনবীগণের ব্রাহ্মণ পরিচয়, ব্রাহ্মণাচার ও সারস্বত নাম রাঢ়ীয় ভিষক্‌গণকে স্মরণ করাইয়া দিতেছে যে, তাহারাও সারস্বত ব্রাহ্মণ। জয়সেনের নিষেধ মতে তাঁহার সময়ে সেনবীগণের সহিত রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের সম্বন্ধ লোপ হয়, তাহার কারণ সেনবীগণ তখন (অধুনা) দ্রাবিড়াচার অবলম্বনপূর্ব্বক সপিণ্ডা কন্যাকে বিবাহ করিতেছিল। ইহাতেই প্রমাণ হয়, জয়সেনের পূর্ব্বে সেনবীদিগের সহিত রাঢ়ীয় বৈদ্যদিগের সম্বন্ধ হইত।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকার প্রমাণানুসারে আমরা অবগত হইয়া থাকি, রাঢ়ীয় ভিষক্‌গণের প্রায় সকল উপাধিকই উড়িষ্যায় গিয়া তথায় বৈদিক ব্রাহ্মণ নামে প্রসিদ্ধ। এই বৈদিক ব্রাহ্মণগণ জয়সেনের সময় (১২২৭ শকাব্দেও) রাঢ়ীয় বৈদ্যকুলোদ্ভবগণের ন্যায় নামের সহিত সেন,দাশাদি উপনামগুলি ব্যবহার করিতেছিল এবং অশৌচ গ্রহণ ও শাস্ত্রীয় ক্রিয়া

কৰ্ম্ম সকল রাঢ়ীয় বৈদ্যকুলোদ্ভব ব্রাহ্মণগণের আচারানুযায়ীই করিত এবং অদ্যাপি করে। ভূপতি বল্লালসেনের পূর্ব্বাবধি জয়সেনের সময় পর্য্যন্ত রাঢ়ীয় বৈদ্যব্রাহ্মণগণের সহিত উড়িষ্যার বৈদিক বিপ্রদিগের কন্যা আদান প্রদান হইয়াছে। এইরূপ তিনটি সম্বন্ধ সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় লিপিবদ্ধ রহিয়াছে, তন্মধ্যে দুইটি জয়সেনের সময়েরই সম্বন্ধ :—

১। বাণ সেন, শশী সেন, এবং পুণ্ডরীকাক্ষসেন নামে বিদ্যাপতি সেনের তিনটি পুত্র, উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণ বিদদাশের দৌহিত্র (১০০ পৃঃ)।

২। পক্ষান্তরে (গোবিন্দসেনের) মার্কণ্ডেয়, বিদ্যাধর উৎসাহকর এবং সর্ব্বকনিষ্ঠ তারাপতি এই চারিপুত্র কলিঙ্গদেশীয় বৈদিক বিপ্র বৃঢন সেনের দৌহিত্র (১৪৩ পৃঃ)।

৩। ভানুগুপ্তের গোপাল নিতাই বিশ্বনাথ এবং মকরন্দ নামক পুত্র চতুষ্টয়, উড়িষ্যার বৈদিক বিপ্র হরিসেনের দৌহিত্র (২২০ ২২১ পৃঃ)।

এই শেষোক্ত বিবাহ দুইটি জয়সেনের সময়ের সম্বন্ধ। উড়িষ্যা ও কলিঙ্গের বৈদিকব্রাহ্মণগণের সহিত এই সম্বন্ধ রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের কুলে নিন্দ্যতম আঘাত করিয়া তাহাদিগকে নিন্দ্যতম নিষ্কুলে পাতিত করিত। উড়িষ্যার বৈদিক বিপ্রগণের শর্ম্মান্ত নাম ব্যবহারে অশৌচে ও শাস্ত্রীয় ক্রিয়া কর্ম্মে অদ্যাপি কোন পরিবর্ত্তন হয় নাই, পূর্ব্ববৎ অদ্যাপি রাঢ়ীয় আচারেই রহিয়াছে। অতএব এইরূপ সম্বন্ধের দ্বারা ইহাই নিঃসংশয়ে প্রমাণ হয় যে, জয়সেনের সময়ে রাঢ়ীয় বৈদ্যসন্তানগণ ব্রাহ্মণোচিতভাবে অশৌচ পালন, শাস্ত্রীয় ক্রিয়া কর্ম্ম এবং শর্ম্মান্তনাম ব্যবহার করিতেন।

জয়সেনের বৈদ্যকুলচন্দ্রিকার ত্রিশতাধিক সপ্ততিতম বৎসর পরে লিখিত চন্দ্রপ্রভায় আরও কয়েকটি উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণগণের

সহিত রাঢ়ীয় বৈদ্যব্রাহ্মণদিগের কন্যা আদান প্রদান লিপিবদ্ধ হইয়াছে, তন্মধ্যে তিন চারিটি সম্বন্ধ মহামহোপাধ্যায় ভরত মল্লিকের নিজ সময়ের ব্যাপার। মহাত্মা ভরত সেই বিবাহ রাঢ়ীয় সমাজে দৈবদোষ (নিন্দ্যতম আঘাত) বলিয়া বর্ণন করিতেছেন। অতএব দেখা যাইতেছে যে, পলাশী যুদ্ধের ৮২ বৎসর পুর্ব্বেও রাঢ়ীয় বৈদ্যসমাজের ব্রাহ্মণাচারের কোন ব্যতিক্রম হয় নাই।

ঘোর বৈদ্যবিদ্বেষী নবদ্বীপাধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্র রায় স্বয়ং বৈদ্য-বংশাবতংস ভক্তযোগী শিরোমণি কুমারহট্টের (হালিসহর, ২৪ পরগণার) রামপ্রসাদ সেনকে ১০১ বিঘা ভূমি ব্রহ্মত্রারূপে অর্পণ করেন, ইহা কুমার-হট্টের সর্ব্বজনবিদিত। পলাশী যুদ্ধের দুই বৎসব পূর্ব্বে ১৭৫৫ খৃষ্টাব্দে দোরো পরগণার কায়স্থ ভূস্বামী যাদবরাম চৌধুরী, কুমারহট্টের বৈদ্যবংশীয় পণ্ডিত নন্দরাম বিশারদকে, একই দলীলে দোরো পরগণার এক বিঘা ভূমি ব্রহ্মত্রারূপে এবং ১০০ বিঘা ভূমি নন্দরামের গৃহদেবতা শ্রীশ্রীলক্ষ্মীনারায়ণ শালগ্রাম ঠাকুরকে দেবত্রারূপে অর্পণনামা লিখিয়া দেন, সেই ব্রহ্মত্রা ভূমি নন্দরাম বিশারদের অতিবৃদ্ধপ্রপৌত্র বিনয়কৃষ্ণ গুপ্ত শর্ম্মা অদ্যাপি ভোগ দখল করিতেছেন। এতদ্দ্বারা অসংশয়িতরূপে প্রমাণ হয় যে, ১৭৫৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাঢ়ীয় বৈদ্যসমাজের ব্রাহ্মণত্বের কোন বৈলক্ষণ্য হয় নাই। অতএব যে সকল রাঢ়ীয় বৈদ্যসন্তান ইহা সত্ত্বেও বলিয়া থাকেন যে, তাঁহারা কোন দিনই ব্রাহ্মণ ছিলেন না এবং তাহাদের পিতৃপিতামহাদি পূর্ব্বপুরুষের চিরাচরিত বৈশ্যবৎ আচার পরিত্যাগপূর্ব্বক ব্রাহ্মণবৎ আচার গ্রহণে তাঁহাদের পাপ হইবে, তাঁহারা কতদূর নিজ সমাজ তত্ত্ববিষয়ে অনভিজ্ঞ ও মোহান্ধ তাহা পাঠকগণ বিচার করিবেন।

বৈদ্যকুলজ সেনবংশীয় নরপতি বল্লালসেনের কৌলীন্য প্রবর্ত্তনে

আদিশূর নৃপানীত পঞ্চবিপ্রের সন্তানগণের হৃদয়ক্ষেত্রে যে বৈদ্যবিদ্বেষ-রূপ বীজ রোপিত হইয়া এতাবৎ আন্দোলনরূপ জলসিঞ্চনে বহু শাখা প্রশাখাসমন্বিত মহামহীরুহে বিবর্দ্ধিত হইয়াছিল, তাহা মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের প্রযত্নে পুষ্পফলান্বিত হইয়া রাঢ়ীয় বৈদ্যসন্তানগণকে বৈশ্যাচারী অম্বষ্ঠ জাতিতে পরিণত করিয়াছিল।

নরপতি বল্লালসেনের সময়েই ভিতর ভিতর পঞ্চবিপ্রবংশীয়েরা যে অম্বষ্ঠদেশাগত বৈদ্যকুলজ ব্রহ্মবন্ধুজগণের বিরুদ্ধে অম্বষ্ঠ জাতিত্বের আরোপ পূর্ব্বক আন্দোলন করিতে আরম্ভ করেন। ভূপতি লক্ষ্মণসেনের বাজসনেয়-কাণ্বশাখীয়-ব্রাহ্মণকুলদীপের নিম্নলিখিত শ্লোকের—"গৌড়-দেশস্থিতাশ্চৈতে বৈদ্যনাম্না সুবিশ্রুতাঃ। শাখীয়া দ্বিবিধা প্রোক্তাঃ সারস্বতাশ্চ সৈন্ধবাঃ॥ শ্রেণ্যা সারস্বতাঃ সর্ব্বে বিজ্ঞেয়া ব্রাহ্মণাশ্চ তে। **জাত্যা বৈদ্যা ন বিজ্ঞেয়া নাম্বষ্ঠজাতয়োঽপি চ।**"—চিহ্নিত কথাগুলিই তাহার প্রমাণ। এই বিদ্বেষের ফলেই লাক্ষ্মণেয়াখ্য ভূপতি কেশবসেনের রাজ্য পঞ্চ ব্রাহ্মণবংশের মহামাত্য পশুপতি শর্ম্মার বিশ্বাস-ঘাতকতায় বক্তিয়ার খিলজীর করে সমর্পিত হয় (১৪৮ পৃঃ)। এই বিদ্বেষের ফলেই বিশ্বাসঘাতকতায় সেনরাজবংশীয় ভূপতি দ্বিতীয় বল্লালসেনের রাজ্য নাশ হয় এবং তিনি সবংশে চিতানলে ভস্মীভূত হন। এই বিদ্বেষের বশবর্ত্তী হইয়া মনুটীকায় কুল্লুকভট্ট নিরপরাধ অম্বষ্ঠ জাতির প্রতি অভদ্রোচিত কটু ভাষা প্রয়োগ-পূর্ব্বক তাহাদের বৈশ্যবৎ আচার পালনীয় বলিয়া ব্যবস্থা দিয়াছেন। এই বিদ্বেষবশেই স্মার্ত্ত রঘুনন্দন তদীয় শুদ্ধিতত্ত্বে মিথ্যা করিয়া মনুর নামে অম্বষ্ঠের শূদ্রজাতিত্বের ব্যবস্থা দিয়াছেন। এইরূপে শাস্ত্রপ্রসিদ্ধ বৈদ্যকুলজ ব্রহ্মবন্ধুজের জাতিনাশের জন্য ক্রমান্বয়ে ছয় শতাধিক বর্ষ আন্দোলনের পরে, মহারাজ কৃষ্ণচন্দ্র রায় রাঢ়ীয় বৈদ্যসন্তানগণকে

কৌশল ও অত্যাচার দ্বারা অম্বষ্ঠ বা অব্রাহ্মণ বৈশ্যজাতিতে পরিণত ও বৈশ্যবৎ আচার গ্রহণ করিতে বাধ্য করেন। মহারাজা কৃষ্ণচন্দ্র রায় যখন বাঙ্গালার বৈদিক ব্রাহ্মণ ও আদিশূরানীত পঞ্চব্রাহ্মণ সন্তানগণের সমস্ত বিশিষ্ট পণ্ডিতগণকে নিষ্কর ভূমি প্রদানপূর্ব্বক বৈদ্যেতর ব্রাহ্মণসমাজের একচ্ছত্রনায়ক হইয়া উঠিয়াছিলেন, ঠিক সেই সময়েই রাজনগরাধিপতি ব্রাত্যীভূত বঙ্গজবৈদ্যসমাজের শিরোমণি মহারাজ রাজবল্লভ রায়, ব্রাত্যপ্রায়শ্চিত্তপূর্ব্বক উপনয়ন গ্রহণের স্মার্ত্ত ব্যবস্থাপত্র সংগ্রহার্থী হইয়া, সখা জ্ঞানে নবদ্বীপাধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের শরণ লয়েন। সেই সুযোগে মহারাজ কৃষ্ণচন্দ্র রায় কাশী কাঞ্চীত্যাদি হইতে বিদেশীয় অত্যল্প সংখ্যক পণ্ডিত এবং বশীভূত সমগ্র গৌড়দেশীয় দুই শতাধিক পণ্ডিত লইয়া রাজনগরে স্মার্ত্ত সভা করান। তাহাতে মহারাজ রাজবল্লভের পক্ষ হইয়া মহারাজ কৃষ্ণচন্দ্র পণ্ডিতগণকে মিথ্যা বলিয়া এই নিবেদন করেন যে, ভূপতি বল্লালসেনাদি পূর্ব্ব পূর্ব্ব অম্বষ্ঠজাত্যাখ্য বৈদ্যসন্তানগণের চিরদিনই বৈশ্যবৎ সংস্কার ও আচার বর্ত্তমান ছিল। পিতা পুত্রের কলহে পুত্র লক্ষ্মণসেনের কোপে কতকগুলি বৈদ্যসন্তান ব্রাত্যীভূত হন। রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের অশৌচ ও সংস্কারাদি ক্রিয়া কর্ম্ম অদ্যাপি বৈশ্যবৎ হইয়া থাকে। সুতরাং ব্রাত্যপ্রায়শ্চিত্তান্তে বঙ্গজ বৈদ্যসন্তানগণ বৈশ্যবৎ উপনয়নাদি সংস্কার ক্রিয়াকর্ম্ম করণের ও অশৌচ পালনের অধিকারী। বাঙ্গালার পণ্ডিত-মণ্ডলী মহারাজ কৃষ্ণচন্দ্রের উক্তির সত্যতা স্বীকার করিলে, সমগ্র পণ্ডিতমণ্ডলী, বৈদ্যসন্তানগণ অম্বষ্ঠজাতি বিধায়, কুল্লুকভট্টের মতানুযায়ী তাঁহারা বৈশ্যবৎ অশৌচ ও সংস্কারাদি ক্রিয়াকর্ম্মের যোগ্য বলিয়া ব্যবস্থা দেন। এইরূপ কৌশলে ব্যবস্থাপত্র সংগ্রহ করিয়া মহারাজ কৃষ্ণচন্দ্র রায় প্রচার করিলেন যে, **সমগ্র ভারতের** শ্রেষ্ঠ স্মার্ত্ত পণ্ডিতগণ এক-

বাক্যে ব্যবস্থাপত্রে বলিয়াছেন যে, বৈদ্যসন্তানগণ অম্বষ্ঠজাতি—তাহাদের অশৌচ ও সর্ব্ব ক্রিয়াকর্ম্ম বৈশ্যোচিৎ হইবে, সুতরাং যে যাজক ব্রাহ্মণ রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের ক্রিয়াকর্ম্ম বৈশ্যবৎ না করাইবেন, তিনি সামাজিক দণ্ড প্রাপ্ত হইবেন, এবং তিনি নিষ্কর ব্রহ্মত্রাভূমি লাভেও বঞ্চিত হইবেন। এবংনিজ জমিদারীতে সমস্ত নায়েবাদি কর্ম্মচারীর উপর গোপনে আদেশ করিয়া দিলেন যে, দেখিবে যেন বৈদ্যসন্তান মাত্রেই যজ্ঞসূত্র গলদেশে ধারণ না করিয়া কটিদেশে ধারণ করে, আর যে বৈদ্য পঞ্চদশাহ অশৌচ পালন না করিয়া দশাহ অশৌচ পালন করিবে, এবং যে বৈদ্যসন্তান শাস্ত্রীয় ক্রিয়া কর্ম্ম বৈশ্যবৎ না করিয়া ব্রাহ্মণবৎ করিবার অভিলাষী হইবে, তাহাকে বলপূর্ব্বক বৈশ্যবদাচারে করাইবে এবং অবাধ্যতার জন্য পরে যৎপরোনাস্তি শাস্তি দিবে। রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের পুরোহিতগণ, যাঁহারা এতাবৎ-কাল শত আন্দোলন সত্ত্বেও কর্ণপাত করেন নাই, বৈদ্যগণের ব্রাহ্মণবৎ অশৌচ ও ক্রিয়া কর্ম্ম করাইতেছিলেন, তাঁহারা, এক্ষণে স্মার্ত্ত ব্যবস্থায় বিচলিত হইয়া, নিষ্কর ব্রহ্মত্রা ভূমির লোভে এবং সমাজদণ্ডের ভয়ে, রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের ব্রাহ্মণবৎ ক্রিয়াকর্ম্মে যাজকতা করিতে অস্বীকার করিলেন। এইরূপ যাজকগণের অস্বীকারে, সমাজশাসনে ও রাজকর্ম্মচারীদিগের অত্যাচার উপদ্রবের ভয়ে অধিকাংশ দুর্ব্বলমতি রাঢ়ীয় বৈদ্যসন্তান বৈশ্যবৎ আচার গ্রহণ করিল। অনধিক বিংশ হইতে ত্রিংশ পরিবারকে বলপ্রয়োগ দ্বারা বশীভূত করান হইল এবং তাহাদের উপর পরে এরূপ ভীষণ অত্যাচার হইয়াছিল যে, তাহারা গৃহসম্পত্তির মায়া মমতা চিরদিনের মত বিসর্জ্জন দিয়া উড়িষ্যায় গিয়া আশ্রয় লয়। এই নবাগত পঞ্চদশাহ অশৌচ পালনকারী ও বৈশ্যবৎ আচারী রাঢ়ীয় বৈদ্যসন্তানগণকে (ইহারাই এক্ষণে উড়িষ্যার কেরা বৈদ্য আখ্যাত) দেখিয়া উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণগণ রাঢ়ীয় বৈদ্যসন্তানগণের সহিত সম্বন্ধ করিতে বিরত হইল। ইহাই রাঢ়ীয়

বৈদ্যসন্তানগণের ব্রাহ্মণবৎ আচার পরিত্যাগপূর্ব্বক বৈশ্যবৎ আচার গ্রহণের সংক্ষিপ্ত ইতিহাস।

বৈদ্যসন্তানগণ যে নামান্তে 'শর্ম্মা' শব্দ ব্যবহার করিতেন, তাহা "ইতি দুর্জ্জয় দাশ শর্ম্ম-বিরচিতা বৈদ্যকুলপঞ্জিকা সমাপ্তা" (বৈঃ কুঃ পঃ ৩২ পৃঃ)। এইরূপ বৈদ্যকুলপঞ্জিকার সমাপ্তিসূচক বাক্যই প্রমাণ।

সাহিত্যপত্রে প্রকাশিত মহারাজাধিরাজ শ্রীচন্দ্রদেবের তাম্রশাসনের "শাখল্য (শাণ্ডিল্য) স্য (স) গোত্রায় ত্র্যর্ষি প্রবরায় মকরগুপ্তস্য প্রপৌত্রায় বরাহগুপ্তস্য পৌত্রায় সুমঙ্গলগুপ্তস্য পুত্রায় শান্তিবারিক শ্রীপীতবাসগুপ্তশর্ম্মণে বিধিবদুদকপূর্ব্বকং কৃত্বা * * * তাম্রশাসনীকৃত্বা প্রদত্তাস্মাভিঃ।" এই শাণ্ডিল্য গোত্র (শাণ্ডিল্যাসিত দেবল) ত্র্যর্ষি প্রবর পীতবাস গুপ্ত শর্ম্মাকে আমরা বৈদ্যসন্তান মনে করি। কেননা, "গুপ্তানাং পঞ্চগোত্রাণি কাশ্যপগৌতমৌ তথা, সাবর্ণিশ্চাপি শাণ্ডিল্যো বাৎস্যায়নাভিধঃ পরঃ।" সদ্বৈদ্যকুচন্দ্রিকার (১৭ পৃঃ) এই বচনে দেখা যায় যে, বৈদ্যসন্তানগণের গুপ্ত পদ্ধতিকগণের মধ্যে শাণ্ডিল্য গোত্রও ছিল। এবং তখন বৈদ্যেতর কোন বিপ্রের ভিতর গুপ্তপদ্ধতিও ছিল না।

মহারাজ লক্ষ্মণসেনের প্রদত্ত সুন্দরবনে প্রাপ্ত তাম্রশাসনে লিখিত আছে—"জগদ্ধর দেবশর্ম্মণঃ প্রপৌত্রায় নারায়ণ ধর দেবশর্ম্মণঃ পৌত্রায় নরসিংহ ধর দেবশর্ম্মণঃ পুত্রায় গার্গসগোত্রায় অঙ্গিরো বৃহস্পতি-শিনিগর্গ ভরদ্বাজ প্রবরায় ঋগ্বেদাশ্বলায়ন-শাখাধ্যায়িনে শান্ত্যপাধিক শ্রীকৃষ্ণ ধর দেবশর্ম্মণে" ইত্যাদি। এখানে জগদ্ধর দেবশর্ম্মার প্রপৌত্র নারায়ণ ধর দেবশর্ম্মার পৌত্র নরসিংহ ধর দেবশর্ম্মার পুত্র শ্রীকৃষ্ণ ধর দেবশর্ম্মাকে আমরা বাঙ্গালার বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ বলিয়াই মনে করি। কেননা নরপতি লক্ষ্মণসেনের রাজ্যে তাঁহার সময়ে ধরোপাধিক দাক্ষিণাত্য বৈদিকগণের আগমন হয় নাই। একমাত্র বাঙ্গালার বৈদ্যকুলজ সারস্বত

ব্রাহ্মণগণের মধ্যেই তখন গার্গ্যগোত্রান্বিত ধর ছিল এবং তাহাদের বৃহস্পতি ভরদ্বাজ শিনি গর্গ অঙ্গিরস্ প্রবর যথা,—"ভরদ্বাজ ধরে কুণ্ডে দাশেঽপি প্রবরাঃ স্মৃতাঃ। বৃহস্পতি র্ভরদ্বাজ-শিনিগর্গোঽঙ্গিরোঽপি চ॥ গার্গ্য ধরেঽপি বিদ্যন্তে প্রবরাঃ পঞ্চকা অমী॥ (সদ্বৈদ্যকু ২০-২১পৃঃ)

আমরা এই তাম্রশাসনের অন্তে এই কথাগুলি সন্নিবেশিত দেখিতে পাই—"শ্রীমল্লক্ষ্মণসেন-ক্ষোণীভানু--সান্ধিবিগ্রহিকেশ-বিপ্র-বাধিনায়স্করাৎ কৃষ্ণধরস্যাস্য শাসনীকৃতম্। সং ২ মাঘদিনে ১০ মানে মতাসিতিঃ॥" ইহার অর্থ শ্রীমল্লক্ষ্মণসেন-রাজসূর্য্য-সান্ধিবিগ্রহিকেশ-ব্রাহ্মণ বাধি কর্ত্তৃক কৃষ্ণ ধরের জন্য অয়স্কর (কর্ম্মকার) ভবন হইতে ইহা তাম্রশাসনীকৃত হইল। সং ২ মাঘ ১০ই তারিখ।" বাধি শব্দের অর্থ 'এতদ্দ্বারা যিনি বাধ্য আছেন।' অতএব বৈদ্যবংশীয় রাজা লক্ষ্মণসেন আপনাকে ব্রাহ্মণ বলিলেন। অন্যান্য শাসনের দূতক অন্য লোক, সেই জন্য সেই সকল শাসনপত্রে 'ব্রহ্মক্ষত্রিয়' অথবা 'ক্ষত্রিয়' শব্দ ব্যবহৃত হইতে পারে। কেননা "ক্ষত্রিয় ধর্ম্মাশ্রয় বৈদ্য, ব্রাহ্মণ হইয়াও ক্ষত্রিয়ের ন্যায় আচারাশ্রিত বলিয়া লোকেরা তাহাকে 'ব্রহ্মক্ষত্রিয়' বলে। এবং বৈদ্য রাজা যথাশাস্ত্র মূর্দ্ধায় (মস্তকে) অভিষিক্ত হয় বলিয়া লোকে তাঁহাকে 'ক্ষত্রিয়'ও বলে, যেহেতু মূর্দ্ধাভিষিক্ত রাজন্য 'ক্ষত্রিয়' এইগুলি একার্থবাচক শব্দ।" ইহা নৃপতি শ্রীমল্লক্ষ্মণসেনকৃত 'বাজসনেয়-কাণ্বশাখীয়-ব্রাহ্মণকুলদীপ" নামক বৈদ্য-কুলশাস্ত্রে লিখিত আছে। (স-কু-৩ পৃঃ)। কিন্তু শ্রীকৃষ্ণ ধরের এই তাম্রশাসনের দূতক স্বয়ং মহারাজ লক্ষ্মণসেন, সেই জন্য তাহাতে আমরা তাঁহার ব্রাহ্মণ পরিচয়ই পাইতেছি। পূর্ব্বপক্ষ হইতে পারে যে, বৈদ্যসন্তানেরা শুক্ল যজুর্ব্বেদীয় কাণ্বশাখাধ্যায়ী, কিন্তু শ্রীকৃষ্ণ ধর ঋগ্বেদীয়া-শ্বলায়ন শাখাধ্যায়ী, সুতরাং শ্রীকৃষ্ণ ধরের বৈদ্যবংশীয়ত্বে সংশয় আছে। অম্বষ্ঠদেশাগত বৈদ্যসন্তানগণ সকলেই বাজসনেয় কাণ্বশাখাধ্যায়ী

ছিলেন, এবং অধিকাংশই অদ্যাপি কাণ্বশাখাধ্যায়ী, সেই জন্য ভূপতি লক্ষ্মণসেনরচিত বৈদ্যকুলগ্রন্থের নামও "বাজসনেয়-কাণ্বশাখীয়-ব্রাহ্মণ-কুলদীপ"। কিন্তু পরে দুই চারিটি বংশ ভ্রমক্রমে ভিন্ন বেদাধ্যায়ী হইয়া পড়িয়াছে বলিয়া আমরা এক্ষণে বৈদ্যসন্তানগণের মধ্যে অত্যল্প সংখ্যক পরিবারকে ঋগ্বেদাশ্বলায়নশাখাধ্যায়ী ও সামবেদকৌথুমশাখাধ্যায়ীও দেখিতে পাই। শ্রীকৃষ্ণ ধরও এইরূপে ঋগ্বেদাশ্বলায়ন শাখাধ্যায়ী হইয়াছিলেন। রাঢ়ীয় শ্রেণীর পঞ্চবিপ্রবংশধরগণ সকলেই অদ্যাপি সামবেদী, কিন্তু সমকুলোৎপন্ন বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণগণের কেহ সামবেদী, কেহ যজুর্ব্বেদী, কেহ বা ঋগ্বেদী। সুতরাং এইরূপ বেদবিপর্য্যয় শ্রীকৃষ্ণ ধরের বৈদ্যত্বের প্রতিকূল নহে।

গোত্র প্রবর সম্বন্ধে জয়সেনের অনুসন্ধান ভরত মল্লিক ও দুর্জ্জয় দাশ অপেক্ষা অনেক অধিক। তিনি চল্লিশ গোত্রোল্লেখ করিয়াছেন, এবং প্রত্যেক গোত্রের প্রবর, এবং কোন্ প্রবরান্বিত কোন্ গোত্রে কি কি উপাধি আছে তাহাও বলিয়াছেন। কেবল গার্গ্যকৌস্তুভমাণ্ডব্য প্রবরযুক্ত গার্গ্য গোত্রে ও বিষ্ণুবুদ্ধিকৌরব প্রবরান্বিত বিষ্ণু গোত্রে কি কি উপাধি আছে এবং সোম ও কর উপাধিক মার্কণ্ডেয় গোত্রের কি কি প্রবর আছে, তাহা উল্লেখ করেন নাই। গোত্র প্রবর লিখিয়া পরিশেষে জয়সেন বলিতেছেন, 'কুলহীন, বিশেষতঃ বরেন্দ্রবাসী এবং দেশান্তরগত বৈদ্যকুলোদ্ভব ব্রাহ্মণগণের মধ্যে উল্লিখিত গোত্র ও পদ্ধতির অতিরিক্ত আরও গোত্র ও পদ্ধতি আছে, সে সমুদায় জানা নাই বলিয়া তিনি লিখিতে পারিলেন না; এবং ইহা ছাড়াও দেশত্যাগ, বংশলোপ ধর্ম্মও জাতিচ্যুতি এই চতুষ্টয় কারণে বৈদ্যকুলোদ্ভব সারস্বরতব্রাহ্মণ সাম্প্রদায়ের অনেক গোত্র লুপ্ত হইয়াছে।' এই কারণ চতুষ্টয়েই বাঙ্গালায় বৈদ্যবংশ আনুমাণিক শতকরা নিরানব্বই ভাগ হ্রাসপ্রাপ্ত হইয়াছে। কেননা শতার্দ্ধ

গোত্রের যদি শতার্দ্ধ সংখ্যক বৈদ্যবংশ ও বৌদ্ধরাজ কর্ত্তৃক আনীত হইয়া থাকেন, তাহা হইলেও প্রায় চতুর্দ্দশ শতাব্দী পরে তাহাদের সংখ্যা, ভূপতি বল্লালসেন যখন সংখ্যা গণনা করেন তখন, মাত্র একপঞ্চাশৎ বংশ ছিল। বৈদ্যবংশীয়দের বার শত বৎসর পরে আসিয়াও পাঁচটি কান্যকুব্জাগত ব্রাহ্মণবংশ দুই শত বৎসর পরে এগার শত বংশ হইয়াছিল। সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় প্রদত্ত যে গোত্রগুলি আছে, তাহার সহিত তদরিক্ত উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণদিগের এবং দাক্ষিণাপথের গৌড় সারস্বত ব্রাহ্মণদিগের গোত্র একত্র করিলে শতার্দ্ধ অপেক্ষা অধিক গোত্রের সন্ধান পাইয়া থাকি। ইহা হইতে প্রমাণিত হয় যে, ভূপতি বল্লালসেনের সারস্বতকুলদীপোক্ত এই উক্তি যে,—শতার্দ্ধ গোত্রের বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ আর্য্যাবর্ত্ত দেশ হইতে বৌদ্ধরাজ কর্ত্তৃক বাঙ্গালাদেশে সমানীত হন, ইহা আনুমানিক সংবাদ।

নিম্নে বর্ণমালানুক্রমে বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণগণের যথাক্রমে গোত্র, কোন্ গোত্রে কি কি প্রবর ও কি কি উপাধি সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় যেরূপ লিখিত আছে তাহা প্রদত্ত হইল :—

১। অগ্নিবেশ্য গোত্র—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান প্রবর—দত্ত ও দাশ।

২। আঙ্গিরস গোত্র—বশিষ্ঠ আঙ্গিরস বার্হস্পত্য—সেন, রক্ষিত।

৩। আত্রেয়—আত্রেয় আঙ্গিরস বার্হস্পত্য—দেব।

৪। আত্রেয়—শাঙ্খ্য শাতাতপ আত্রেয়—দত্ত।

৫। আদিত্য—আদিত্য—আদিত্য।

৬। আস্ত—আস্ত সুষেণ আঙ্গিরস বার্হস্পত্য—সেন।

৭। আস্ত—আস্ত অত্রি অর্জ্জুন—দত্ত।

৮। আস্ত—আস্ত অত্রি অর্জ্জুন ভার্গব বার্হস্পত্য—সেন।

৯। আলম্যান—আলম্যান শালঙ্কায়ন শাতাতপ—দত্ত।

১০। কাশ্যপ—কাশ্যপ অপসার নৈয়ধ্রুব—গুপ্ত, কর, রাজ, সোম, নন্দী, চন্দ্র, ধর, রক্ষিত, ইন্দ্র।

১১। কৃষ্ণাত্রেয়—কৃষ্ণাত্রেয় বশিষ্ঠ আত্রেয়—দত্ত, দেব।

১২। কৃষ্ণাত্রেয়—কৃষ্ণাত্রেয় আত্রেয় আবাস—সেন।

১৩। কৌশিক—বিশ্বামিত্র বন্ধুল কৌশিক—আদিত্য।

১৪। কৌশিক—শাণ্ডিল্য অসিত দেবল—দত্ত।

১৫। কৌশিক—জামদগ্ন্য অত্রি কৌশিক—দত্ত, সেন।

১৬। কৌশিক—কৌশিক কাশ্যপ ভার্গব—সোম।

১৭। গার্গ্য—বৃহস্পতি শিনি গর্গ ভরদ্বাজ অঙ্গিরস্—ধর।

১৮। গার্গ্য—গার্গ্য কৌস্তুভ মাণ্ডব্য—পদ্ধতি লিখিত নাই।

১৯। গৌতম—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্লবান—গুপ্ত, দত্ত, সোম, কর, ধর।

২০। ঘৃতকৌশিক—কুশিক কৌশিক ঘৃতকৌশিক—দত্ত।

২১। জামদগ্ন্য—বশিষ্ঠ জামদগ্ন্য ঔর্ব্ব্য—ধর।

২২। ধন্বন্তরি—ধন্বন্তরি অপসার আঙ্গিরস বার্হস্পত্য নৈয়ধ্রুব—সেন।

২৩। পরাশর—পরাশর শক্তি বশিষ্ঠ—দত্ত, কর।

২৪। ভরদ্বাজ—আত্রেয় আঙ্গিরস বার্হস্পত্য—দাশ।

২৫। ভরদ্বাজ—বৃহস্পতি ভরদ্বাজ শিনি গর্গ অঙ্গিরস্—দাশ, কুণ্ড, ধর।

২৬। ভরদ্বাজ—ভরদ্বাজ চ্যবন ভার্গব—কর।

২৭। ভরদ্বাজ—ভারদ্বাজ বার্হস্পত্য আঙ্গিরস—দত্ত।

২৮। মার্কণ্ডেয়—প্রবর লিখিত নাই—সোম, কর।

২৯। মৌদ্গল্য—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান—দাশ, দত্ত, কর ও নন্দী।

৩০। বশিষ্ঠ—বশিষ্ঠ শক্তি পরাশর—দাশ, চন্দ্র, পাল।

৩১। বশিষ্ঠ—বশিষ্ঠ অত্রি সাঙ্কৃতি—কর।

৩২। বাৎস্য—মার্কণ্ডেয় অসিত বাৎস্য—রাজ।

৩৩। বাৎস্য—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান—দাশ, কর, সোম ও নন্দী।

৩৪। বাৎস্যায়ন—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান—গুপ্ত।

৩৫। বিষ্ণু—বিষ্ণু বৃদ্ধি কৌরব—উপাধি লিখিত নাই।

৩৬। বৈশ্বানর—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান—সেন।

৩৭। শক্তি—শক্তি পরাশর বশিষ্ঠ—সেন, চন্দ্র, কর, পাল।

৩৮। শাণ্ডিল্য—শাণ্ডিল্য অসিত দেবল—দাশ, গুপ্ত, দত্ত ও দেব।

৩৯। সাবর্ণি—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান—গুপ্ত।

৪০। সৌপায়ন—ঔর্ব্ব্য চ্যবন ভার্গব জামদগ্ন্য আপ্নবান—নাগ।

এ স্থলে দ্রষ্টব্য যে, উপরি লিখিত চল্লিশ গোত্রের মধ্যে আত্র নামের তিনটি, কৃষ্ণাত্রেয় নামের দুইটি, কৌশিক নামের চারিটি, গার্গ্য নামের দুইটি, ভরদ্বাজ নামের চারিটি, বশিষ্ঠ নামের দুইটি এবং বাৎস্য নামের দুইটি স্বতন্ত্র গোত্র আছে। একই নামের গোত্রগুলির স্বতন্ত্রতা তাহাদের প্রবরের ভিন্নতা দ্বারা অবগত হওয়া যায়। প্রবর শব্দের অর্থ গোত্রকারক ঋষির কুলজাত বিশিষ্ট ঋষিগণ। প্রবরই গোত্রকারক ঋষির পরিচায়ক। সুতরাং গোত্রনাম সমান হইলেও প্রবরের ভিন্নতায় বুঝা যায় যে, গোত্রকারক ঋষিগণ একই নামের বিভিন্ন ব্যক্তি।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় দেখা যায় যে, পূর্ব্বে বৈদ্যসমাজে নিম্নলিখিত বিদ্যার্জ্জিত ব্রাহ্মণোচিত কুলোপাধিগুলির প্রচলন ছিল। যথা—

চতুর্ব্বেদী—চতুর্ব্বেদীতি বিশ্রুত স্তম্ভবংশো ভিষক্‌কুলে (৪৯)।

ত্রিবেদী—উক্ত স্ত্রিবেদী বিনয়ী সুশীলঃ (১০৪ পৃঃ)।

দ্বিবেদী—কোগ্রামবাসী নৃপগুপ্তবংশ্যো দ্বিবেদিনাম্না (১৯০)।

পাণ্ডে—মৌদ্গল্যদাশঃ প্রথিতশ্চ পাণ্ডে (১৫১)।

সম্প্রতি এই সকল কুলোপাধি বৈদ্যসমাজে অপ্রচলিত হইয়াছে। সেনভূমসমাজের মধুতটী প্রভৃতি গ্রামে অদ্যাপি পাণ্ডে উপাধি দেখিতে পাওয়া যায়; পূর্ব্বে মিশ্র উপাধিও ছিল, তাহা সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় উল্লিখিত না থাকিলেও, চন্দ্রপ্রভায় উল্লিখিত আছে।

ঋষি—ঋষিঃ শ্রীচন্দ্রশেখরো ভামাভিজ্ঞ শ্চতুর্দ্দশ। বুধসেনসুতো মহাকবিচন্দ্রোপনামকঃ (৪৪)।

মুনি—তনয়ঃ পশুদাশস্য কনিষ্ঠো দেবলিস্ত যঃ, চিকিৎসানিপুণো বিদ্বান প্রথিতোঽভূদ্‌ভিষঙ্‌মুনিঃ (১৭৩)।

বৈদ্যসন্তানগণের অধ্যাপনা, যাজন, দীক্ষাগুরুতা ও মন্ত্রিত্বাদি ব্রাহ্মণোচিত বৃত্তি। যথা—

অধ্যাপক—ধন্বন্তরি গোত্রের বীজী বিনায়ক সেন—'বেদানধ্যাপয়ামাস বিপ্রাংশ্ছিষ্যান্ প্রযত্নতঃ'—ব্রাহ্মণ শিষ্যগণকে প্রযত্নের সহিত বেদ অধ্যাপন করিতেন (৪৯)। এবং তাঁহারই অতিবৃদ্ধপ্রপৌত্র—"বেদস্যবক্তা"—বেদের বক্তা, অর্থাৎ অধ্যাপক, ছিলেন (৬৭)। আরও অনেকে অধ্যাপনা করিতেন, বাহুল্য বোধে দিলাম না। অধ্যাপনা অদ্যাপি বৈদ্যসন্তানেরা করিয়া থাকেন।

ব্রাহ্মণেরই জীবিকাবৃত্তি—যাজন। বৌদ্ধ সম্রাট বিম্বিসার কর্ত্তৃক যে পঞ্চাশৎ গোত্রের বৈদ্য আনীত হইয়াছিলেন, তাঁহারা সকলেই—'সুদক্ষ যাজনেঽপি চ'—যাজনেও সুদক্ষ ছিলেন (২)। খণ্ডীয় (শ্রীখণ্ডীয়) বৈদ্যবীজী রাঘবসেনের পুত্র উদয়সেন—'যজ্ঞবিদ্ বহুযষ্টাসৌ

যাজনেঽপি বিচক্ষণঃ’—যজ্ঞবিৎ ও যাজনে সুনিপুণ এবং বহুযজ্ঞকৃৎ ছিলেন, (৯৭ পৃঃ) ইনি নৃপতি লক্ষ্মণসেনের বল্লভ ছিলেন।

দীক্ষাগুরুতা অব্রাহ্মণের করিবার অধিকার নাই। মহাপ্রভু চৈতন্য-দেবের সাড়ে তিন শত বৎসরাধিক পূর্ব্ববর্ত্তী, ইস্‌লামপুরের এবং শ্রীখণ্ডের নরহরি ও রঘুনন্দন ঠাকুরদের পূর্ব্বপুরুষ, বীজী পশুদাশ ঠাকুর,—অদিদীক্ষিতবৈষ্ণবমন্ত্রেণ পশুঠাকুরঃ, বিপ্রাদি সকলান্ বর্ণান্ লোকানুগ্রহ তৎপরঃ (১৬৩)—লোকানুগ্রহপরায়ণ হইয়া ব্রাহ্মণাদি সকল বর্ণকে বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত করিতেন। বীজী বিনায়ক সেনের পৌত্র শুকদেব গোস্বামী ঠাকুর—দয়য়া বিষ্ণুমন্ত্রং স দদৌ বিপ্রাদিজাতিষু (৬৫ পৃঃ)—দয়া করিয়া ব্রাহ্মণাদি জাতির লোকদিগকে তিনি বিষ্ণুমন্ত্রে দীক্ষা প্রদান করিতেন। সদ্বৈদ্যকুলচন্দ্রিকাকার জয়সেন বিশ্বাস ঠাকুরের পিতা চক্রপানি সেন ঠাকুরও বৈষ্ণবমন্ত্রে দীক্ষা দান করিতেন, কিন্তু তাহা সদ্বৈদ্যকুচন্দ্রিকায় উক্ত হয় নাই। ইহাঁরা সকলেই মহাপ্রভুর বহু পূর্ব্ববর্ত্তী।

বর্ণাশ্রমী হিন্দুরাজার মন্ত্রিত্ব ব্রাহ্মণেতর জাতির করিবার অধিকার নাই। নিম্নোক্ত বৈদ্যসন্তানগণ হিন্দু রাজা ও সামন্তরাজগণের মন্ত্রিত্ব করিয়া গিয়াছেন, যথা :—

বুধসেন আদিশূর নরপতির মহাপাত্র (৪৪) ছিলেন। বুধসেন পুত্র ঋষি চন্দ্রশেখর সেন ভূশূর ভূপতির মহাপাত্র (৪৪)। কবিদাশ, সুমতি গুপ্ত এবং শক্তিধর সেন আদিশূর নৃপতির পাত্র (৪৪)। বুধসেনের বংশধর বীজী বিনায়ক সেন ভূপৃতি বল্লাল সেনের মহাপাত্র (৪৯)। সুরথ সেন মল্লিক (কৃষ্ণখান) নৃপতি কার্ত্তিক সেনের মহাপাত্র (৫২)। ঋষি চন্দ্রশেখর সেনের পুত্র সুপ্রসিদ্ধ বিশ্বনাথ কবিরাজ ভূশূর নৃপতির মহাপাত্র (৪৫)।

পাত্র রাখাল নামে সুপরিচিত কেশব গুপ্ত (৫৩)। পাত্র বাদলি সেন বঙ্গের নরপতি বিশ্বরূপ সেনের মন্ত্রী (৮৪)। রবিসেন মহামণ্ডল ভূপতি ভীমসেনের মহাপাত্র (৭৭)। পাত্র উদ্ধরণ (১৩০)। রামদাশ সরস্বতী, ভূপতি বল্লালসেনের পিতা সেনরাজ বিজয়সেনের মহাপাত্র (১৫১)। মার্কণ্ডেয় দাশ, দুর্জ্জয়দাশের বৈমাত্রেয় জ্যেষ্ঠভ্রাতা, ভূপতি ভীমসেনের পাত্র (১৫৭)। বিনায়ক দাশ, ভূপতি বিশ্বরূপসেন ও তৎপুত্র সুবর্ণ-গ্রামের অধীশ্বর সুন্দরসেনের অমাত্য (১৬৪)। বটুদাশ, ভূপতি লক্ষ্মণসেনের অমাত্য (১৮৮)। গোপাল গুপ্ত, শিখর ভূপতির (২১৯) মন্ত্রী। বীজী দামোদর সেন, শিখরেশ্বর ভূপতি কল্যাণশিখরের পাত্র (৩৫)। নারায়ণ দত্ত, পালবংশীয় রাজা নৃপতি নয়পালদেবের অমাত্য (৩৮)। বৈদ্যকশাস্ত্র চক্রদত্ত প্রণেতা মহামহোপাধ্যায় চক্রপাণি দত্তও পালরাজ নয়পালদেবের অমাত্য ছিলেন, তাহা সদ্বৈদ্যকুলপঞ্জিকায় উল্লিখিত নাই। আরও অনেক বৈদ্যসন্তান পালরাজবংশের ও গুপ্তরাজবংশের মন্ত্রিত্ব করিয়া গিয়াছেন।

যখন বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণগণ বাঙ্গালায় আসিয়া বসবাস করেন তখন, তীর্থ যাত্রা ব্যতীত, এই অনার্য্যদেশে দ্বিজবর্ণত্রয়ের কোন লোক আসিলেই তিনি, পুনরায় উপনয়ন সংস্কার দ্বারা শুদ্ধ না হইলে, আর্য্যাবর্ত্তদেশের সজাতীয় সমাজ হইতে চিরদিনের মত বহিষ্কৃত হইতেন। এবং তখন যাঁহারা এ দেশে বাস করিতেন তাঁহাদের ক্রিয়া কর্ম্মে সদ্ব্রাহ্মণাদর্শনে একেবারে জাতিচ্যুতি ঘটিত। বাঙ্গালাদেশে বাস করিলে সজাতীয় সমাজ হইতে বহিষ্কৃত হইতে এবং সদ্ব্রাহ্মণাদর্শনে জাতি নাশ হইবে বলিয়া সদারপুত্র শতার্দ্ধ গোত্রের, সকলেই যাজনে সুনিপুণ, বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণবংশীয় বৈদ্য, বাঙ্গালাদেশে এক সঙ্গে

আসিয়া বাস করিলেন। কেন না সদ্‌যাজকব্রাহ্মণাদর্শনে তাঁহাদের জাতি যাইবে না এবং পঞ্চনদের স্বজাতীয়গণ ত্যাগ করিলেও তাঁহারা পরস্পরের মধ্যে কন্যা আদানপূর্ব্বক সচ্ছন্দে বাস করিতে পারিবেন। ইহা হইতে প্রমাণ হয় যে, তখনকার সময়ে, দ্বিজাতীয় বর্ণত্রয়ের উপযোগী সদ্‌যাজক ব্রাহ্মণ বাঙ্গালাদেশে ছিল না। যে ব্রাহ্মণগণ ছিল তাহারা বর্ণব্রাহ্মণ। প্রত্যেক জলানাচরণীয় জাতির স্বতন্ত্র বর্ণব্রাহ্মণ ছিল। তাহারা যে যে জাতির ব্রাহ্মণ তত্তজ্জাতির ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিত, যেমন কৈবর্ত্ত ব্রাহ্মণ, কলুর ব্রাহ্মণ, শৌণ্ডিক ব্রাহ্মণ ইত্যাদি। বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণগণ তখন একমাত্র সদ্‌ব্রাহ্মণ জাতি থাকায়, তাঁহারাই কেবল ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিতেন। 'সারস্বত' বিশেষণ ব্যবহার করিবার প্রয়োজনই তাঁহাদের হইত না। এইরূপে প্রায় দ্বাদশ শতাব্দীর অনভ্যাসে বৈদ্যকুলজ ব্রাহ্মণগণ প্রায় সকলেই বিস্মৃত হইয়াছিলেন যে, তাঁহারা সারস্বত শ্রেণীজ। তাঁহাদের মধ্যে স্বশ্রেণীর জ্ঞান অত্যল্প সংখ্যক জাতিতত্বজ্ঞ ব্যক্তির মধ্যেই নিবিষ্ট ছিল, এবং পুঁথিগত ছিল মাত্র। আদিশূরানীত পঞ্চ সাগ্নিকব্রাহ্মণ আসিবার পর হইতেই তত্তদ্বংশীয় ব্রাহ্মণগণ হইতে নিজ বৈশিষ্য ও বৈশিষ্ট্য বিজ্ঞাপনার্থ বৈদ্যসন্তানগণের 'বৈদ্যব্রাহ্মণ' বা বৌদ্ধরাজদত্ত 'বৈদ্যজাতি' নামে আত্মপরিচয় দিবার হেতু উদ্ভূত হয়। তদবধি রাঢ়ীয় বৈদ্যবংশীয়গণ 'বৈদ্যব্রাহ্মণ' ও 'বৈদ্যজাতি' এই উভয় নামেই সুপরিচিত রহিয়াছেন। বৈদ্যবিদ্বেষিগণের পাদোন অষ্টশতাব্দীর আন্দোলন সত্বেও রাঢ়ে বৈদ্যসন্তানগণের 'বৈদ্যজাতি' ও 'বৈদ্যব্রাহ্মণ' প্রসিদ্ধি অদ্যাপি বিদ্যমান আছে —অম্বষ্ঠজাতিত্বের প্রসিদ্ধি নাই। সাধারণ লোকে তাঁহাদের বৈদ্যব্রাহ্মণ বা বৈদ্যজাতি বলিয়াই জানে। বৈদ্যব্রাহ্মণপ্রসিদ্ধি অধুনা বিশেষরূপে ক্ষীণ হইলেও বিলুপ্ত হয় নাই।

শাস্ত্রপ্রসিদ্ধ বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণগণ নিজেরা অনেক সময়ে বৈদ্যব্রাহ্মণ বলিয়া আত্মপরিচয় দিতেন বলিয়াই তাঁহাদের বৈদ্যব্রাহ্মণ প্রসিদ্ধির উৎপত্তি হইয়াছে। সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় অনেক সময়েই তাঁহাদের বৈদ্যব্রাহ্মণ শব্দেই বলা হইয়াছে, দেখিতে পাওয়া যায়। তাহার সমুদয় প্রমাণ ভূমিকায় দেওয়া অসম্ভব বলিয়া দৃষ্টান্তরূপে কতকগুলি, দক্ষিণে বন্ধনীর মধ্যে পৃষ্ঠাঙ্কসহ দেখাইতেছি। যথা,—

বৈদ্যব্রাহ্মণাঃ (৪৯)। বৈদ্যব্রাহ্মণকুলোদ্ভবাম্ (১৮)। বৈদ্যব্রাহ্মণসম্ভবাম্ (১৮)। বৈদ্যভূদেববৃন্দতঃ (৭৯)। বৈদ্যব্রাহ্মণবিজ্ঞতঃ (৭৯, ৯৫, ৯৫, ১২১, ১৪৪, ১৭৮, ১৮৮)। বৈদ্যভূসুরবিজ্ঞনাং (৭৯)। বৈদ্যব্রাহ্মণবিজ্ঞনাৎ (৮২, ৯৬, ১১১, ১১৮, ১৪০)। বৈদ্যমহীসুরান্মুখাৎ (৮৩)। বৈদ্যবিপ্রকুলজ্ঞতঃ (৮৩, ৮৯, ১২৯, ১৩২, ১৩৪, ১৪৫, ১৮৭, ১৮৭, ২৩৭,)। বৈদ্যভূসুরাৎ (৯৪, ১৩২, ১৩৬, ১৫০, ১৪৩)। বৈদ্যমহীসুরাৎ (৯৪, ৯৫, ৯৯, ১০১, ১০২, ১০৩, ১৩৯, ১৪০. বৈদ্যব্রাহ্মণানাং (৯৫, ১২০)। বৈদ্যবিপ্রজনান্মুখাৎ (৯৬, ১০১. ১২০, ১২১, ১৬৯, ১৮৬, ১৯৮)। বৈদ্যভূদেববিজ্ঞতঃ (৯৯)। বৈদ্যব্রাহ্মণবৃন্দতঃ (১০২, ১১০, ১৮৭)। বৈদ্যবিপ্রোপদেশতঃ (১০৩, ১২২, ১৪৪, ১৭২, ১৯০, ২০২, ২০৩)। বৈদ্যবিপ্রাণাং (২৯, ১৪১, ২০২, ২০৩, ২১৫, ২১৬, ২১৭, ২১৯ ২২১)। বৈদ্যবিপ্রতঃ (১০৭, ১১৭, ১৩৫, ১৩৯, ১৫৩, ১৭৭, ১৮৭, ১৮৮, ২০৫, ২০৯, ২১৭, ২২৩, ২২৩ পৃঃ)। ভিষগ্বিপ্রজনান্মুখাৎ (১০৯, ১২৯)। বৈদ্যবিপ্রানুসারতঃ (১১৫, ১১৬, ২২৪)। ভিষগ্বিপ্রানুসারতঃ (১১৭, ১২১)। বৈদ্যবিপ্রবিদঃ (১৪৫)। বৈদ্যব্রাহ্মণবিজ্ঞানাং (১৭২)। বৈদ্যব্রাহ্মণাৎ (১৭৯)। ভিষগ্ব্রাহ্মণবিজ্ঞনাৎ (১৮৮)। বৈদ্যবিপ্রবিদাং (২২৩) আরও আছে, এবং বহু স্থলে কেবল বৈদ্যও বলা

হইয়াছে। কিন্তু বৈদ্য শব্দটি সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় বৈদ্যবংশীয় অর্থেই ব্যবহৃত হইয়াছে, কোন স্থলেই বৈদ্যজাতি অর্থে ব্যবহৃত হয় নাই।

বিশেষ বিশেষ স্থলে কেবল ব্রাহ্মণশব্দও ব্যবহৃত হইয়াছে, যথা :—বিশুদ্ধ ব্রাহ্মণাঃ (৩২)। ব্যক্তিগতভাবেও কতকগুলি স্থলে কেবল ব্রাহ্মণ বা বিপ্র শব্দের ব্যবহার আছে, যথা,—

বিপ্রকুলাগ্রণীঃ (৪৯)। বিপ্রজনাগ্রগণ্যঃ (৫১)। বিপ্রেষু জনাগ্রগণ্যঃ (৬৬)। ব্রাহ্মণোত্তমঃ (১৩৭)। বিপ্রশিরোমণিঃ (১৪৬)।

অতঃপর আমরা উৎকলের বৈদিকব্রাহ্মণ পণ্ডিত শ্রীধর কর বিদ্যাসাগর মহাশয়, আমার মাতুল পুত্র ভ্রাতা ৺ভূপেন্দ্রনাথ গুপ্তশর্ম্মাকে, কটক হইতে ১৯১০ খৃষ্টাব্দের ১২ অক্টোবর তারিখে, যে পত্র দিয়াছিলেন তাহা হইতে উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণদিগের মধ্যে প্রচলিত দুইটি কারিকা উদ্ধৃত করিতেছি ;—

১। "যাজ্ঞিকানাং কর্ত্তৃত্বে কর ইত্যভিধীয়তে। পাঠে ধারককার্য্যার্থং যাজ্যে ধর ইতি স্মৃতঃ॥ নান্দীমুখেষু নন্দতি যে তে নন্দাঃ প্রকীর্ত্তিতাঃ। দশসংস্কারনৈপুণ্যে দাশ ইতি পুরোধসে॥ নারায়ণং রথে রথা রথসংজ্ঞা তদাশ্রয়া। যজ্ঞে যঃ সোমপায়ী বৈ স হি পীথীত্যুদাহৃতঃ॥ সৈনাপত্যায় ধর্ম্মার্থং সেনা বাচ্যো বলাধিপঃ। বিদ্যাদানেষু নন্দতি তস্মাদ্দত্ত ইতি স্মৃতঃ॥ বিদ্যয়া চন্দতি সর্ব্বং তস্মাচ্চন্দ্রঃ প্রকীর্ত্তিতঃ। যজ্ঞকুণ্ডে হবণার্থং হোতা কুণ্ডোঽভিধীয়তে॥ বিদ্যয়া রাজতে যতঃ স রাজ ইতি চোচ্যতে। অমীষাং বিপ্রনামানা মমী হি হেতবঃ স্মৃতাঃ॥"

২। দাশশর্ম্মাভিধৌ দ্বৌ চ জ্ঞেয়ৌ মৌদ্গল্যকৌশিকৌ। ধরকরৌ চ শর্ম্মাণৌ ভরদ্বাজপরাশরৌ॥ শর্ম্মাণৌ গুপ্ত নন্দৌ দ্বৌ কাশ্যপৌ সমুদাহৃতৌ। শাণ্ডিল্যকৌশিকৌ গোত্রৌ দ্বৌ দত্তশর্ম্মণাং

স্মৃতৌ ॥ গোত্রৌ বশিষ্ঠশাণ্ডিল্যৌ দ্বৌ চন্দ্রশর্ম্মণাং তথা। ধন্বন্তরি স্তথা শক্তিঃ সেনশর্ম্মাভিধৌ হি চ ॥ রাঢ়ীয়-বৈদ্যবংশীয়া বিপ্রাঃ সারস্বতা অমী। রাঢ়দেশং পরিত্যজ্য চোড়িষ্যায়ামুপাশ্রিতাঃ। বেদচর্চ্চাবিহীনৌড্রে পুনর্বেদপ্রবর্ত্তনাৎ। রাঢ়াগতবৈদ্যবিপ্রা বৈদিকা ব্রাহ্মণাঃ স্মৃতাঃ ॥”

এই কারিকা দুইটির প্রথমোদ্ধৃতটি উড়িষ্যায় বৈদিক ব্রাহ্মণদিগের মধ্যে প্রচলিত যথাক্রমে ধর, কর, নন্দ, দাশ, রথ, পীথী, সেন, দত্ত, চন্দ্র, কুণ্ড এবং রাজ এই পদ্ধতি গুলির উৎপত্তির হেতু উক্ত হইয়াছে। পাঠক লক্ষ্য করিবেন যে, জয়সেন ও, ঐ সকল পদ্ধতির মধ্যে বাঙ্গালার বৈদ্যসারস্বতবিপ্রগণের যে সকল পদ্ধতির মিল আছে, তাহাদের ঠিক একই উৎপত্তির হেতু উল্লেখ করিয়াছেন এবং তত্তদ্বিষয়ে উৎকল কারিকার এবং সদ্বৈদ্যকুলচন্দ্রিকার ভাষাগত সাম্যও আছে। ইহা হইতে প্রমাণ হয় সারস্বতব্রাহ্মণ সমাজে প্রাচীন কালে সেন দাশ প্রভৃতি পদ্ধতি ছিল, সেই জন্য উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণদের এখনও আছে। দ্বিতীয়তঃ উৎকল কারিকার এবং সদ্বৈদ্যকুলচন্দ্রিকার বাক্যে ভাষার সাম্য দ্বারা উড়িষ্যার বৈদিক ব্রাহ্মণগণের এবং বাঙ্গালার বৈদ্যসন্তান গণের অভেদত্ব প্রমাণিত হইয়া থাকে। দ্বিতীয় কারিকাটিতে দাশ, ধর, কর, গুপ্ত, নন্দ, দত্ত, চন্দ্র, এবং সেন এই পদ্ধতিগুলিতে কোন্ কোন্ গোত্র উড়িষ্যায় আছে তাহা বলা হইয়াছে। এবং পরিশেষে বলা হইয়াছে যে, এই সমস্ত পদ্ধতিক বৈদ্যবংশীয় সারস্বত ব্রাহ্মণগণ, রাঢ় দেশ হইতে উড়িষ্যায় আসিয়া বাস পূর্ব্বক বেদচর্চ্চাবিহীন উড়িষ্যায় পুনরায় বেদচর্চ্চার প্রবর্ত্তন করায়, তাহারা বৈদিক ব্রাহ্মণ অভিহিত হইয়াছে। বৈদিক ব্রাহ্মণ নামের উৎপত্তি বিষয়ে জয়সেনও বলিয়াছেন “বেদবিস্মৃত উড়িষ্যা দেশে বেদ বিস্তার করায় এই রাঢ়ীয় ভিষক্‌গণ

বৈদিক নামে প্রসিদ্ধ হইয়াছেন।" এই শেষোক্ত উৎকল কারিকাটি দ্বারা রাঢ়ীয় বৈদ্যসমাজ ও উৎকল বৈদিক সমাজ যে অভিন্ন ও সারস্বত শ্রেণীর ব্রাহ্মণ তাহাও বলা হইয়াছে।

প্রাচীন কালে ব্রাহ্মণ সমাজে, বিশেষতঃ সারস্বত শ্রেণীর ব্রাহ্মণ-দিগের মধ্যে, সেন দাশ গুপ্ত প্রভৃতি পদ্ধতির বহুল প্রচলন ছিল। প্রাচীন সংস্কৃত সাহিত্য হইতে তাহা অবগত হওয়া যায়। বৃহজ্জাতক গ্রন্থোল্লিখিত আদিত্য দাশ, শ্রীভট্ট ব্রহ্ম গুপ্ত, বিষ্ণু গুপ্ত, ভদত্ত (আচার্য্য সত্য দত্ত) এবং সিদ্ধ সেন জ্যোতিষ শাস্ত্রের এই আচার্য্যগণ সকলেই সারস্বত শ্রেণীর ব্রাহ্মণ। সরলা দেবীর স্বামী ৺রাম ভজ দত্ত চৌধুরী এবং কংগ্রেস নেতা ৺বিষেণ নারায়ণ ধর ইঁহারা উভয়েই স্বারস্বত শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন। ছন্দশাস্ত্র প্রণেতা ঋষি পিঙ্গল নাগের নাম কে না শুনিয়াছে? ইঁহারই অধস্তন বংশধর সৌপায়ন গোত্র নাগোপাধিক বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণ বীজী শুভঙ্কর নাগ এবং তৎপুত্র শোভাকর নাগ, ধন্বন্তরিগোত্রীয় ধন্বন্তরি সেনের শ্বশুর ছিলেন। পাল, কুণ্ড, সেন, দেব, চন্দ্র গুপ্ত প্রভৃতি উপাধিগুলি অদ্যাপি পঞ্চনদাদি পাশ্চাত্য দেশের বহু সারস্বত ব্রাহ্মণ ধারণ করিতেছে।

অতঃপর আমরা সদ্বৈদ্যকুলচন্দ্রিকা হইতে গুপ্তবংশীয় সম্রাটগণ, পাল-বংশীয় নৃপতিগণ, শূর উপনামধারী নরপতিগণ এবং সেনরাজগণের বৈদ্যত্ব প্রমাণ করিব।

কাশ্যপগোত্র বর্ণাশ্রমী বৈদ্যকুলের বীজী কায়ুগুপ্ত ও পরমেশ্বর গুপ্ত দ্বয়কে গুপ্তসম্রাটবংশীয় গৌড়েশ্বর শশাঙ্ক গুপ্তের "একোনবিংশতি পুরুষ" বলা হইয়াছে (৩৬), এবং বীজী কায়ুগুপ্ত পুনরায় "নৃপগুপ্ত বংশ্য" (১৯০) কথিত হইয়াছেন। এতদ্দ্বারা গুপ্তরাজ বংশের বৈদ্যবংশীয়ত্ব নিশ্চয় হইল।

পঙ্কদাশবংশীয় ডোমন দাশের পুত্র, মৌদ্গল্য গোত্রীয় বৈদ্যসন্তান; বামন দাশ পালরাজ বংশীয় (২৭) কেশব পালের দৌহিত্র (১৭৩)। এতদ্দ্বারা পালরাজবংশের সহিত বর্ণাশ্রমী বৈদ্যসন্তানের সম্বন্ধ জনিত পাল রাজবংশের বর্ণাশ্রমী বৈদ্যবংশীয়ত্ব প্রমাণ হইতেছে।

শূরোপনামধারী গৌড়নগরাধীশ্বরগণ রাঢ়ীয় বৈদ্যভূপতি শালবান্ সেনের বংশধর। তাঁহাদের বংশ সদ্বৈদ্যকুলচন্দ্রিকায় বর্ণিত হইয়াছে (৪৩-৪৭)। আমরা পরে সেই বিবরণের অনুবাদ দিব। নৃপতি আদিশূর ধন্বন্তরিগোত্র সেনোপাধিক বৈদ্য (৪৩) ছিলেন। বর্ণাশ্রম প্রতিষ্ঠা ও শ্রৌতস্মার্ত্ত ক্রিয়া প্রবর্ত্তনকারী ভূপতি আদিশূরের পুত্র ভানুদেব বা ভূশূর, বর্ণাশ্রমী বৈদ্যসন্তান (বীজী কায়ুগুপ্তের পূর্ব্বপুরুষ) সুমতি গুপ্তের কন্যা উমা দেবীকে বিবাহ করেন (৪৪)। সুতরাং শূরোপনামধারী রাজবংশীয়গণ বর্ণাশ্রমী বৈদ্যসন্তান বা বৈদ্যকুলজ সারস্বত ব্রাহ্মণ ছিলেন।

সেনরাজবংশের ভূপতি বল্লালসেন স্বয়ং বৈশ্বানর গোত্র বৈদ্যবংশীয় সেনগণের অন্যতম বীজী (৩২)। ইহাঁরা কর্ণাটের ক্ষত্রিয়বংশ নহেন, রাঢ়ের বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ (১৪৫)। রাঢ়দেশ হইতে তাঁহাদের বংশ কর্ণাটকে যায়, এবং কর্ণাটক হইতে উক্ত বংশের একটি শাখা পুনরায় রাঢ়ে, অনন্তর বঙ্গের রামপালে গিয়া বাস করে (৩২)। ইহাঁরা (বৈদ্যবংশীয়) ব্রাহ্মণ হইয়া (রাজত্ব করিবার শাস্ত্রানুসারে অধিকারিরূপে রাজত্ব করিতেন) ক্ষত্রিয়াচারাশ্রয়পূর্ব্বক রাজত্ব করায় লোকে ইহাঁদের 'ব্রহ্মক্ষত্রিয়' বলিত এবং (বৈদ্যবংশীয় ব্রাহ্মণ ও সর্ব্ববেদজ্ঞরূপে রাজত্ব করিবার অধিকারী বলিয়া) মস্তকে (মূর্দ্ধায়) যথাশাস্ত্র অভিষিক্ত হইয়া ক্ষত্রিয়বৎ রাজত্ব করিতেন এই নিমিত্ত লোকে তাঁহাদের 'ক্ষত্রিয়'ও বলিত (৩)। কেননা মূর্দ্ধায়

যিনি শাস্ত্রানুযায়ী অভিষিক্ত, তিনি মূর্দ্ধাভিষিক্ত, অর্থাৎ ক্ষত্রিয়। মূর্দ্ধাভিষিক্ত, রাজন্য ও ক্ষত্রিয় এইগুলি পর্য্যায় শব্দ (৩)। 'ব্রহ্ম-ক্ষত্রিয়' নামে কোন জাতির নাম শাস্ত্রে এবং অভিধানে নাই, সুতরাং সেনরাজগণ 'ব্রহ্মক্ষত্রিয় জাতি,' অথবা ক্ষত্রিয় জাতি নহেন—তাঁহারা বৈদ্যবংশীয় সারস্বত শ্রেণীর ব্রাহ্মণ। সেনরাজবংশ সদ্বৈদ্যকুচন্দ্রিকায় বর্ণিত হইয়াছে। তদ্বিবরণের অনুবাদ আনিয়া পরে দিব।

সেনবংশের আদিরাজা বিজয়সেনের পিতা কর্ণাটেশ্বর হেমন্তসেন গুপ্ত ভূপালবংশীয়া যশোদেবীকে বিবাহ করেন (১৪৬)। এতদ্দ্বারা সেনরাজবংশের সহিত গুপ্তরাজবংশের সম্বন্ধ উল্লিখিত হইয়াছে। ভূপতি হেমন্তসেনের সময় বাঙ্গালায় আদিশূর প্রবর্ত্তিত বর্ণাশ্রমধর্ম্ম প্রতিষ্ঠিত রহিয়াছে। গুপ্তভূপালবংশ তখন বর্ণাশ্রমধর্ম্মী বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ সম্প্রদায়ভুক্ত। সুতরাং প্রমাণ হইতেছে যে, হেমন্ত সেনের এই বিবাহ বর্ণাশ্রমধর্ম্মানুসারে হইয়াছে এবং হেমন্তসেন বর্ণাশ্রমী বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ ছিলেন।

সেনবংশীয় বর্ণাশ্রমী বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ নরপতি বিজয়সেন আদিশূরাখ্য বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ ভূপতি লক্ষ্মীনারায়ণ সেনের সপ্তমাধস্তন পুরুষ গিরিধর সেনের কন্যা বিলাসী দেবীকে বিবাহ করেন। এতদ্দ্বারা সেনরাজবংশ ও শূরোপনামধারী রাজবংশ পরস্পর বৈবাহিক সূত্রে সম্বদ্ধ এবং উভয় বংশই বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ ইহা প্রমাণিত হইল (১৪৩)। বর্ণাশ্রমী সেনবংশীয় নরপতি বল্লালসেন 'পালভূপালবংশীয়া রাজলক্ষ্মী দেবীর পাণিগ্রহণ করেন (১৪৬)। সেনরাজবংশের ভূপতি লক্ষ্মণসেন পালরাজবংশীয়া বসুমতী দেবীকে বিবাহ করেন, এতদ্দ্বারা প্রমাণ হইতেছে যে, সেনরাজবংশ ও পালরাজবংশ উভয়ই বর্ণশ্রমী হিন্দু এবং উভয় বংশই বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ ছিল। সেনরাজবংশ

বৈশ্বানর গোত্রীয় (২৩) এবং পালরাজবংশ শক্তি্র গোত্রীয় ছিল (৪২)।

সেনরাজবংশের সহিত বর্ণাশ্রমী বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণগণের কন্যা আদান প্রদান সেনরাজবংশের বিবরণানুবাদে দ্রষ্টব্য। এই সকল সম্বন্ধ দ্বারা সেনরাজগণের বর্ণাশ্রমী হিন্দুত্ব এবং বৈদ্যকুজল সারস্বতব্রাহ্মণত্ব নিংসংশয়ে প্রমাণ হইয়া থাকে। গুপ্তসম্রাটবংশ, পালভূপালবংশ, শালবান্ সেনবংশীয় শূরোপনামধারী ভূপতিবংশ, সেনরাজবংশ এবং বাঙ্গালার বর্ণাশ্রমী বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ সম্প্রদায় পরস্পর বৈবাহিক সূত্রে সম্বদ্ধ বলিয়া সকলেই বর্ণাশ্রমী বৈদ্যকুলজ সারস্বতব্রাহ্মণ সম্প্রদায় ভুক্ত ইহা প্রমাণ হইল।

ভূপতি শালবান্ সেনের (শূররাজ) বংশ বিবরণানুবাদ :—

যে পুণ্য দ্বিজ (বৈদ্য) বংশের কৃপায় সনাতন বৈদিকধর্ম্ম পুনরুজ্জীবিত হইয়াছে, শালাব্দ প্রবর্ত্তন যে মহীপতির কার্য্য, সেই শালবান্ ভূপতির বংশ আমি (জয়সেন) সর্ব্বাগ্রে বর্ণন করিব। পূর্ব্বে **সদ্বৈদ্যকুলে** শালবান্ সেন নামে এক ভূপতি ছিলেন। তিনি নিজভুজবীর্য্যবলে রাঢ়ে মহীপতি হইয়াছিলেন। তাঁহার বংশে মহাবীর্য্যবান্ ভূপতি প্রতাপচন্দ্রসেন জন্মগ্রহণ করেন। ইহাঁরই পুত্র নৃপশ্রেষ্ঠ তেজঃশেখর সেন। তেজঃ শেখরের পুত্র সদ্গুণসাগর মহাবীর লক্ষ্মীনারায়ণ সেন। তিনি (কান্যকুব্জ হইতে) পঞ্চব্রাহ্মণ আনয়ন করেন, পালরাজকে গৌড় (সমগ্র দক্ষিণোত্তর পুণ্ড্র দেশ) এবং বঙ্গ দেশ হইতে বিতাড়িত করেন, এবং নাস্তিক বৌদ্ধগণকে নির্জ্জিত করিয়া (সমগ্র বাঙ্গালার) একচ্ছত্র নরপতি হন। সেই **ধন্বন্তরিগোত্র বৈদ্য-সেনবংশীয়** আদিশূরাখ্যকীর্ত্তি লক্ষ্মীনারায়ণ জয়যুক্ত হউন। লক্ষ্মীনারায়ণ সেন ৮১৬ শকাব্দে জন্মগ্রহণ করেন এবং ৮৬৪ শকাব্দে গৌড়নগরে রাঢ় গৌড় ও বঙ্গের রাজা হন। তিনি কান্যকুব্জের

সদ্বৈদ্যকুলসম্ভূত সারস্বত শ্রেণীর ব্রাহ্মণ নরপতি শ্রীচন্দ্রদেবের হৃদয়ানন্দ-কারিণী শরচ্চন্দ্রনিভাননা কন্যা চন্দ্রমুখী দেবীর পাণিপীড়ন করেন। ধন্বন্তরিগোত্রীয় বুধসেন, কাশ্যপগোত্রীয় সুমতি গুপ্ত, মৌদ্গল্য গোত্রীয় কবিদাশ এবং শক্তি গোত্রীয় শক্তিধর সেন, এই চারি জন সর্ব্বশাস্ত্র-বিশারদ বর্ণাশ্রমী **বৈদ্যসন্তান**, আদিশূর ভূপতির পাত্র ও সভাসদ ছিলেন, তন্মধ্যে বুধসেন প্রধান পাত্র (মন্ত্রী) ছিলেন। রাজ্যে অধর্ম্মের অভ্যুত্থান দেখিয়া ভূপতি (আদিশূর) কান্যকুব্জ হইতে পাঁচজন সাগ্নিক ব্রাহ্মণ আনয়ন করেন এবং তাঁহারই আজ্ঞায় (রাঢ় গৌড় বঙ্গে) বর্ণাশ্রমধর্ম্ম পুনঃ প্রতিষ্ঠিত এবং শ্রৌত ও স্মার্ত্ত ক্রিয়া পুনঃ প্রবর্ত্তিত হয়। পুত্র প্রার্থনায় পুত্রেষ্টি যজ্ঞ করিয়া তিনি তাহার পর দশম মাসে বাঞ্ছিত পুত্র লাভ করেন।

মহান্ নৃপতি বিমল সেন ভূপতি লক্ষ্মীনারায়ণ সেনের পুত্র। তিনি বৈদ্যসন্তানগণের মহাবংশসম্মত কুলকারিকা প্রণেতা এবং কুলকর্ত্তা। তাঁহারই দ্বারা বৈদ্যসম্প্রদায়ে পৌরাণিক বিধানানুযায়ী নবধা লক্ষণান্বিত কৌলীন্য ব্যবস্থাপিত হয়। আদিশূরাত্মজ ভূপতি বিমল সেন পৃথিবীতে ভানুদেব ও ভূশূর এই দ্বিবিধ উপনামে প্রসিদ্ধ হন। মহাপাত্র বুধ সেনের পুত্র চতুর্দ্দশ ভাষাভিজ্ঞ ঋষি শ্রীচন্দ্রশেখর সেন মহাকবিচন্দ্র, ভূপতি ভূশূরের সান্ধিবিগ্রহিক ও মহাপাত্র ছিলেন এবং ভূপতির আজ্ঞায় তিনি বৈদ্যব্রাহ্মণ কুলোদ্ভবগণের যে কুলবিষয়ক সূত্র সকল রচনা করেন তাহারা ঋষিসূত্র নামে প্রখ্যাত। আদিশূরামাত্য সুমতিগুপ্তের উমা দেবী নাম্নী কন্যা ভানুদেবের মহিষী ছিলেন।

কুমারের ন্যায় রূপবান্ কুমারসেন নামে উমাদেবীর গর্ভে ভানুদেবের এক পুত্র হইয়াছিল। তিনি ক্ষিতিশূর নামে প্রসিদ্ধ। তিনি কান্যকুব্জা-গত পঞ্চবিপ্রগণকে বাসার্থে জাহ্নবীতীরে পাঁচখানি গ্রাম প্রদান করেন।

সেই হেতু আদিশূরনীত পঞ্চব্রাহ্মণ বংশীয়েরা পঞ্চগ্রামীণ হইয়াছে। অভিনবগুপ্তপাদের ভাগিনেয়, ভূশূরমন্ত্রী ঋষি শ্রীচন্দ্রশেখরের পুত্র, অষ্টাদশ ভাষাভিজ্ঞ, 'কবিরাজ' নামে বিশ্রুত বিশ্বনাথ সেন, ক্ষিতিশূর মহীপতির সান্ধিবিগ্রহিক ও মহাপাত্র ছিলেন। পালবংশীয় মহীপাল কর্ত্তৃক পুণ্ড্রদেশের উত্তরাংশ নির্জ্জিত হইলে, ক্ষিতিশূর পুণ্ড্রদেশের দক্ষিণাংশ বা গৌড় বঙ্গ ও রাঢ়ের রাজা ছিলেন।

ক্ষিতিশূরোপনামক কুমারসেনের পুত্র ভূপতি মুকুন্দসেন জগতীতলে ধরাশূর উপনামে প্রথিত ছিলেন।

গোবিন্দসেন ও বলরামসেন নামে তাঁহার দুইটি পুত্র হইয়াছিল। তন্মধ্যে জ্যেষ্ঠ গোবিন্দসেন প্রদ্যুম্নশূর ও রণশূর এই উভয় উপনামে, এবং কনিষ্ঠ বলরাম সেন বরেন্দ্রশূর এই উপনামে প্রসিদ্ধ। প্রদ্যুম্ন রাঢ়দেশের এবং বরেন্দ্র গৌড় ও বঙ্গের রাজা হইয়াছিলেন। বরেন্দ্রের নামেই তাঁহার দক্ষিণ পুণ্ড্র বা গৌড়দেশ বরেন্দ্র নামে বিশ্রুত হইয়াছে। চোলদেশীয় মহীপতি কর্ত্তৃক ভ্রাতৃদ্বয়ের রাজ্য অধিকৃত হইলে তাঁহারা পলায়ন করিয়াছিলেন, এবং তাঁহাদের দ্বারা চোলরাজ বিতাড়িত হইলে, তাঁহারা পুনরায় স্ব স্ব রাজ্য অধিকার করেন। নিরন্বয়াবস্থায় বরেন্দ্রশূরের দেহান্ত হইলে, তাঁহার রাজ্য তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা প্রদ্যুম্নশূর অধিকার করিয়া জীবনাবধি শাসন করেন। সমুদ্রের ন্যায় গভীর বহু জলাশয়, মহোচ্চ ভূধর স্পার্দ্ধি বহু দেবালয় এবং বহু দেববিগ্রহ প্রতিষ্ঠা করিয়া রণশূর নৃপতি বিখ্যাতকীর্ত্তি হইয়াছিলেন। বরেন্দ্রদেশে অদ্যাপি (১২২৭ শকাব্দে) প্রদ্যুম্নেশ্বরের মন্দির বিদ্যমান আছে।

মহামতি রণশূর মহীপতির পুত্র গদাধরসেন, অনুশূর উপনামে প্রসিদ্ধ। কৈবর্ত্তরাজ দিব্য কর্ত্তৃক অনুশূর হৃতরাজ্য হইয়া গৌড়পুর হইতে বিতাড়িত হন। এইরূপে গৌড়দেশসহ ভূপতি শালবান্‌সেনের

রাজ্য—রাঢ়দেশ কৈবর্ত্তরাজ দিব্য কর্ত্তৃক প্রশাসিত হয়। ইত্যবসরে জাতবর্ম্মা এবং ত্রৈলোক্য চন্দ্র নামক, নরপতি অম্বুশূরের যথাক্রমে পূর্ব্ববঙ্গ ও পশ্চিম বঙ্গের শাসকদ্বয় নিজ নিজ শাসনের স্বাধীন নৃপতি হইয়াছিলেন। পশ্চিম বঙ্গের শাসক ত্রৈলোক্য চন্দ্র নিজ রাজ্য (দক্ষিণ দিকে) সাগরান্ত প্রসারিত করেন, এবং স্বনামে (চন্দ্রদ্বীপ) পুরী প্রতিষ্ঠা করিয়া তিনি চন্দ্রদ্বীপেশ্বর হইয়াছিলেন (বর্ত্তমান বাখরগঞ্জ জেলা প্রাচীন চন্দ্রদ্বীপ)। অনন্তর কিছুকাল পরে ত্রৈলোক্যচন্দ্র স্বর্গে গমন করিলে, তৎপুত্র শ্রী চন্দ্র চন্দ্রদ্বীপেঁর রাজা হইয়াছিলেন। দিব্য কর্ত্তৃক সহসা আক্রান্ত হইয়া ভয়বিহ্বল শ্রী চন্দ্র বিগ্রহপালদেবের শরণাগত হইলেন। পালবংশের অধীনে শ্রী চন্দ্র কিয়ৎকাল রাজ্য করিয়া দেহান্তর প্রাপ্ত হয়েন। নিঃসন্তান বৈদ্যরাজা শ্রী চন্দ্রের দেহান্ত হইলে, তাঁহার রাজ্য বিগ্রহপালদেব আত্মসাৎ করেন।

দুরাত্মা দিব্য কর্ত্তৃক পিতা নিহত হইলে, অম্বুশূরের জ্যেষ্ঠ পুত্র চক্রধর সেন সমতট স্থিত অরণ্যে পলায়ন করিলেন এবং কনিষ্ঠ পুত্র গিরিধর সেন (রাঢ়ের) দক্ষিণদিকস্থ অরণ্যে পলায়ন করিলেন। লক্ষ্মীশূর উপনামে চক্রধর রাজা হইয়াছিলেন। বিগ্রহপাল দেবের অধীন সামন্ত নৃপতি হইয়া অপারমন্দার পুরে তিনি রাজত্ব করেন। গিরিধরাত্মজা সেনরাজ ভূপতি বিজয় সেনের মহিষী হইয়াছিলেন।

মহীপতি বল্লাল সেন যেমন বলিয়া গিয়াছেন আমি যথাযথ তদ্রূপই এই শালবান্ ভূপতির বংশ বিবরণ লিখিলাম।" (৪০—৪৭)

বৈশ্বানর গোত্র সেনরাজবংশ, তত্র বৈদ্যবংশীয় বীজী ভূপতি বল্লাল সেন বংশ লিখিত হইতেছে:—

"**বৈশ্বানর গোত্রীয়** বীজী ভূপতি বল্লাল সেনের বংশাবলী যথাদৃষ্ট ও যথাশ্রুত লিখিতেছি। পুণ্যভাগীরথীনদীবিধৌতরাঢ়-

দেশে পুরাকালে **সারস্বত ব্রাহ্মণের বৈদ্যবংশে** অশ্বপতি সেন নামে এক সামন্ত নরপতি ছিলেন। তাঁহার বংশে চন্দ্রকেতু নামে এক মহাগুণবান্ ভূপতি জন্মগ্রহণ করেন। তাঁহার বীর সেন নামে একটি মহাবল পরাক্রান্ত পুত্র স্বীয় বাহুবলে বঙ্গদেশ জয় করিয়া স্বয়ং তাহার নরপতি হন। বীরসেনের পুত্র বিক্রম সেন বিক্রমপুর নামে রাজধানী প্রতিষ্ঠা করেন এবং সেই স্থানে অবস্থিত হইয়া প্রজাপালন করেন। ভূপতি চন্দ্রকেতু সেনের কুলে শুকদেব সেন জন্মগ্রহণ করেন। সুধী শুকদেব সেন দক্ষিণাপথের কর্ণাটে গিয়া নিজ রাজ্য প্রতিষ্ঠা করিয়াছিলেন। শুকদেবের পুত্র নিভুজ সেন। তাঁহার পুত্র অশোক সেন। অশোকের পুত্র বীর সেন, তাঁহার পুত্র সামন্ত সেন। সেনবংশের শিরোমণি কর্ণাটরাজমার্ত্তণ্ড সামন্ত সেনের পুত্র মহাবীর হেমন্ত সেন। ললনাকুলচন্দ্রমা গুপ্তভূপালবংশজা শ্রীমতী যশোদেবী হেমন্ত সেনের মহিষী ছিলেন। উক্ত মহিষীর গর্ভে ভূপতি হেমন্ত সেনের মহাবিক্রম বিজয় সেন নামে পুত্র জন্মগ্রহণ করেন। বিজয় সেন (কর্ণাট হইতে আসিয়া) অগ্রে রাঢ়, তাহার পর যথাক্রমে বরেন্দ্র গৌড়াদি পৌণ্ড্রদেশ ও বঙ্গ জয় করেন।

রাঢ় বরেন্দ্র গৌড়াদি ও বঙ্গদেশের রাজলক্ষ্মী অধিকারকারী **বৈশ্বানর গোত্র** মহীপতি বিজয়সেনের পুত্র বল্লাল সেন ১০৫০ শকাব্দে রাজ্যারোহণ করেন। এই কৌস্তভমণি সদৃশ নৃপতিকে আদিশূর কুলানন্দ গিরিধর সেনের কন্যা বিলাসী দেবী গর্ভে ধারণ করেন। বৈদ্যবংশাবতংস এই ভূপতি ধর্ম্মরক্ষক নৃপতিগণের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন। তিনি বঙ্গের (রাজধানী) রামপালে অবস্থিত হইয়া প্রজাপালন করিতেন। **স্মৃতিবেদবিৎ স্বয়ং বিপ্রশিরোমণি ভূপতি বল্লাল** সেন (কান্যকুব্জাগত পঞ্চ) ব্রাহ্মণ সন্তানগণের গুণ

দোষ বিচার পূর্ব্বক তাহাদের কৌলীন্য ব্যবস্থা করিয়াছিলেন। কান্যকুব্জাগত ব্রাহ্মণ বংশধরগণকে বিষয়গর্ত্তপাতী দেখিয়া দুঃখ বিমনা রাজা তাঁহাদের গুণোত্তমগণকে কুলগুণে মহীয়ান্ করিলেন। উক্ত ব্রাহ্মণ বংশধরগণের মধ্যে যাহারা রাঢ় দেশের অধিবাসী ছিল, তাহারা **পূর্ব্বে বৌদ্ধাচার পরায়ণ বরেন্দ্র দেশ** বাসিগণকে, তখন স্বধর্ম্মে (সনাতন বৈদিক ধর্ম্মে) পুনরায় স্থাপিত হইলেও, পরিত্যাগ করিয়াছিল। সেই হেতু ধর্ম্মরক্ষণে তৎপর রাজা (বল্লাল সেন) পরস্পরের সম্বন্ধাদি বিচার পূর্ব্বক রাঢ়দেশস্থগণকে রাঢ়ীয়, এবং বরেন্দ্রদেশস্থগণকে বারেন্দ্র, এইরূপ দুই পৃথক্ নামের দুই পৃথক্ শ্রেণীতে বিভাগ করিয়া দিলেন। তিনি পৃথিবীতে দানসাগর (দান বিষয়ক স্মৃতির গ্রন্থ) নামে সৎকৃতি রাখিয়াছেন, যাহার কীর্ত্তি ভুবন-পাবনী সুরনদীর ন্যায় সাগরান্তবিস্তৃত হইয়াছে। তিনি জ্যোতিষাগম-নিধানসাগরস্বরূপ অদ্ভুতসাগর নামক আর একখানি গ্রন্থের রচনা অসমাপ্ত রাখিয়া ১০৯০ শকাব্দে স্বর্গে গমন করেন। সমস্ত ভুবনার্চ্চিতা তদীয় মহিষী শ্রীমতী রাজলক্ষ্মী দেবী পালরাজবংশীয়া ছিলেন।

বল্লালতনয় শ্রীমল্লক্ষ্মণসেন পরম বৈষ্ণব, ধার্ম্মিক, বেদজ্ঞ, ধর্ম্ম, এবং ব্রাহ্মণের রক্ষক নরপতি ছিলেন। তিনি বাহুবলে কামরূপ ওড্র এবং মগধ দেশ জয় করিয়াছিলেন। তিনি দণ্ডার্হ দুষ্ট ব্যক্তিগণকে দণ্ড দিয়া মানার্হদিগকে মান্য দিয়া যোগ্য যাচকবর্গকে দানে সন্তুষ্ট করিয়া প্রজাসকলকে রঞ্জন করিতেন। পাদদ্বয়ে নিপতিত বিজিত শত্রু-গণকে সাদরকরে উঠাইয়া এবং ভূমি দানাদি দ্বারা রক্ষা করিতেন। পিতার দুষ্ট সম্বন্ধভাগী এবং অন্নদুষ্ট কৌলাচারনিরত পিতৃবান্ধবগণকে (পিতৃস্বসৃপুত্র, ভাগিনেয় ইত্যাদি) তিনি বলপূর্ব্বক যজ্ঞসূত্রহীন করেন। গুপ্তকুলে মহাধিকারী বিশ্রুত ভীমগুপ্ত, ধন্বন্তরিগোত্র বীজী গোয়ী

সেনের সপ্ত পুত্র, মুণ্ডীরসেন গয়ীসেন অঙ্কসেন আভসেন ও মীনসেন শক্তি গোত্রের এই পঞ্চ সেনকুলোদ্ভব (সমগ্রে এই ত্রয়োদশ বৈদ্যসন্তান), কৌলাচারপরায়ণ ভূপতি বল্লালসেনের সম্বন্ধে যাঁহারা বান্ধব, পিতার দুষ্টান্নভোজন নিমিত্ত, তদীয় পুত্র ভূপতি লক্ষ্মসেন কর্ত্তৃক ব্রাত্যীকৃত হইয়াছিলেন। [এই ত্রয়োদশ পরিবারই বৈদ্যসমাজের আদি বল্লালী থাক। ইহাঁরা সকলেই রাঢ়ীয় সমাজভুক্ত ছিলেন এবং বাধ্য হইয়া রাঢ় ত্যাগ করিয়া বঙ্গে গিয়া বাস করেন।] পিতার ন্যায় পঞ্চবিংশতি বৎসর রাজ্যপালন করিয়া লক্ষ্মণোপম ভূপতি লক্ষ্মণসেন বৈষ্ণবধামে গমন করিলেন।

ধর্ম্মপালের সুতা বসুদেবীর গর্ভে লক্ষ্মণসেনের তিনটি পুত্র হইয়াছিল। তন্মধ্যে অগ্রজ মাধবসেন অভিষিক্ত হইবার পূর্ব্বেই স্বর্গে গমন করেন। অপর দুই পুত্র যথাক্রমে কেশবসেন ও বিশ্বরূপ সেন রাজ্যভাগী হইয়াছিলেন। পিতৃরাজ্যের পূর্ব্বাংশে (বঙ্গে) কনিষ্ঠ পুত্র বিশ্বরূপ সেন রাজা হন, এবং তিনি রামপাল রাজধানীতে অবস্থিত হইয়া রাজ্যশাসন করিতেন। মধ্যম পুত্র কেশবসেন পশ্চিমাংশের (রাঢ়-গৌড়ের) অধিপতি হন এবং তিনি গৌড়ে রাজধানী করিয়া রাজ্যশাসন করিতেন। কেশব পিতার নামে লাক্ষ্মণেয় বলিয়া প্রসিদ্ধ, দানে তিনি কর্ণতুল্য, শৌর্য্যে ভীমসদৃশ এবং পরমধার্ম্মিক ছিলেন। (কেশবের) অমাত্য পশুপতি শর্ম্মা, ভূপতি কেশবসেন (ভাবী যবনাক্রমণের প্রতিরোধ করিবার নিমিত্ত) রামপালে তদীয়ানুজ ভূপতি বিশ্বরূপসেনের সহিত মন্ত্রণা করিতে গিয়াছেন জানিয়া, (বৈদ্যবিদ্বেষ এবং) লোভবশতঃ (যবনগণকে গোপনে আনাইয়া) বিশ্বাসঘাতকতাপূর্ব্বক রাত্রি-কালে গৌড়ের দুর্গদ্বার উন্মুক্ত করতঃ যবন করে গৌড়রাজ্য অর্পণ করিলেন। এইরূপে ভূপতি কেশবসেনের রাজ্যাভিষেকের

দশমবর্ষে যবনাঙ্কগত গৌড় অতিশয় শোচনীয় দশা প্রাপ্ত হইল। ১১২৪ শকাব্দে খিলজী যবনের দুষ্ট যবনশাসন প্রবর্ত্তিত হইয়া গৌড়ের প্রজাগণ উৎপীড়িত হইতে লাগিল। ভূপতি লক্ষ্মণসেনের অমাত্য বটুদাশের কন্যা ভূপতি কেশবসেনের মহিষী ছিলেন। তাঁহার গর্ভে নৃপতি কেশবের গদসেন নামে একটি পুত্র এবং তিনটি কন্যা উৎপন্ন হইয়াছিল। শক্তি গোত্রের (দণ্ডপাণিসেনের বংশধর) জাতরিসেন ভূপতি কেশবসেনের জ্যেষ্ঠা কন্যার (১১৩ পৃঃ), স্বল্পাধিকারিবংশীয় শ্রীপতি গুপ্ত মধ্যমা কন্যার (২২৪ পৃ;), এবং পন্থবংশীয় সন্তোষ দাশ কনিষ্ঠা কন্যার (১৭০ পৃঃ) পাণিগ্রহণ করেন।

নরপতি বিশ্বরূপসেন, কিন্তু স্বীয় বাহুবলে বঙ্গরাজ্যে স্বাধিকার অকুণ্ঠিত রাখিয়া ত্রিচত্বারিংশ বর্ষ প্রজাপালনান্তে (১১৫৮ শকে) পুত্রদ্বয়কে রাজ্যার্পণপূর্ব্বক স্বর্গে গমন করেন। শিয়ালসেনবংশীয় রঘুনাথ সেনের কন্যা শ্রীমতী বিজয়া দেবী ভূপতি বিশ্বরূপের মহিষী ছিলেন। তদ্গর্ভে বিশ্বরূপের একটি কন্যা ও দুইটি পুত্র জন্মে। কন্যাটির কায়ুগুপ্ত-কুলজ পশুপতি গুপ্তের সহিত বিবাহ হয়। ভীমসেন ও সুন্দরসেন নামে ভূপতি বিশ্বরূপ সেনের মহাবীর পুত্রদ্বয় উভয়েই বাহুবলে শত্রুজয়পূর্ব্বক পৃথক্ পৃথক্ রাজ্যশাসন করিয়াছিলেন।

ভূপতি বিশ্বরূপের পুত্রদ্বয়ের মধ্যে কনিষ্ঠ নৃপতি সুন্দরসেন সুবর্ণগ্রামে (সোনারগাঁয়ে?) সংস্থিতি করিয়া পূর্ব্ববঙ্গে (মহেশ্বরদী, পূর্ব্ব ময়মনসিংহ, কাছাড়, শ্রীহট্ট, ত্রিপুরা নোয়াখালী ও চট্টগ্রাম) রাজত্ব করিতেন। তিনি স্বনামে সুবর্ণগ্রামকে সুন্দরপুর নামে নামান্বিত করেন। তাঁহার একটি রূপগুণসমন্বিতা কন্যা হইয়াছিল বীজী পাহিদাশকুলোদ্ভূত রুদ্রদাশ তাঁহাকে বিবাহ করেন (১৮৯)। [এই রুদ্রদাশের পুত্র দনুজমাধব (রায়) মাতামহ সুন্দরসেনের

দেহান্তে তদ্‌রাজ্যের অধীশ্বর হন (১৯০)। দনুজমাধব ইদানীং তথায় রাজত্ব করিতেছেন, সেই জন্য তিনি রায়চ্ছত্র অভিহিত।]

বীজী তোয়ীদাশের সুন্দরী ও ইন্দিরা নামে দুইটি প্রপৌত্রী যথাক্রমে ভূপতি ভীমসেনের ও ভূপতি সুন্দরসেনের মহিষী হন।

রামপালনগরে ভূপতি ভীমসেন অষ্টত্রিংশাব্দ রাজত্ব করিয়া পুত্রকে রাজ্যার্পণপূর্ব্বক স্বর্গে গমন করেন। ভূপতি ভীমসেনের দুইটি কন্যা ও একটি পুত্র হইয়াছিল। কাম্বুবংশীয় চন্দ্রগুপ্ত পূর্ব্বিকা, এবং পম্বদাশকুলোদ্ভূত নায়কদাশ কনিষ্ঠা কন্যাকে বিবাহ করেন (১৬৮)। তাঁহার একমাত্র তনয় (ভূপতি) কার্ত্তিকসেন এক্ষণে (১২২৭ শকাব্দে) বঙ্গদেশে রাজত্ব করিতেছেন। ভূপতি কার্ত্তিকসেন রূপে ও বলে কার্ত্তিকেয়ের সমান ছিলেন। তিনি গুঠিনাগড়িবংশীয় এই সদ্বৈদ্যকুলচন্দ্রিকা পুস্তিকার রচয়িতা জয়সেনের, শ্রীকমলাদেবীর ন্যায় গুণালয়া, কমলাদেবী নাম্নী কন্যার পাণিগ্রহণ করিয়াছেন। তাঁহার গর্ভে ভূপতির পঞ্চ গুণান্বিত কুমার এবং দুইটি কন্যা জন্মগ্রহণ করিয়াছে। পুরুসেন নামে প্রথিত শত্রুঘ্নসেন পঞ্চ কুমারদিগের মধ্যে জ্যেষ্ঠ, দ্বিতীয় হরিসেন, তৃতীয় নারায়ণসেন, চতুর্থ লক্ষ্মণসেন এবং পঞ্চম কুমার দামোদর সেন সর্ব্বকনিষ্ঠ পুত্র ছিলেন। রাজকুমারীদ্বয়ের পূর্ব্বজা বিমলাদেবী বুধদাশকে (১৬৮) এবং কনিষ্ঠা সরলাদেবী (বুধদাশের খুল্লতাতপুত্র) পাঁচুদাশকে (১৬৮) অর্পিত হইয়াছেন (১৪৫-১৫০)।" ইতি।

সেনরাজবংশের যে সকল প্রস্তরে লিখিত অথবা তাম্রপত্রে লিখিত দানশাসনপত্র আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে ভূপতি লক্ষ্মণসেনকৃত শ্রীকৃষ্ণ ধরের তাম্রশাসনখানিই সেনরাজগণের জাত্যাদি বিষয়ে সর্ব্বাধিক প্রামাণ্য, কেননা উক্ত তাম্রশাসনের দূতক স্বয়ং নৃপতি লক্ষ্মণসেনই ছিলেন। অন্যান্য লিপির প্রশস্তিকার কেহই সেনরাজবংশীয় ছিলেন না,

অন্য লোক ছিল। ভূপতি লক্ষ্মণসেন স্বয়ং তদ্রচিত বাজসনেয়-কাণ্বশাখীয়-ব্রাহ্মণকুলদীপ নামক বৈদ্যকুলগ্রন্থে স্বীকার করিয়াছেন যে, বৈদ্যরাজারা জাতিতে ব্রাহ্মণ হইয়া ক্ষত্রিয়বৎ রাজত্ব করিতেন বলিয়া লোকে তাঁহাদের 'ব্রহ্মক্ষত্রিয়,' এবং মূর্দ্ধায় (মস্তকে যথাশাস্ত্র) অভিষিক্ত হইয়া রাজা হইতেন বলিয়া লোকে তাঁহাদের মূর্দ্ধাভিষিক্ত অর্থাৎ 'ক্ষত্রিয়' বলিত। সেই জন্য অপর লোকের লিখিত প্রশস্তিবাক্যে তাঁহাদের বহ্মক্ষত্রিয় অথবা ক্ষত্রিয় বলিয়া উল্লেখ করা কিছুই বিচিত্র নহে। আমরা কিন্তু ইতিপূর্ব্বেই দেখিয়াছি যে, ভূপতি লক্ষ্মণসেন স্বয়ং শ্রীকৃষ্ণ ধরের দানশাসনপত্রের শেষে আপনাকে ব্রাহ্মণ বলিয়াই পরিচয় দিয়াছেন। উক্ত তাম্রশাসন প্রশস্তির ৩ শ্লোকে তিনি স্বয়ং লিখিয়াছেন—'সেবাবনম্রনৃপকোটি-কিরীটরোচিরম্বুল্লসৎপদনখদ্যুতি বল্লরীভিঃ। তেজো-বিষজ্বরমুষো দ্বিষতামভূবন্ ভূমিভুজঃ স্ফুট **যৌষধনাথবংশে**॥"—"অর্থাৎ কোটি কোটি সেবানম্র নৃপতিবৃন্দের কিরীটপ্রভাতে যাঁহাদের পদনখ-দ্যুতি দশবল্লরীর ন্যায় পতিত হইয়া বৈরিরাজগণের তেজোরূপ বিষজ্বর নাশ করে, তাদৃশ রাজগণ ঔষধনাথ (বৈদ্য) বংশে জন্মগ্রহণ করিয়াছেন।" কথাটি "স্ফুটম্ **ঔষধনাথবংশে**" এইরূপই আছে, "স্ফুটম্ **ওষধিনাথবংশে**" এইরূপ নাই। ওষধিনাথবংশে শব্দের অর্থ চন্দ্রবংশে এবং **ঔষধনাথবংশে** শব্দের অর্থ **বৈদ্যবংশে**। তেজোরূপ বিষজ্বর নাশের জন্য ঔষধনাথ বৈদ্যেরই প্রয়োজন, সুতরাং এস্থলে '**ঔষধনাথবংশে**' **কথাই সঙ্গত, ওষধিনাথবংশে সঙ্গত হয় না।** অতএব লক্ষ্মণসেন ভূপতি স্বয়ং সেনরাজগণকে সুস্পষ্টভাবে **বৈদ্যকুলজ ব্রাহ্মণই** বলিয়াছেন। এবং প্রশস্তির ৬ শ্লোকের 'ন বেদায়নৈকব্বগঃ' (অর্থাৎ সংসারযাত্রায় সাধারণ ব্রাহ্মণোচিত একমাত্র—অধ্যাপন যাজন প্রতিগ্রহরূপ—বৈদিক-পথ অবলম্বনকারী নহে) এবং ৭ শ্লোকের 'রাজন্যধর্ম্মাশ্রয়ঃ' (ক্ষত্রিয়-

ধর্ম্মাশ্রয়ী) এই কথাগুলির দ্বারা সেনরাজগণের ব্রাহ্মণত্ব এবং ক্ষত্রিয়াচারত্ব জন্য ব্রহ্মক্ষত্রিয়ত্ব ও সমর্থিত হইয়াছে। 'রাজন্য ধর্ম্মাশ্রয়ঃ' পদ দ্বারা অক্ষত্রিয়ত্ব ও প্রমাণিত হইয়াছে।

সেনরাজগণ যদি বাজসনেয়-কাণ্বশাখীয়-বৈদ্যকুলজ-সারস্বতব্রাহ্মণ না হইতেন, তাহা হইলে কখনই ভূপতি বল্লালসেন 'সারস্বতকুলদীপ' এবং নরপতি লক্ষ্মণসেন 'বাজসনেয়-কাণ্বশাখীয়-ব্রাহ্মণকুলদীপ' নামক বৈদ্যকুল-গ্রন্থ লিখিতেন না। এইরূপ বৈদ্যকুলগ্রন্থ লিখিয়া তাঁহারা আপনাদের বৈদ্যকুলজ ব্রাহ্মণত্ব জগতে বিঘোষিত করিয়াছেন।

পরিশেষে বল্লালী থাকের বিষয়ে আমাদের বক্তব্য সঙ্ক্ষেপে বলিয়া আমরা ভূমিকার অবসান করিব। "স কৌলাচারনিরতান্ দুষ্টসম্বন্ধভাগিনঃ। পিতৃবন্ধূনন্নদুষ্টান্ বৃষলানকরোদ্বলাৎ॥—তিনি (ভূপতি লক্ষ্মণসেন) কৌলাচারনিরত এবং পিতার দুষ্টসম্বন্ধভাগী ও অন্নদুষ্ট সম্পর্কে বান্ধবগণকে বলপূর্ব্বক (বৃষল) যজ্ঞসূত্র হীন করেন (১৪৭)।" নিম্নোক্ত ত্রয়োদশ ব্যক্তি ভূপতি লক্ষ্মণসেন কর্ত্তৃক বলপূর্ব্বক বৃষলীকৃত হন ;—কাশ্যপগোত্র বীজী পরমেশ্বর গুপ্তের পুত্র মহাধিকারী ভীমগুপ্ত, ধন্বন্তরিগোত্র বীজী গোয়ীসেনের বীরসেন ধীরসেন হরসেন নরসেন চারুসেন পুরুসেন এবং কুরুসেন নামে সপ্তপুত্র, শক্তিগোত্রের বীজী মুণ্ডীরসেন (স্বর্ণপীঠী), এবং শক্তিগোত্রের অঙ্কসেন গোয়ীসেন আভসেন ও মীনসেন এই চারিজন। ভীমগুপ্তের পিতা পরমেশ্বর গুপ্ত সামন্তসেনের দৌহিত্র ছিলেন (২২২)। বীরাদি 'ধন্বন্তরিগোত্রীয় সপ্ত ভ্রাতা' নামে প্রসিদ্ধ বীজী গোয়ীসেনের প্রথম পক্ষের পুত্রগণ, ভূপতি বিজয়সেনের দৌহিত্র (৮৭)। শক্তিগোত্রীয় বীজী স্বর্ণপীঠী মুণ্ডীরসেন ভূপতি বিজয় সেনের দৌহিত্র (১৩১)। শক্তিগোত্রীয় আদিত্যসেনের গয়ীসেন অঙ্কসেন আভসেন এবং মীনসেন নামের পুত্র চতুষ্টয় ভূপতি বিজয়সেনের

দৌহিত্র (১৩১)। অতএব ইহাঁরা সকলেই ভূপতি বল্লালসেনের সম্পর্কে বন্ধু। ইহাঁরা ভূপতি লক্ষ্মসেন কর্ত্তৃক বলপূর্ব্বক বৃষলীকৃত (পতিত) হইয়া সকলেই রাঢ় ত্যাগ পূর্ব্বক বঙ্গদেশে গিয়া বাস করিতে বাধ্য হন। ইহাঁরাই আদিবল্লালী থাক, এবং অপর সমস্ত সমাজের বৈদ্যগণ প্রথমে লক্ষ্মণী থাকভুক্ত ছিল। ইহাঁদের সহিত বৈবাহিক সম্পর্ক রাজদোষ অভিহিত, এবং ব্রাত্যতা ও তজ্জনিত পাতিত্যের কারণ (১৬) হয়। ইহাঁরা বঙ্গদেশে বাস করায়, বারেন্দ্র ও বঙ্গজাদি সমাজের বৈদ্যসন্তানগণের সহিত ক্রিয়াকর্ম্ম করিয়া ক্রমশঃ সমগ্র বঙ্গজসমাজ বারেন্দ্রসমাজ ও পূর্ব্ববঙ্গ সমাজকে কুক্ষিগত করিয়া ফেলেন। এইরূপে এই সমাজগুলি ব্রাত্যীভূত ও পতিত হইয়া বল্লালী থাকে পরিণত হয়। কেবল রাঢ় সেনভূম মল্লভূম ও ধলভূম সমাজই এক্ষণে লক্ষ্মণী থাকের অন্তর্গত আছে। 'দুষ্টসম্বন্ধ' কথাটি দ্বারা ভূপতি বল্লালসেনের বৃদ্ধবয়সে বৈষ্ণবধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক কৌলতান্ত্রিক শাক্ত ধর্ম্মাবলম্বনে নীচ জাতীয়া প্রকৃতি সম্বন্ধ ঘটিত দুষ্টসম্বন্ধ সংসূচিত হইয়াছে।

অব্রাহ্মণ বৈদ্যজাতিরূপে অধুনা আত্মবিস্মৃত বৈদ্যসন্তানগণ, আপনারা নিজ বৈ[illegible]জ সারস্বত ব্রাহ্মণত্ব এবং গৌরবময় ইতিহাস অবগত হইয়া তদনুসারে আপনাদের সংস্কার সাধনপূর্ব্বক, আপনাদের জাতিধর্ম্ম ও সমাজের উন্নতিসাধনে অ[illegible]ম্বে তৎপর হইবেন—ইহাই বিনীত প্রার্থনা। অপনাদের পূর্ব্বপুরুষগণ অনধিক দুই শত বৎসর পূর্ব্বেও শর্ম্মান্তনাম ব্যবহারপূর্ব্বক ব্রাহ্মণোচিতভাবে অশৌচ পালন ও সমস্ত ক্রিয়া কর্ম্ম করিয়াছেন। সুতরাং বাধ্যতামূলে আপনাদের মধ্যে যে সকল ব্রাহ্মণ্যের ব্যতিক্রম প্রবেশ করিয়াছে, তাহা অবিলম্বে পরিহরণীয়। এই আধুনিক ব্যতিক্রমগুলি লোকাচার দেশাচার বা কুলাচার গণ্য হইবার যোগ্য নহে, যেহেতু

এইগুলি আবহমানকাল হইতে আপনাদের মধ্যে প্রচলিত নাই। এবং ইহাদের লোকাচার দেশাচার বা কুলাচার গণ্য করিলেও শাস্ত্রবিরুদ্ধ বলিয়া ইহারা সর্ব্বথা পরিত্যজ্য। মহর্ষি গৌতম বলিয়াছেন— দেশাচার ও লোকাচার তখনই পরিপাল্য, যখন তাহারা শাস্ত্রের অবিরোধী, শাস্ত্রবিরুদ্ধ হইলে কখনই পরিপাল্য নহে, সর্ব্বথা পরিত্যজ্য হইয়া থাকে। ভগবানও বলিয়াছেন শাস্ত্রোল্লঙ্ঘনপূর্ব্বক কর্ম্ম করিলে কর্ম্ম অসিদ্ধ হয়। অলমিতিবিস্তরেণ।

গ্রন্থপ্রকাশক,

শ্রীযতীন্দ্রমোহন শর্ম্মা।

সদ্বৈদ্যকুলচন্দ্রিকা

জয় সেন বিশ্বাস ঠাকুরকৃতা।

নত্বা বিষ্ণোঃ পদদ্বন্দ্বং ভবরোগস্য ভেষজম্।
জয়সেনঃ করোতীমাং সদ্‌বৈদ্যকুলচন্দ্রিকাম্॥
বৈদ্যানাং কীর্ত্তনাৎ পুণ্যমারোগ্যমপিজায়তে।
তস্মাচ্চ কৃতিভিঃ পুর্ব্বৈঃ কৃতা পঞ্জী ময়াপি চ॥

যদুক্তং,—

গুরুদেবদ্বিজাতীনাং জ্ঞাতীনাং জ্ঞানিনামপি।
বৈদ্যানামপি সাধূনাং কীর্ত্তনং শুভদং স্মৃতম্॥ ইতি।
বিনায়কস্য যদ্‌বাক্যং যদ্‌বাক্যং বাদলেঃ কবেঃ।
যদুক্তং রামদাশেন পাত্রদামোদরেণ চ॥
বল্লালভূপতের্ব্বাক্যং ভূপতের্লক্ষ্মণস্য চ।
যদুক্তং চায়ুদাশেন পস্থেন কৃতিনা তথা॥
সেনমুণ্ডীর-বাক্যঞ্চ দুর্জ্জয়স্যাপি যদ্বচঃ।
সর্ব্বেষাং মতমাশ্রিত্য রচিতা কুলচন্দ্রিকা॥

যদুক্তং সারস্বতকুলদীপে, শ্রীমদ্‌বল্লালসেনদেব-নৃপতিনা,—

"বৈদ্যবংশসমুৎপন্না ব্রাহ্মণা বেদপারগাঃ।
শ্রেণ্যা সারস্বতাস্তে চ সর্ব্বে বিষ্ণুপরায়ণাঃ॥

শতার্দ্ধগোত্রজা বৈদ্যা আয়ুর্ব্বেদবিচক্ষণাঃ।
ভূতকারুণ্যতন্ত্রত্বাল্লোকানুগ্রহকারকাঃ॥
চিকিৎসাকুশলশ্চাপি সুদক্ষা যাজনে তথা।
আর্য্যাবর্ত্তাৎ সমাগম্য জহ্নুকন্যাকূলেঽবসন্॥
বিপ্রসারস্বতে বৈদ্যে বিষ্ণুগুপ্ত-মহামতেঃ।
উপদেশেন নীতাস্তে পুত্রদারগণৈঃ সহ॥" ইতি।

পুনশ্চ,—

"অম্বষ্ঠদেশতশ্চৈতে গৌড়মণ্ডলমাগতাঃ।
অম্বষ্ঠদেশবাসিত্বাদম্বষ্ঠাশ্চাপি তে স্মৃতাঃ॥" ইতি।

যদুক্তং,—

"শীলবান্ মতিমান্ যুক্তো দ্বিজাতিঃ শাস্ত্রপারগঃ।
প্রাণিভির্গুরুবৎপূজ্যঃ প্রাণাচার্য্যঃ স হি স্মৃতঃ॥
বিদ্যাসমাপ্তৌ ভিষজস্তৃতীয়া জাতিরুচ্যতে।
অশ্নুতে 'বৈদ্য'-শব্দং হি ন বৈদ্যঃ পূর্ব্বজন্মনা॥
বিদ্যাসমাপ্তৌ ব্রাহ্মং বা সত্ত্বমার্ষমথাপি বা।
ধ্রুবমাবিশতি জ্ঞানং তস্মাদ্বৈদ্যস্ত্রিজঃ স্মৃতঃ॥"

ইত্যগ্নিবেশসংহিতায়াম্।

যদুক্তং বাজসনেয়-কাণ্বশাখীয়-ব্রাহ্মণকুলদীপে, শ্রীমল্লক্ষ্মণসেনদেব-নৃপতিনা,—

"গৌড়দেশস্থিতাশ্চৈতে বৈদ্যনাম্না সুবিশ্রুতাঃ।
শাখীয়া দ্বিবিধাঃ প্রোক্তাঃ সারস্বতাশ্চ সৈন্ধবাঃ॥
শ্রেণ্যা সারস্বতাঃ সর্ব্বে বিজ্ঞেয়া ব্রাহ্মণাশ্চ তে।
জাত্যা বৈদ্যা ন বিজ্ঞেয়া নাম্বষ্ঠজাতয়োঽপি চ॥
ত্রিজাতিরিতি বৈদ্যানাং বিপ্রেষু জাতিগৌরবাৎ।
প্রাণিভিঃ পূজনীয়ত্বাদ্ বৃত্তেঃ পূজ্যতমাৎ তথা॥

চিকিৎসাকুলবৃত্তিত্বাদ্ বৃত্ত্যা জাতি-প্রবর্ত্তনাৎ।
বৈদ্যজাতীতি নাম্না তে বৌদ্ধরাজেন পূজিতাঃ॥
যাবদেবং কৃতা পূজা বিম্বিসারনৃপেণ চ।
তাবত্তে বৈদ্যজাতীতি লোকৈরিহ প্রকীর্ত্তিতাঃ॥
জ্ঞেয়া বৃত্তিস্তু বৈদ্যানাং চিকিৎসাধ্যাপনাদিকা।
নৃপধর্ম্মাশ্রয়শ্চাপি ইতি চৌশনসী স্মৃতিঃ॥
ক্ষত্রধর্ম্মাশ্রয়ো বৈদ্যো ব্রাহ্মণঃ ক্ষত্রিয় ইব।
ততঃ স "ব্রহ্মক্ষত্রিয়ো" লোকৈরিহ নিগদ্যতে॥
মূর্দ্ধ্নি স চাভিষিক্তত্বাৎ "ক্ষত্রিয়ো"ঽপি প্রকীর্ত্তিতঃ।
মূর্দ্ধাভিষিক্তরাজন্যৌ শব্দৌ হ্যেকার্থবাচকৌ॥" ইতি।

যদুক্তং,—

বেদাজ্জাতো হি বৈদ্যস্তাদম্বষ্ঠো ব্রহ্মবক্ত্রজঃ।
অম্বষ্ঠদেশবাসিত্বাদম্বষ্ঠসংজ্ঞকঃ স্মৃতঃ॥

ইতি শব্দঃ।

কুলপদ্ধতয়ঃ।

সেনো দাশশ্চ গুপ্তশ্চ দত্তোদেবঃ করস্তথা।
রাজসোমাবপীত্যষ্টৌ নন্দিচন্দ্রৌ ধরোঽপিচ॥
কুণ্ডশ্চ রক্ষিতশ্চেতি পদ্ধতয়স্ত্রয়োদশ।
ইন্দ্রাদিত্যৌ তথা নাগপালৌ সপ্তদশৈব হি॥
কুলোপাধিস্তু বৈদ্যানাং বিপ্রসারস্বতোদ্ভবাম্।
রাঢ়ে বঙ্গে বরেন্দ্রে যে বৌদ্ধরাজেন স্থাপিতাঃ॥
শাখা-সূত্রে তু তেষাং বৈ কাণ্ব-কাত্যায়নাবিতি।
ইন্দ্রাদিকাশ্চতুষ্টয়া নাতিখ্যাতা ভিষক্কুলে॥

সেনাস্তষ্টাবুপাধিকা রাঢ়ীয়াঃ পরিকীৰ্ত্তিতাঃ ।
বিপ্রসারস্বতে চৈতে শাখাসারস্বতোদ্ভবাঃ ॥
রাঢ়ীয়াষ্টাবমী সৰ্ব্বে বঙ্গেষ্বপি বসন্তি হি ।
ইন্দ্রাদিত্যাবুপাধিকৌ আমূলং বঙ্গগামিনৌ ॥
দশামী কুলনামাঢ্যা বঙ্গজাঃ পরিকীৰ্ত্তিতাঃ ।
দাশো দত্তো ধরঃকুণ্ডো নন্দীচন্দ্রশ্চ রক্ষিতঃ ॥
রাজসোমেন্দ্রনাগাশ্চ পালাদিত্যকরাস্তথা ।
পৌণ্ড্রদেশ নিবাসিনঃ পদ্ধতিকাশ্চতুর্দ্দশ ॥
বিপ্রসারস্বতেষমী শাখীয়াঃ সৈন্ধবাঃ স্মৃতাঃ ।
বরেন্দ্রদেশবাসিত্বাদ্ বারেন্দ্রা অপি সংজ্ঞিতাঃ ॥
সৰ্ব্বে বারেন্দ্রকা বৈদ্যা বঙ্গদেশে বসন্তি চ ।
রাঢ়েঽপি নাগপালেন্দ্রাদিত্যেতরেঽপরে দশ ॥
অমী সপ্তদশাখ্যকা বিপ্রাঃ সারস্বতোদ্ভবাঃ ।
আগত্যাম্বষ্ঠদেশাত্তে বসন্তি গৌড়মণ্ডলে ॥
রাঢ়ে বঙ্গে বরেন্দ্রে তু দেশান্তরে তথৈব চ ।
দৃশ্যন্তে সাম্প্রতং বৈদ্যে পদ্ধতয়ো হ্যনেকশঃ ॥

বৈদ্যসারস্বতবিপ্রাণাং কুলপদ্ধতীনামুৎপত্তৌ হেতুমাহ ।

সৈনাপত্যায় ধৰ্ম্মার্থং সেনো বাচ্যো বলাধিপঃ ।
দশসংস্কারনৈপুণ্যে দাশ ইতি পুরোধসে ॥
ব্রাহ্মণ্যধৰ্ম্মগুপ্ত্যর্থং গুপ্তঃ স হি প্রকীৰ্ত্তিতঃ ।
বিদ্যাদানেষু নন্দতি তস্মাদ্দত্ত ইতি স্মৃতঃ ॥
দেবাৰ্চ্চনপরস্তস্মাদ্দেবসংজ্ঞা তদাশ্রয়া ।
যাজ্ঞিকানাং চ কর্ত্তৃত্বে কর ইত্যভিধীয়তে ॥

বিগুয়া রাজতে তস্মাৎ স রাজ ইতি চোচ্যতে।
সোমযাগে সুনৈপুণ্যাৎ সোমঃ স উচ্যতে বুধৈঃ ॥
নান্দীমুখেষু নন্দতি ততো নন্দী প্রকীর্ত্তিতঃ।
চন্দতি বিগুয়া সর্ব্বং ততশ্চন্দ্র উদাহৃতঃ ॥
পাঠে ধারককার্য্যার্থং যাজ্যে ধর ইতি স্মৃতঃ।
যজ্ঞকুণ্ডেষু হোতৃত্বে হোতা কুণ্ডোঽভিধীয়তে ॥
ধর্ম্মঃ সুরক্ষিতো যেন স রক্ষিত উদাহৃতঃ।
ইন্দ্রবৎ বহুযষ্টৃত্বাদিন্দ্রঃ স হি সমীরিতঃ ॥
অদিতেঃ সুতপূজনাদাদিত্য ইতি সংজ্ঞিতঃ।
নাগবদনিলাহারান্নাগসংজ্ঞা তদাশ্রয়া ॥
শ্রুতিস্মৃত্যুদিতাচার-পালনাৎ পাল উচ্যতে।
অমীষাং বৈগুনাম্নাং হি হেতবঃ শ্রুতাঃ ॥
নামান্তানি ন হ্যেতানি উপনামানি চৈব হি।
লৌকিকে ব্যবহার্য্যাণি ক্রিয়াকালে ন চৈব তু ॥
ব্রাহ্মণানাং ক্রিয়াকালে শর্ম্মান্তং নাম কেবলম্।
শর্ম্মবদ্ব্রাহ্মণস্য হি নামান্তং শাস্ত্রকল্পিতম্ ॥

রাঢ়ীয়াষ্টক-বৈগুনামাদিস্থানানি।

সেনানাং কাঞ্জিশা, দাশ-গুপ্ত-দত্তোদ্ভবাং ক্রমাৎ।
গোনগরং করঙ্কশ্চ মোরশাসনমেব চ ॥
দেবানাঞ্চ সমল্লাখ্যো রাজানাং মেঢ়শাসনম্।
সোমপদ্ধতিকানাঞ্চ মণিগ্রামস্তথৈব চ ॥
এতানি মূলস্থানানি কথিতানি ভিষগ্বিদা।
রাঢ়ীয়াষ্টক-বৈগুাস্তে যত্র সর্ব্বে প্রতিষ্ঠিতাঃ ॥

কৌলীন্যপ্রবর্ত্তনম্।

পুরা বৈদ্যকুলোদ্ভূতভূশূরেণ মহীভুজা।
ব্যবস্থাপি চ কৌলীন্যং সেনাদিবৈদ্যবংশজে॥
স ভূপঃ কুলসূত্রাণাং রচয়ামাস কারিকাম্।
'ঋষিসূত্র'মিতি নাম্না কবিচন্দ্রেণ মন্ত্রিণা॥
ভিষজাং বংশনির্দ্দেশো বীজিনির্দ্দেশনং তথা।
কুলাচার্য্য-নিয়োগশ্চ কুলশাস্ত্রস্য লেখনম্॥
সর্ব্বং প্রবর্ত্তিতং সেনবল্লালেন মহীভুজা॥
শাস্ত্রমেকং লিলেখ সঃ স্বয়ং বৈদ্যকুলস্য হি।
সারস্বত-কুলানাঞ্চ দীপো নাম চকার চ॥
ভূপেন স্থাপিতং শ্রীমদ্‌বল্লালেন মহাত্মনা।
বিপ্রাদিসর্ব্ববর্ণানাং কৌলীন্যমিতি নিশ্চয়ঃ॥
বিপ্রাদীনান্তু সর্ব্বেষাং সপ্তগ্রামে মহাকুলাঃ।
তেষাং পুণ্যতমাঃ কেচিদ্ গঙ্গাতীরং কৃতাশ্রয়াঃ॥

কুলমাহাত্ম্যং যথা।

যদুক্তং,—

স্বজাত্যাপেক্ষিকঃ স্বীয়জাতিব্যাপ্যো হি যস্য যঃ।
প্রকর্ষস্য বিশেষো হি তস্য তৎকুলমুচ্যতে॥

তথা,—সৎসম্বন্ধপ্রকৃষ্টত্বং পুরুষস্য কুলং মতম্।
অসৎসম্বন্ধতো হ্যেতৎ গুণিনোঽপ্যপগচ্ছতি॥

তদয়ং নিষ্কর্ষঃ।

স্বজাতৌ যঃ সমুৎকর্ষবিশেষঃ সর্ব্বসম্মতঃ।
সদাচারাদিসম্বন্ধহেতুকঃ কুলমুচ্যতে॥

ইতি সারস্বতকুলদীপে।

কুললক্ষণম্ ।

আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনম্ ।
নিষ্ঠা বৃত্তিস্তপোদানং নবধাকুললক্ষণম্ ॥

পদ্যমিদং পৌরাণিকং ঋষিসূত্রধৃতম্ ।

যত আচারমূলা হি কুলীনানাং কুলীনতা ।
তস্মাচ্ছাস্ত্রোদিতাচারঃ পাল্যো যত্নেন পণ্ডিতৈঃ ॥
আচারঃ পরমোধর্ম্ম আচারঃ পরমং তপঃ ।
আচারঃ পরমং জ্ঞান মাচারাৎ কিং ন সাধ্যতে ॥
আচারাল্লভতে হ্যায়ুরাচারাদীপ্সিতাঃ প্রজাঃ ।
আচারাদ্ধনমক্ষয়ং আচারোহন্ত্যলক্ষণম্ ॥
উচ্ছাস্ত্রং শাস্ত্রিতঞ্চৈব পৌরুষং দ্বিবিধং স্মৃতম্ ।
তত্রোচ্ছাস্ত্রমনর্থায় পরমার্থায় চ শাস্ত্রিতম্ ॥
যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্ ॥
তস্মাচ্ছাস্ত্রং প্রমাণন্তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি ॥
শ্রুতিস্মৃতী হরেরাজ্ঞে উল্লঙ্ঘ্য নৈব কর্হিচিৎ ।
আজ্ঞালঙ্ঘী হরেদ্বেষী তদ্ভক্তোঽপি হ্যবৈষ্ণবঃ ॥
ধর্ম্মশাস্ত্রপুরাণানি সাঙ্গবেদশ্চিকিৎসিতম্ ।
আজ্ঞাসিদ্ধানি চত্বারি হন্তব্যানি কদাপি ন ॥
অমৃতা ইতি নাম্না বৈ শাস্ত্রে বেদা প্রকীর্ত্তিতাঃ ।
আয়ুর্ব্বেদোঽমৃতানাং শ্রেষ্ঠোবদতি হি শ্রুতিঃ ॥
শাস্ত্রপ্রমাণতো বিদ্বান্ স্বধর্ম্মে নিবিশেত বৈ ।
স সাধুভির্ব্বহিষ্কার্য্যো নাস্তিকঃ শাস্ত্রনিন্দকঃ ॥

বিশ্বাসো যচ্চ শাস্ত্রেষু তদাস্তিক্যমুদাহৃতম্ ।
তেষু বিশ্বাসরাহিত্যং নাস্তিক্যমিতি নিশ্চিতম্ ॥
শ্রুতিস্মৃত্যুদিতং ধর্ম্মমনুতিষ্ঠন্ হি মানবঃ ।
ইহ কীর্ত্তিমবাপ্নোতি প্রেত্য চানুত্তমং সুখম্ ॥
ধর্ম্মং জিজ্ঞাসমানানাং প্রমাণং পরমং শ্রুতিঃ ।
দ্বিতীয়ং ধর্ম্মশাস্ত্রঞ্চ তৃতীয়ং লোকসংগ্রহঃ ॥
শ্রুতিস্মৃতিপুরাণানাং বিরোধো যত্র দৃশ্যতে ।
তত্র শ্রৌতং প্রমাণং হি তয়োর্দ্বৈধে স্মৃতির্বরা ॥
স্মৃতের্বেদবিরোধে তু পরিত্যাগো যথা ভবেৎ ।
তথৈব লৌকিকং বাক্যং শাস্ত্ররোধে পরিত্যজেৎ ॥
যত্র সাক্ষাদ্ বিধির্নাস্তি নিষেধো ন শ্রুতৌ স্মৃতৌ
দেশলোককুলাচারৈস্তত্র ধর্ম্মো নিরূপ্যতে ॥
দেশলোককুলাচারঃ পরিপাল্যো ভবত্যসৌ ।
অবিরোধী যদাম্নায়ৈরিত্যাহ গৌতমী স্মৃতিঃ ॥
যস্মিন্ দেশে য আচারো ব্যবহারঃ কুলস্থিতিঃ ।
তথৈব পরিপাল্যোঽসৌ যথা বংশমুপাগতঃ ॥
শ্রুতিদ্বৈধস্তু যত্রস্যাত্তত্র ধর্ম্মাবুভৌ স্মৃতৌ ।
তুল্যবলবিরোধে তু বিকল্পো ধর্ম্ম উচ্যতে ॥
স্মৃত্যাদীনাং পরস্পরে ভেদো যত্র তু দৃশ্যতে ।
সাত্ত্বিকাদিবিভেদেন তত্র কার্য্যবিধারণম্ ॥
মধ্যমোরাজসো ধর্ম্মস্তামসস্ত্বধমঃ স্মৃতঃ ।
সাত্ত্বিকস্তূত্তমো জ্ঞেয় স্তস্মাৎ সাত্ত্বিকমাচরেৎ ॥
সাত্ত্বিকৈরেব বর্ত্তেত সাত্ত্বিকোক্তং সমাচরেৎ ।
রাজসং তামসঞ্চৈব দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥

বর্ণাশ্রমে ব্যবস্থিতঃ পুরুষেণ পরঃ পুমান্।
বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যত্তোষকারণম্॥
যঃ স্বাচারপরিভ্রষ্টঃ সাঙ্গবেদান্তগোঽপি চেৎ।
স এব পতিতো জ্ঞেয়ঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ॥
